১৯৬৪-৬৫ মিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন "সমাজকল্যাণ কলেজ " প্রতিষ্ঠা হয় ও স্নাতক পর্যায়ে সমাজকল্যাণ কোর্স চালু করা হয়। ১৯৭২ সালে সমাজকল্যাণ কলেজটি কলা অনুষদের অধীন স্বতন্ত্র বিভাগ সমাজকর্ম চালু হয়।

১৯৯২-৯৩ মিক্ষাবর্ষে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের অধীন স্বতন্ত্র বিভাগ সমাজকর্ম চালু হয়।

১৯৯৮ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সমাজকর্ম বিভাগে স্নাতক , স্নাতক(পাস), স্নাতকোত্তর ডিগ্রি চালু হয়।

লেকচার -৬এর সকল টপিকসমূহ

লেকচার -৬	Social Services outside Social Service Department: BRDB, Family Planning, Youth Welfare, Labour Welfare, Co-operative and Women Welfare Social Work Methods, types and importance of social work methods, interrelatedness of social work methods.

লেকচার – ৬ এর মূল নোট

Social Service programs (USS and RSS in Bangladesh)

- In 1954, Urban Community Development Project was launched in Kayettoly, Dhaka.
- In 1955, formulation of Dhaka Urban Community Development Board
- By the help of this board, UCD was initiated in 1955 (ঢাকা প্রজেক্ট)
- In 1956, Formation of Social Welfare Council
- In 1958, Hospital Social Service was initiated in Dhaka medical college.
- In 1961, Directorate of social Welfare was formed.
- In 1974, Rural Social Service (RSS) was initiated in Bangladesh

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

- In 1974, “”Directorate of social Welfare “”was renamed into **“’Department of Social Welfare”’**
- In 1984, Name of “’Department of Social Welfare” was changed into **’’Department of Social Service (DSS)”’**
- In 1989, “” **Ministry of Social Welfare** “’ started its journey as a unique ministry.
- Some Agencies of Ministry of Social Welfare (National Social Welfare Council-1984, DSS- 1984, National Disability Development Foundation-1999, sheikh jayed Bin Sultan Al-Nahian Trust

Historical Foundation of social welfare in Indo-Pak-Bangladesh sub-continent: Ancient, Medieval and British Period

Ancient, Medieval Period

- At first, social services were based on Hindu rituals and values. Hinduism Buddhism affected much of them. Hindu and Buddhist temple served people by the name of god
- Govt. run Inn, rest house, Charity based medical centre.
- Values and rituals were followed in terms of serving people. Zakat and ziziya tax were allotted to secure social security. Sultans initiated mass welfare programs for poor and destitute.

Social welfare programs in British Period:-

Expansion of Modern Education

- Modern and western education
- Warren Hestings established Calcutta Madrasa in 1781, Sanskrit College in 1782, Royal Asiatic Society of Calcutta in 1784.
- Hindu college and SriRampur college were established by Waren Hestings in 1835.
- Bethune College (school: 1849 , college: 1879) for female education.

Social Reform Movement

- The Bengal Sati Regulation passed on December 4, 1829 by the Then Governor General, Lord Bentinck which banned Sati dah practice led by Raja Rammohan Roy.
- Abolish killing female baby
- Hindu widow Remarriage act -1856 led by Biddyasagor was drafted by Dalhousie and passed by Lord canning.

Social Security

- Provident Fund act- 1923
- Labor compensation act – 1923
- Factory act- ১৯৬৫
- Maternity benefit act- ১৯৩৯

Agriculture and Rural Development

- Building dump
- সমবায় সমিতি আইন -1904
- স্থানীয় স্বায়ত্বশাসন আইন-1937
- Missionary activities

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)/ Bangladesh Rural Development Programs

- বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) গ্রামীণ দরিদ্র জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে স্বাধীনতা পরবর্তী সময় থেকে নিরবিচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে।
- ষাট এর দশকে প্রবর্তিত এবং ব্যাপকভাবে প্রশংসিত 'কুমিল্লা মডেল' বাস্তবায়নের লক্ষ্যে **১৯৭২ সালে সরকার** সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি (আইআরডিপি- Integrated Rural Development Programs) গ্রহণ করা হয়।
- পল্লী উন্নয়নে আইআরডিডিপি'র সফলতা, অবদান ও গুরুত্ব মূল্যায়ন **করে ১৯৮২** সালে এক অধ্যাদেশের মাধ্যমে সরকারি প্রতিষ্ঠান হিসেবে **বিআরডিবি** প্রতিষ্ঠিত হয়।
- পরবর্তীতে **১৯৭৫** সালে মহিলা উন্নয়নের লক্ষ্যে বিশেষ প্রকল্প/কার্যক্রম চালু করা হয়। আশি'র দশকের গোড়ার দিকে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি, আয় বৃদ্ধি ও তাদের আর্থ-সামাজিক জীবন মানের উন্নয়নের প্রতি গুরুত্বারোপ করে দারিদ্র্য বিমোচন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করা হয়।
- বর্তমানে বিআরডিবির মাননীয় উপদেষ্টা -- আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া (স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়)
- মহাপরিচালক -- মোঃ ইসমাইল হোসেন ,সচিব (রুটিন দায়িত্ব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- Undoubtedly The Bangladesh Rural Development Board, or BRDB, is a government agency.

ইতিহাস

দেশের গ্রামীণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের এ সমস্যার সমাধানের জন্য একটি Multi-sectoral ব্যবস্থা খুঁজে বের করার জন্য গবেষকরা কাজ শুরু করেন। এই সমস্ত গবেষণার ফলাফলের উপর ভিত্তি করে ষাট দশকের প্রথম ভাগে ড. আখতার হামিদ খাঁনের নেতৃত্বে কুমিল্লায় তদানীন্তন Pakistan Academy for Rural Development (বর্তমানে BARD) প্রতিষ্ঠা লাভ করে। ড. খাঁন তাঁর গবেষণায় পল্লী উন্নয়নের জন্য সমন্বিত মডেল প্রস্তাব করেন এবং তদানীন্তন BARD এর মাধ্যমে Piloting শুরু করেন যা পল্লী উন্নয়নে 'কুমিল্লা মডেল' নামে সুখ্যাত।

ডঃ আখতার হামিদ খান ও কুমিল্লা মডেল

- ডঃ আখতার হামিদ খান একজন উন্নয়ন কর্মী এবং সমাজ বিজ্ঞানী হিসাবে পরিচিত ছিলেন। তিনি ১৫ জুলাই ১৯১৪ সালে ভারতের আগ্রায় জন্মগ্রহন করেন।
- জনাব খান ১৯৮০ সালে ঔরাঙ্গী পাইলট প্রকল্প নামে তৃণমূল পর্যায়ে কমিউনিটি উন্নয়ন শুরু করেন যা পরবর্তীতে অংশীদারিত্ব উন্নয়ন প্রকল্পের সূচনাপূর্ব হিসাবে বিবেচিত হয়।
- তাঁর বিশেষ অবদান ছিল পল্লী উন্নয়নে ১৯৫৯ সালে সম্বন্বিত প্রকল্প প্রতিষ্ঠা যা 'কুমিল্লা মডেল' হিসাবে সুপরিচিত। 'কুমিল্লা মডেল' এর একটি অন্যতম অঙ্গ ছিল দ্বি-স্তর সমবায় পদ্ধতি যা বর্তমানে বিআরডিবি কর্তক বাস্তবায়িত হচ্ছে ।
- আখতার হামিদ খান ১৯৫৯ সালের ২৭ মে কুমিল্লা জেলায় পাকিস্তান একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট (পার্ড) প্রতিষ্ঠা করেন। এবং এর প্রতিষ্ঠাতা পরিচালক হিসাবে নিয়োগ পান। ১৯৫৯ সলেই তিনি কুমিল্লা সমবায় পইলট প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। জনাব খান কুমিল্লা প্রকল্পে ১৯৭১ সাল পর্যন্ত নিয়োজিত ছিলেন। স্বাধীনতা পরবর্তী সময়ে পার্ড কে বাংলাদেশ একাডেমী ফর রুরাল ডেভেলপমেন্ট (বার্ড) নামে নামকরণ করা হয়।
- পল্লী উন্নয়নে তাঁর এই অবদানের স্বীকৃতি স্বরূপ তিনি র‍্যামন ম্যাগসেসে এওয়ার্ড, জিন্নাহ এওয়ার্ড, নিশান-ই-ইমতিয়াজ এবং সিতারা-ই- ইমতিয়াজ পুরস্কারসহ বিভিন্ন এওয়ার্ড পান। ড. আখতার হামিদ খান ০৯ অক্টোবর ১৯৯৯ সালে মার্কিন যুক্তরাষ্ট্রে মৃত্যুবরণ করেন।

কুমিল্লা মডেলের ৪টি অঙ্গ

কুমিল্লা মডেলের 'ভিশন' ছিল যে, যতক্ষণ গ্রামগুলো তাদের নিজেদের মধ্যে নেতৃত্ব সৃষ্টি করতে না পারছে, ততক্ষণ গ্রামীণ সমাজের ভেতর থেকে পরিবর্তনের কোন তাগিদ সৃষ্টি হবে না। সে লক্ষ্যেই কুমিল্লা মডেলের একটি অন্তর্নিহিত

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লজ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ভিশন ছিল গ্রাম পর্যায়ে নেতৃত্ব সৃষ্টি করা। গ্রাম ভিত্তিক সমবায় সমিতি গঠনের মাধ্যমেই সেটা করা সম্ভব হয়েছে যা আজ সর্বস্বীকৃত। কুমিল্লা মডেলের অঙ্গ চারটি হলো-

1. থানা উন্নয়ন ও প্রশিক্ষণ কেন্দ্র (টিটিডিসি)
2. পল্লী পূর্ত কর্মসূচি
3. থানা সেচ কর্মসূচি ও
4. দ্বি-স্তর সমবায় কাঠামো।

১৯৭০ সন পর্যন্ত পল্লী উন্নয়নে কুমিল্লা মডেল কুমিল্লা জেলার ২০টি থানা এবং জেলার বাইরে ৩টি থানায় Piloting করা হয়।

- ১৯৭১ সনে বাংলাদেশ মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা অর্জনের পর যুদ্ধবিধ্বস্ত দেশ গঠনের লক্ষ্যে কুমিল্লা মডেলের দ্বি-স্তর সমবায় কাঠামোকে জাতীয় পর্যায়ে পল্লী উন্নয়ন কর্মসূচি হিসেবে হাতে নেয়া হয়। সেই থেকেই সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি অর্থাৎ আইআরডিপি'র যাত্রা শুরু।
- ১৯৭১ সনে যাত্রা শুরুর পর এর সফলতা লক্ষ্যে করে পল্লী উন্নয়ন কর্মকান্ড'কে আরও গতিশীল করার জন্য ১৯৭৩ সনে আইআরডিপি'কে **'বাংলাদেশ পল্লী উন্নয়ন সংস্থা'** নামে সরকারের একটি উন্নয়ন সংস্থায় রূপান্তর করা হয়। কিন্তু কুমিল্লা মডেলের একেবারে প্রাথমিক পর্যায়ে এবং আরও অধিকতর Piloting না করে কর্মসূচিটিকে সংস্থায় রূপান্তর করা সমীচীন হবে না মর্মে দাতাদের পরামর্শের ভিত্তিতে ১০ মাস পর বাংলাদেশ পল্লী উন্নয়ন সংস্থা'র বিলুপ্তি ঘটিয়ে পুনরায় আইআরডিপি পুনর্বহাল করা হয়। আইআরডিপি কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের উপর ১৯৮০ সালে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে একটি সমীক্ষা পরিচালিত হয়।

রূপকল্প, অভিলক্ষ্য ও কার্যাবলি

রূপকল্প (Vision):

মানব সংগঠন ভিত্তিক উন্নত পল্লী।

অভিলক্ষ্য (Mission):

স্থানীয় জনগোষ্ঠীকে সংগঠিত করে প্রশিক্ষণ, মূলধন সৃজন, আধুনিক প্রযুক্তি, বিদ্যমান সুযোগ ও সম্পদের সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে আত্মনির্ভরশীল পল্লী।

কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- সদস্যদের আর্থিক সেবাভুক্তি;
- মানব সম্পদ উন্নয়ন;
- কৃষি উৎপাদন বৃদ্ধিতে আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ;
- পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা উন্নয়ন;
- পল্লীর জনগণের কর্মসংস্থান সৃষ্টি।;

সাংগঠনিক কাঠামো

- মহাপরিচালক------প্রশাসনিক প্রধান

তথ্যসূত্র:- [https://brdb.gov.bd]

বাংলাদেশে পরিবার পরিকল্পনা

বাংলাদেশে পারিবার পরিকল্পনা বিষয়ক কাজ সরকারি সংস্থা দ্বারা পরিচালিত হয় এবং বেসরকারি সংস্থাগুলো সরকারের বিভিন্ন কাজের সাথে জড়িত থাকে। বাংলাদেশের পরিবার পরিকল্পনা অধিদপ্তর হচ্ছে একটি সরকারি সংস্থা। **মেরি স্টপস নামে** একটি আন্তর্জাতিক এনজিও বাংলাদেশে পরিবার পরিকল্পনা বিষয়ক সেবা প্রদান করে।

ইতিহাস

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

- বাংলাদেশে ১৯৫০ সালে মেডিকেল স্বেচ্ছাসেবক এবং সমাজ কর্মীদের মধ্যে পরিবার পরিকল্পনার উদ্যোগ শুরু হয়।
- ১৯৬৫ সালে "পাকিস্তান সরকার বাংলাদেশ তথা পূর্ব পাকিস্তানে পরিবার পরিকল্পনা শুরু করে। ১৯৭৬ সালে বাংলাদেশ সরকার জনসংখ্যা বৃদ্ধিকে দেশের ১ নাম্বার সমস্যা বলে ঘোষণা করে। স্বাধীনতার পর থেকেই এখানে ব্যাপক হারে জনসংখ্যা বাড়ছে। উচ্চ জন্মহার, দ্রব্যমূল্যের বৃদ্ধি এবং অধিক মৃত্যুহারের জন্য এখানে জনসংখ্যা বাড়ছিলো।
- ১৯৭৫ সালে এখানে জন্মহার ছিলো ৬.৩%, কিন্তু ২০১১ সালে তা ২.৩% এ চলে যায়। জরিপে দেখা যায় অধিকাংশ মহিলা দুই বা ততোধিক সন্তান জন্ম দিয়ে থাকেন। ইন্টারন্যাশনাল কনফারেন্স অন ফ্যামিলি প্ল্যানিং অনুসারে, ২০১১ সাল পর্যন্ত জন্মহার ২.৩ এ স্থির ছিলো। এমনকি মৃত্যুহারও কমে যায়। বাংলাদেশ ডেমোগ্রাফিক হেলথ সার্ভে অনুসারে ২০১৪ সালে দেখা যায় ১৫ থেকে ১৯ বয়সীদের ৩৩% মেয়ে গর্ভবতী। ৬৬% মহিলা ১৯ বছর বয়সী হওয়ার আগেই প্রথম সন্তান প্রসব করে। বাংলাদেশে পরিবার পরিকল্পনা কার্যক্রমে জাতিসংঘ জনসংখ্যা তহবিল সহায়তা প্রদান করে।

বাল্যবিবাহ

সরকারি হিসাব অনুযায়ী বাংলাদেশের ৬৫% মেয়ের বিয়ে হয় ১৮ বছর বয়স হওয়ার আগেই।বাল্যবিবাহ হওয়া ৬০% দম্পতির বয়স ১৯ হতেই প্রথম সন্তান হয়। ১০ ভাগ দম্পতির ক্ষেত্রে এই বয়স মাত্র ১৫। বাংলাদেশের আইন অনুযায়ী যৌন সম্মতির বয়স ১৪, যদিও বিবাহপূর্বে সকল যৌন কার্যক্রমকে সামাজিক ভাবে সমর্থন দেয় না

গর্ভনিরোধক

বাংলাদেশ সরকারের তথ্য অনুযায়ী দেশে ৪০% দম্পতি কোন ধরনের গর্ভনিরোধক ব্যবহার করে না। গর্ভনিরোধক পদ্ধতির মধ্যে এখানে সবচেয়ে জনপ্রিয় হলো জন্ম নিয়ন্ত্রণ পিল। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বাংলাদেশে গর্ভনিরোধক বিক্রয়ে ভর্তুকি দেয়।জাতীয় শিক্ষা পাঠ্যক্রমে প্রজনন স্বাস্থ্য শেখানো হয় না এবং তা পাঠ্যক্রমের অংশও নয়।-পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ ও গর্ভনিরোধক সরবরাহের জন্য বাংলাদেশ সরকার নারীদের নিয়োগ দেয়। বাংলাদেশে অবৈধ গর্ভপাতের উচ্চ হার রয়েছে এবং গর্ভনিরোধক সামগ্রীর প্রাপ্যতা বৃদ্ধি পেলে তা হ্রাসের সম্ভাবনা রয়েছে।২০১০ সাল থেকে এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড বাংলাদেশে কনডম উৎপাদন শুরু করেছে।

বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি) /Family Planning Association of Bangladesh (FPAB)

এফপিএবি একটি অলাভজনক, অরাজনৈতি, স্বেচ্ছাসেবীমূলক অসরকারী সংস্থা। প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ক্ষেত্রে এফপিএবি এ দেশের পথিকৃত। ১৯৫৩ সালে ২ মার্চ ঢাকা মেডিকেল কলেজের স্ত্রী রোগ বিষয়ের প্রফেসর ডা: হুমায়ের সাইদের নেতুত্বে তদানিন্তন এ দেশের কতিপয় সমাজসেবীর প্রচেষ্টায় এফপিএবি সৃষ্টি হয়। এফপিএবি প্রতিষ্ঠার পর থেকে মরহুম আলমগীর এম এ কবির, অধ্যাপক ডা: মো: ইব্রাহীম, ডা: ক্যাপটেন আবুল কাসেম, ডা: সৈয়দ এ কে এম হাফিজুর রহমান, এম শামসুল ইসলাম, শহীদ মো: ময়েজউদ্দীন, কাজী আনিসরি রহমান, ডা: নিলিমা ইব্রাহীম প্রমুখ অনেক বিশিষ্ট ব্যক্তি এফপিএবি'র কার্যক্রম পরিচালনায় নেতৃত্ব দিয়েছেন।

- জনাব মো. মাসুদুর রহমান এফপিএবি'র বর্তমান সভাপতি। এফপিএবি আন্তর্জাতিক সংস্থা International Planned Parenthood Federation (IPPF) এর সক্রিয় সদস্য।
- ১৯৫৪ সালে IPPF এর স্বীকৃতি লাভের পর থেকে অদ্যাবধি এফপিএবি কর্মদক্ষতার মাধ্যমে তার সদস্যপদ অব্যাহত রেখেছে। IPPF এর বর্তমান সদস্য সংখ্যা ১৮৬টি দেশ।

ভিশনঃ বাংলাদেশের সুবিধাবঞ্চিত মানুষের জীবন যাত্রার মানোন্নয়ন করা।

- (জরুরী পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবা) বিষয়ক হটলাইন—১৬৭৬৭

Youth Welfare in Bangladesh / **বাংলাদেশে যুব কল্যাণ কর্মসূচি**

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লজ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

যুব উন্নয়ন বলতে বোঝানো হয় দিক-নির্দেশনা, শিক্ষা, প্রশিক্ষণ এবং কর্মসংস্থানের মাধ্যমে যুবকল্যাণ সাধন করা। বাংলাদেশের মোট জনসংখ্যার ৩০ শতাংশ যুবা, যাদের বয়স ১৫ হতে ৩০ বছরের মধ্যে। এই শ্রেণিভুক্ত মানুষের প্রায় ৭০ শতাংশ গ্রামে বাস করে।

তবে জাতীয় যুবনীতি ২০১৭ অনুযায়ী যুবাদের বয়স ১৮ হতে ৩৫ বছরের মধ্যে। যুবারা জনসংখ্যার এক কর্মকুশল অংশ এবং সংগঠিত হয়ে তারা সমাজে গুরুত্বপূর্ণ পরিবর্তন আনতে পারে।

- ১৯৭৮ সালে সরকার **যুব উন্নয়ন মন্ত্রণালয়** নামে এক নতুন মন্ত্রণালয় গঠন করে, যা পরে ক্রীড়া মন্ত্রণালয়ের সঙ্গে অঙ্গীভূত হয়েছে।
- **যুব উন্নয়ন অধিদপ্তর** (DYD) ১৯৮০ সালের ডিসেম্বর মাসে গঠন করা হয়, এবং এর কার্যক্রম শুরু হয় ১৯৮১ সালের মার্চ মাসে। এই অধিদপ্তর সরকারের যুব উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে লাভজনক কর্মসংস্থান এবং আয় সৃষ্টির সুযোগ বৃদ্ধির লক্ষ্যে বেকারদের জন্য বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করে আসছে।
- **বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৭৩-৭৮)** যুব উন্নয়নের জন্য সমন্বিত কৌশল গ্রহণ করা হয়েছিল। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় যুবনিবাস এবং যুবকল্যাণ কেন্দ্রের মতো প্রতিষ্ঠানের মাধ্যমে যুবাদের জন্য সীমিত আকারে কিছু সমাজকল্যাণ সেবা প্রদান করা হয়
- **সরকারের যুব উন্নয়ন কার্যক্রম এখন ৪৮৬টি উপজেলায়** বিস্তৃত হয়েছে। DYD গ্রামাঞ্চলের বেকার যুবকদের তথ্যপ্রযুক্তি, পশুপালন, হাঁসমুরগি পালন এবং মৎস্যচাষে আবাসিক প্রশিক্ষণ প্রদান করছে।
- **৬৪টি জেলায় ৩০০'রও অধিক** প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রতিবছর বিভিন্ন পেশায় লক্ষ লক্ষ বেকার যুবককে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। বৃত্তিগুলি হলো: কম্পিউটার প্রযুক্তি, বৈদ্যুতিক তার সংযোগকরণ, রেফ্রিজারেশন, আবাসিক শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, বৈদ্যুতিক উপকরণ মেরামত, প্রভৃতি।
- **যুব উন্নয়ন অধিদপ্তর ১৯৮১ সাল হতে ফেব্রুয়ারি ২০২০ সময়কালে মোট ৬ মিলিয়ন** ৩০ হাজার ৭৬৭ জন যুবক ও যুবমহিলাকে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করেছে। এদের মধ্যে ২.২০ মিলিয়নেরও অধিক আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। [হেলাল উদ্দিন আহমেদ]

তথ্যসূত্র:-বাংলাপিডিয়া

Labour Welfare in Bangladesh/ **বাংলাদেশে শ্রমিক কল্যাণ কর্মসূচি**

বাংলাদেশে সরকারিভাবে শ্রমিকদের কল্যাণে বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হয়েছে। শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন একটি গুরুত্বপূর্ণ শ্রমিক কল্যাণ সংগঠন , যা বিভিন্ন শ্রমিক কল্যাণ কর্মসূচি পরিচালনা করে । এর অধীনে শ্রমিকদের আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান করা হয়।

(০১) Constitutional guarantee of Labour Welfare/ **শ্রমিকদের সাংবিধানিক সুরক্ষা**

Emancipation of peasants and workers (article-14)/কৃষক ও শ্রমিকের মুক্তি

(০২)বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন (সরকারিভাবে)

এটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে একটি প্রতিষ্ঠান, যা বাংলাদেশের শ্রমিকদের সামাজিক, অর্থনৈতিক ও অন্যান্য কল্যাণমূলক সুবিধা প্রদানের জন্য কাজ করে ।

আইন ও ভিত্তি:

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০০৬(সংশোধিত ২০১৩)। এ আইনটি মূলত ১৯৬২ সালে প্রণীত কোম্পানী মুনাফা আইনের সংশোধিত ও আধুনিক সংস্করন।

(০৩)শ্রম আইন:

বাংলাদেশে শ্রম আইন, ২০০৬ (সংশোধিত) অনুযায়ী শ্রমিকদের কর্মঘণ্টা, ওভারটাইম বেতন, চাকরির অবসান ইত্যাদি বিষয়ে নীতিমালা রয়েছে।

(০৪)শ্রম আদালত:

শ্রমিকদের অধিকার ও বিরোধ নিষ্পত্তির জন্য দেশে একাধিক শ্রম আদালত রয়েছে।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

(০৫)শ্রমিক হেল্পলাইন:

শ্রমিকদের জরুরি প্রয়োজনে সাহায্যের জন্য একটি হেল্পলাইন নম্বর (১৬৩৫৭) চালু আছে।

(০৬)১৯৬৫ সালের কারখানা আইন (The Factories Act, 1965)

আইনটি হলো একটি শ্রম আইন যা বাংলাদেশ (তৎকালীন পূর্ব পাকিস্তান) থেকে কার্যকর। এটি মূলত ১৯৩৪ সালের কারখানা আইনের সংশোধিত রূপ, যা পরবর্তীকালে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর সামান্য পরিবর্তন করে বাংলাদেশের জন্য বলবৎ করা হয় এবং এটিই ১৯৬৫ সালের কল-কারখানা আইন হিসেবে পরিচিতি লাভ করে। এই আইনে ১৪ বছরের কম বয়সী শিশুদের কারখানায় নিয়োগ নিষিদ্ধ করা হয়।

(০৭)শ্রমিক ক্ষতিপূরণ আইন, ১৯২৩ (Workmen's Compensation Act of 1923)

শ্রমিক ক্ষতিপূরণ আইন, ১৯২৩ হল একটি ব্রিটিশ-আমলের আইন যা কর্মক্ষেত্রে দুর্ঘটনার ফলে আহত বা নিহত শ্রমিক এবং তাদের নির্ভরশীলদের ক্ষতিপূরণ প্রদান করে। যদিও আইনটি ১৯২৩ সালে প্রণীত হয়েছিল, এর অনেক বিধান বর্তমানে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এ অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে, এটি এখনও শ্রম আইনের একটি গুরুত্বপূর্ণ অংশ যা শ্রমিকদের অধিকার নিশ্চিত করতে সাহায্য করে।

(০৮)মাতৃত্ব কল্যাণ আইন ১৯৩৯ (Maternity Benefit Act, 1939)

মাতৃত্ব কল্যাণ আইন ১৯৩৯ (Maternity Benefit Act, 1939) হল একটি ব্রিটিশ-প্রবর্তিত আইন যা ব্রিটিশ ভারতের শিল্প শ্রমিকদের প্রসূতিকালীন সুবিধা প্রদানের জন্য তৈরি করা হয়েছিল। বর্তমানে বাংলাদেশ ও ভারতে শ্রম আইনগুলোর অধীনে এই আইনের ধারাবাহিকতা রক্ষিত হচ্ছে, যেমন বাংলাদেশে শ্রম আইন, ২০০৬ এবং ভারতে মাতৃত্বকালীন সুবিধা আইন, ২০১৭।

(০৯)শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৯৭৬ সালে স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ, শ্রম ও সমাজ কল্যাণ মন্ত্রণালয় নামেই মূলতঃ এ মন্ত্রণালয়ের যাত্রা শুরু। অতঃপর বিভিন্ন বাস্তবতার আলোকে একাধিকবার নাম পরিবর্তন করে বর্তমানে এটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হিসেবে কাজ করে যাচ্ছে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত শ্রম পরিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরকে অধিদপ্তরে রূপান্তর করে জনবল কাঠামো অনেক বৃদ্ধি করা হয়েছে। তাছাড়া মন্ত্রণালয়ের আওতায় ১টি আপীল ট্রাইব্যুনাল ও ১৩টি শ্রম আদালত, নিম্নতম মজুরী বোর্ড, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন, কেন্দ্রীয় তহবিল পরিচালিত হচ্ছে।(www.mole.com)

Co-operative and Women Welfare/ সমবায় ও নারী কল্যাণ

সমবায় / Co-operative

সমবায় হল একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান যেটি একদল সদস্য তাদের সম্মিলিত কল্যাণের জন্য পরিচালনা করেন। আন্তর্জাতিক সমবায় মৈত্রী (International Co-operative Alliance) তাদের সমবায় পরিচিতি নির্দেশিকাতে সমবায়ের সংজ্ঞা দিয়েছে এই ভাবে যে, সমবায় হল সমমনা মানুষের স্বেচ্ছাসেবামূলক একটি স্বশাসিত সংগঠন যা নিজেদের অর্থ সামাজিক উন্নয়নের জন্য কাজ করে এবং এ লক্ষ্যে অংশীদারিত্বের ভিত্তিতে গণতান্ত্রিকভাবে নিয়ন্ত্রিত ব্যবসা পরিচালনা করে।

ইতিহাস

বর্তমানের সমবায় সমিতির সাংগঠনিক রূপ প্রতিষ্ঠিত হয় ইউরোপের শিল্পবিপ্লবের কিছু পূর্বেই। ১৭৬১ সালে সর্বপ্রথম ফেনউইক উইভারস সোসাইটি গঠন করা হয় স্থানীয় তাঁতীদের ঋণসুবিধা, শিক্ষা ও অভিবাসন সুবিধা দেবার জন্য। পরবর্তীতে শুধু ইংল্যান্ডেই এক হাজারের অধিক সমবায় প্রতিষ্ঠান কর্মকাণ্ড শুরু করে

মূলনীতি

সমবায় সংগঠনগুলো কার্যকর ভাবে ও দক্ষতার সাথে পরিচালনার লক্ষ্যে আন্তজাতিক সমবায় মৈত্রী (International Co-operative Alliance) কর্তৃক সমবায় পরিচিতি নির্দেশিকাতে ৭টি মূলনীতি ঘোষণা করেছে।

1. স্বতঃস্ফূর্ত ও অবাধ সদস্যপদ (Voluntary and open Membership)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

2. সদস্যের গণতান্ত্রিক নিয়ন্ত্রণ (Democratic Member Control)
3. সদস্যের আর্থিক অংশ গ্রহণ (Member Economic Participation)
4. স্বায়ত্বশাসন ও স্বাধীনতা (Autonomy and Independence)
5. শিক্ষা, প্রশিক্ষণ ও তথ্য (Education, Training & Information)
6. আন্তঃসমবায় সহযোগিতা (Co-operation among Co-operative)
7. সামাজিক অঙ্গীকার (Concern for Community)

আইনগত ভিত্তি

বাংলাদেশ

বাংলাদেশের ২০০১ সালে প্রণীত সমবায় আইন/২০০১ (সংশোধিত/২০০২,সংশোধিত/২০১৩)-এর ১৪ ধারা অনুযায়ী সমবায় সমিতিগুলোর স্বতন্ত্র আইনগত ভিত্তি রয়েছে এবং এটি একটি সংবিধিবদ্ধ সংস্থা (Body Coorporate)। এছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩-এর (খ)অনুচ্ছেদে সমবায়কে মালিকানার দ্বিতীয় খাত হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে।

তথ্যসূত্র:

O'Sullivan, Arthur (২০০৩)। Upper Saddle River, New Jersey 07458: Pearson Prentice Hall।

https://www.ica.coop ৪ ফেব্রুয়ারি ২০১২ তারিখে

Women Welfare in Bangladesh/ বাংলাদেশে নারী কল্যাণ কর্মসূচি

(০১) Constitutional guarantee of Women Welfare/নারীদের সাংবিধানিক সুরক্ষা

- **অনুচ্ছেদ-১৯** (সুযোগের সমতা)
- **অনুচ্ছেদ-২৮** (ধর্ম, প্রভৃতি কারণে বৈষম্য)
- **অন্যান্য অনুচ্ছেদসমূহ:**-অনুচ্ছেদ-১৫, অনুচ্ছেদ-১৭ ,অনুচ্ছেদ-২৭ ,অনুচ্ছেদ-২৮, অনুচ্ছেদ-২৯, অনুচ্ছেদ-৩১, অনুচ্ছেদ-৩২ অনুচ্ছেদ-৩৩, অনুচ্ছেদ-৩৪ ,অনুচ্ছেদ-৩৫ ,অনুচ্ছেদ-৩৬ ,অনুচ্ছেদ-৩৭ ,অনুচ্ছেদ-৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২

(০২) জাতীয় নারী উন্নয়ন নীতি- ২০১১

বিভিন্ন কর্মসূচিসমূহ জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১-এর আলোকে বাস্তবায়িত হয় এবং নারী ও শিশু উন্নয়ন বিষয়ক নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা করে।

(০৩) মহিলা বিষয়ক মন্ত্রণালয়

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ইতিহাস

নারী পুর্নবাসন বোর্ড

১৯৭১ সালে মহান স্বাধীনতা যুদ্ধে নির্যাতনের শিকার ও ক্ষতিগ্রস্থ নারীদের পুর্নবাসনের জন্য ১৯৭২ সালের ১৮ ফেব্রুয়ারি বাংলাদেশ নারী পুর্নবাসন বোর্ড গঠন করা হয়।

বাংলাদেশের সংবিধান

তিনি ১৯৭২ সালে বাংলাদেশের সংবিধানে নারী-পুরুষের সমঅধিকার ও সমমর্যাদা প্রতিষ্ঠা এবং জাতীয় জীবনের সর্বস্তরে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা হয়।

বাংলাদেশ নারী পুর্নবাসন ও কল্যাণ ফাউন্ডেশন

১৯৭৪ সালে জাতীয় সংসদে “বাংলাদেশ নারী পুর্নবাসন ও কল্যাণ ফাউন্ডেশন আইন, ১৯৭৪” পাশের মাধ্যমে নারী পুর্নবাসন বোর্ডকে বাংলাদেশ নারী পুর্নবাসন ও কল্যাণ ফাউন্ডেশনে রূপান্তর করা হয়।

মহিলা বিষয়ক পরিদপ্তর

১৯৮২ সালে সরকারের ব্যয় সংকোচন নীতির আলোকে একই ধরণের কর্মসূচীর দ্বৈততা এড়ানোর জন্য প্রশাসনিক পুর্নবিন্যাস কমিটির রিপোর্ট অনুযায়ী-

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

(১) বাংলাদেশ নারী পুর্নবাসন ও কল্যাণ ফাউন্ডেশন,

(২) মহিলা বিষয়ক কোষ ও

(৩) জাতীয় মহিলা উন্নয়ন একাডেমীকে একীভূত করে ২৭-১২-১৯৮৩ তারিখে মহিলা বিষয়ক পরিদপ্তর গঠন করা হয়।

পরিদপ্তরের উদ্দেশ্যঃ -সরকারের মহিলা উন্নয়ন সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ন করা।

বাংলাদেশ নারী পুর্নবাসন ও কল্যাণ ফাউন্ডেশন বিলুপ্ত

বাংলাদেশ নারী পুর্নবাসন ও কল্যাণ ফাউন্ডেশন (রদ) অধ্যাদেশ, ১৯৮৪ এর অনুচ্ছেদ ২(২)অনুযায়ী বাংলাদেশ নারী পুর্নবাসন ও কল্যাণ ফাউন্ডেশন বিলুপ্ত করা হয়।বিলুপ্ত ফাউন্ডেশনের সকল প্রকার দায়-দায়িত্ব মহিলা বিষয়ক পরিদপ্তরের নিকট ন্যস্ত করা হয়।

১৯৮৪ সালে দেশের বৃহত্তর ২২ টি জেলা এবং ১৩৬ টি থানা নিয়ে মহিলা বিষয়ক পরিদপ্তরের কার্যক্রম শুরু হয়। জনবল ছিল ৯৭৭ জন। পরবর্তীতে ১৯৯০ সালের ২৮-০৮-১৯৯০ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক পরিদপ্তরকে মহিলা বিষয়ক অধিদপ্তরে উন্নীত করা হয়।

সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয় গঠন

১৯৮৪ সালে সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয় গঠন করা হয়।

মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের গঠন

১৯৮৯ সালের ৯ নভেম্বর মহিলা বিষয়ক মন্ত্রণালয় গঠন করা হয়।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় গঠন

১৯৯৪ সালের ০৫-০৫-১৯৯৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নামকরণ করা হয়।

(০৪) ৮ মার্চ --আন্তর্জাতিক নারী দিবস,

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৫ এর প্রতিপাদ্য--- "অধিকার, সমতা, ক্ষমতায়ন ,নারী ও কন্যার উন্নয়ন"

(০৫) অন্যান্য আইনসমূহ

- নারী নির্যাতন আইন- ১৯৮৩
- নারী ও শিশু নির্যাতন দমন আইন- ২০০৩
- যৌতুক নিরোধ আইন-১৯৮০
- **বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭**:- বাংলাদেশে বাল্যবিবাহ প্রতিরোধের জন্য একটি গুরুত্বপূর্ণ আইন । এই আইনটি ১৯২৯ সালের আইনকে রহিত করে বর্তমান সময়ের প্রেক্ষিতে প্রণীত হয়।বাল্যবিবাহ নিরোধ আইন, ১৯২৯ (১৯২৯ সালের XIX নং আইন): আইনটি ব্রিটিশ ভারতে বাল্যবিবাহ প্রতিরোধের জন্য প্রথম প্রণীত আইন। এই আইনের মূল লক্ষ্য ছিল নির্দিষ্ট বয়সের নিচে ছেলে-মেয়েদের বিয়ে রোধ করা। আইনটি পুরুষদের জন্য ন্যূনতম বিয়ের বয়স ১৮ বছর এবং নারীদের জন্য ১৪ বছর নির্ধারণ করে, যা পরবর্তীতে সংশোধিত হয়ে পুরুষদের জন্য ২১ বছর এবং নারীদের জন্য ১৮ বছর করা হয়।

(০৬) জাতীয় মহিলা সংস্থা

- ১৯৭২ সালে মুক্তিযুদ্ধে ক্ষতিগ্রস্ত ও নির্যাতিত মহিলাদের পুণর্বাসনের জন্য 'নারী পুণর্বাসন বোর্ড' স্থাপিত হয়। বোর্ডের দায়িত্ব ও কর্মপরিধি বৃদ্ধি পাওয়ায় ১৯৭৪ সালে সংসদের একটি এ্যাক্ট-এর মাধ্যমে এই বোর্ডকে বৃহত্তর কলেবরে পুণর্গঠন করে 'নারী পুর্ণবাসন কল্যাণ ফাউন্ডেশন'-এ উন্নীত করা হয়।
- ১৯৭৪ সালে জাতিসংঘ কর্তৃক 'নারী বর্ষ' ঘোষিত হয় এবং আন্তর্জাতিক নারী দিবস আনুষ্ঠানিক স্বীকৃতি লাভ করে। পরবর্তীতে ১৭ই ফেব্রুয়ারী **১৯৭৬ সালে 'জাতীয় মহিলা সংস্থা'** প্রতিষ্ঠা করা হয়। সংস্থার কার্যক্রমকে অধিকতর ফলপ্রসূ ও জোরদার করার লক্ষ্যে ১৯৯১ সালের ৪ঠা মে তারিখে ৯ নং আইন বলে জাতীয় মহিলা সংস্থাকে একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে রূপদান করা হয়।

যা যা পড়তে হবে:-

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

- বিআরডিবি, এফপিএবি, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা মডেল, ইত্যাদি প্রতিষ্ঠানগুলোর সকল তথ্য তাদের ওয়েবসাইটে দেওয়া আছে।সুতরাং এগুলো ভালোভাবে পড়ে নিতে হবে।
- নারী কল্যাণ বিষয়টি যেহেতু সরকারের ও আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে গুরুত্বপূর্ণ, তাই এগুলো পড়তে হবে।

লেকচার -৭ এর সকল টপিকসমূহ

লেকচার -৭	• Reform movement; meaning and importance, • Some reform movements of the sub-continent- Brahma Samaj, Faraizee Movement, Ram Krishna Mission, Mohammedan Literary Society and Aligarh Movement • Philosophical values of social work, contributions of major religions to the development of modern social work-Islam, Hinduism, Buddhism, and Christianity. • Human Rights and social justice and its relationship with social welfare/social work.

লেকচার - ৭ এর মূল নোট

Reform movement/ সংস্কার আন্দোলন

সংস্কার আন্দোলন (**Reform movement**) বলতে সাধারণত সমাজের প্রচলিত প্রথা, বিশ্বাস বা ব্যবস্থার পরিবর্তন বা উন্নতির জন্য পরিচালিত আন্দোলনকে বোঝায়। এটি ধর্মীয়, সামাজিক বা রাজনৈতিক যে কোনও ক্ষেত্রে হতে পারে। বাংলায়, "সংস্কার" শব্দটি "পুনর্গঠন" বা "উন্নয়ন" এর অর্থেও ব্যবহৃত হয়।

বিভিন্ন প্রেক্ষাপটে "সংস্কার আন্দোলন" শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হতে পারে:

- **ধর্মীয় সংস্কার আন্দোলন:**
  এই ধরনের আন্দোলনে সাধারণত ধর্মের প্রচলিত রীতিনীতি, আচার-অনুষ্ঠান বা বিশ্বাসের পরিবর্তন আনার চেষ্টা করা হয়। যেমন, রাজা রামমোহন রায় -এর ব্রাহ্মসমাজ ছিল একটি ধর্মীয় সংস্কার আন্দোলন, যা হিন্দু ধর্মের কুসংস্কার ও কুপ্রথার বিরুদ্ধে কাজ করেছিল।
- **সামাজিক সংস্কার আন্দোলন:**
  উদাহরণস্বরূপ, সতীদাহ প্রথা বিলোপের জন্য আন্দোলন একটি সামাজিক সংস্কার আন্দোলন ছিল।
- **রাজনৈতিক সংস্কার আন্দোলন:**
  উদাহরণস্বরূপ, -এর কথা বলা যায়, রাষ্ট্র সংস্কার আন্দোলন, যা একটি রাজনৈতিক দল গঠনের মাধ্যমে রাষ্ট্রের বিভিন্ন ক্ষেত্রে সংস্কার আনার চেষ্টা করছে।
- **সাংস্কৃতিক সংস্কার আন্দোলন:**
  এই ধরনের আন্দোলনে সংস্কৃতির বিভিন্ন দিক, যেমন ভাষা, সাহিত্য, শিল্পকলা ইত্যাদিতে পরিবর্তন আনার চেষ্টা করা হয়

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

মার্টিন লুথার:

- ১৬শ শতাব্দীতে জার্মানির এই ধর্মযাজক ও অধ্যাপক ক্যাথলিক চার্চের সংস্কারের জন্য আন্দোলন শুরু করেন এবং প্রোটেস্ট্যান্ট আন্দোলনের সূচনা করেন।
- খ্রিস্টধর্মের সংস্কার আন্দোলনের প্রবক্তা ছিলেন মার্টিন লুথার, আর ঊনবিংশ শতাব্দীর ভারতে সামাজিক ও ধর্মীয় সংস্কার আন্দোলনের প্রবক্তাদের মধ্যে অন্যতম ছিলেন এবং খ্রিস্টধর্মের সংস্কার আন্দোলন(Reformation)
- ভারতের সামাজিক ও ধর্মীয় সংস্কার আন্দোলন (ঊনবিংশ শতাব্দী)

হেনরি লুই ডিরোজিও:

১৮২০ সালের দিকে কলকাতায় সামাজিক ও ধর্মীয় সংস্কার আন্দোলন শুরু করেন এবং ইয়াং বেঙ্গল আন্দোলনের প্রবক্তা ছিলেন, যা ভারতীয় সমাজে আলোড়ন সৃষ্টি করে।

রাজা রামমোহন রায়:

তিনি ছিলেন ভারতীয় নবজাগরণ ও সংস্কার আন্দোলনের অন্যতম পুরোধা এবং ডিরোজিওর যোগ্য উত্তরসূরি হিসেবে পরিচিত

Some reform movements of the sub-continent- Brahma Samaj, Faraizee Movement, Ram Krishna Mission, Mohammedan Literary Society and Aligarh Movement

Brahma Samaj /**ব্রাহ্ম সমাজ**

ব্রাহ্মসমাজ বা **ব্রাহ্মসভা** উনবিংশ শতাব্দীতে স্থাপিত এক সামাজিক ও ধর্মীয় আন্দোলন যা বাংলার পূনর্জাগরণের পুরোধা হিসেবে পরিচিত। কলকাতায় ২০ আগস্ট, ১৮২৮ সালে (৬ ভাদ্র ১২৩৫ বঙ্গাব্দ) হিন্দুধর্ম সংস্কারক রাজা রাম মোহন রায় (১৭৭২-১৮৩৩) ও তাঁর বন্ধুবর্গ মিলে এক সার্বজনীন উপাসনার মাধ্যমে ব্রাহ্মসমাজ শুরু করেন। তাঁদের উপাস্য ছিল "নিরাকার ব্রহ্ম", তাই থেকেই নিজেদের ধর্মের নাম রাখেন ব্রাহ্ম। ১৮৩০ খ্রিস্টাব্দে ব্রাহ্মসভা থেকে ব্রাহ্মসমাজ নামকরণ করা হয় ।

ইতিহাস

ব্রাহ্মসভা

১৮৩৩ সালে ইংল্যান্ডে রামমোহন রায় মারা যাওয়ার পর ধর্মীয় সংস্কার আন্দোলনটি বাধার সম্মুখীন হয়। রামমোহনের ঘনিষ্ঠ বন্ধু ও সহযোগী দ্বারকানাথ ঠাকুর (১৭৯৪-১৮৪৬) পুত্র দেবেন্দ্রনাথ ঠাকুর" (১৮১৭-১৯০৫) কাজটি হাতে নেন। তার নেতৃত্বে ব্রাহ্ম সমাজ আন্দোলনটি নতুন মাত্রা ও বৈশিষ্ট্য পরিগ্রহ করে।

তিনি ১৮৩৯ সালে তত্ত্বোবোধিনী সভা নামে একটি সমিতি প্রতিষ্ঠা করেন যা এই নতুন ধর্মমত প্রচারে ভীষণভাবে সচেষ্ট হয়। তিনি তত্ত্বোবোধিনী পত্রিকা নামে একটি সংবাদপত্রও প্রকাশ করেন যেটি এ নতুন ধর্মবিশ্বাস প্রচারের সঙ্গে সঙ্গে সামাজিক সংস্কার সাধনের পক্ষেও জনমত গড়ে তোলে। এ সময়ে হিন্দুধর্মের বিপক্ষে খ্রিষ্টান ধর্ম প্রচারকদের অত্যধিক আক্রমণাত্মক প্রচারণা চলছিল। ব্রাহ্ম সমাজের মধ্য থেকে আমূল সংস্কারের সমর্থক শ্রেণীটি বেদ যে অভ্রান্ত এ বিষয়টি নিয়ে প্রশ্ন তুলতে শুরু করে। এঁদের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ছিলেন অক্ষয়কুমার দত্ত" (১৮২০-১৮৮৬)। ঐ সময় পর্যন্ত বেদ যে অভ্রান্ত সেটা ব্রাহ্ম ধর্মীয় বিশ্বাসের অবিচ্ছেদ্য অংশ বলে বিবেচিত হতো।

১৮৪৭ সালের দিকে পুঙ্খানুপুঙ্খ সমীক্ষার পর ব্রাহ্ম নেতৃবৃন্দের মনে দৃঢ়প্রত্যয় জন্মে যে, বেদের অভ্রান্ততার মতবাদ আর গ্রহণযোগ্য নয়। তাই একেশ্বরবাদী ধারণা সংবলিত উপনিষদের নির্বাচিত অংশসমূহের ওপর ভিত্তি করে ব্রাহ্ম ধর্মবিশ্বাস পুনর্নির্মাণের প্রচেষ্টা নেওয়া হয়। ব্রাহ্ম সমাজের সংশোধিত মতবাদটি ১৮৫০ সালে ব্রাহ্মধর্ম' অথবা 'এক সত্য ঈশ্বরের পূজারীদের ধর্ম' নামে পুস্তকাকারে প্রকাশিত হয়। এটা উল্লেখ করতে হয় যে, যদিও বেদকে অস্বীকার করা হয়। তবুও ব্রাহ্ম আন্দোলনের অপরিহার্য হিন্দু চরিত্র ধরে রাখা হয়।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

রাজা রামমোহন রায়ের মৃত্যুর পর অনেকটা মৃতপ্রায় ব্রাহ্ম সমাজে দেবেন্দ্রনাথ নতুন জীবনের সূচনা করেন। কেশবচন্দ্র সেন (১৮৩৮-১৮৮৪) প্রগতিশীল নেতৃত্বে আন্দোলনটি আরও ব্যাপক ভিত্তি লাভ করে। তিনি ১৮৫৭ সালে ব্রাহ্ম সমাজে যোগদান করেন এবং এক বছরের মধ্যে দেবেন্দ্রনাথের ডান হাতে পরিণত হন। কিন্তু প্রধানত বর্ণপ্রথা পালন ও সামাজিক সংস্কারসমূহকে কেন্দ্র করে তাদের দুজনের মধ্যে মতপার্থক্য দেখা দেয়। যেখানে দেবেন্দ্রনাথের পদ্ধতি ছিল কিছুটা রক্ষণশীল, সেখানে কেশবচন্দ্র সেন জাতিভেদ প্রথা পুরোপুরি বিলোপ করার পক্ষে মত প্রকাশ করেন এবং সমাজ সংস্কার সাধনের উদ্দেশ্যে সক্রিয়ভাবে এগিয়ে যান, বিশেষত স্ত্রীশিক্ষা ও নারীমুক্তি আন্দোলনে। ১৮৬৬ সালে কেশবচন্দ্র সেন ভারতবর্ষীয় ব্রাহ্ম সমাজ নামে একটি নতুন সংগঠন গড়ে তোলেন।

দেবেন্দ্রনাথ ঠাকুরের নেতৃত্বে অন্য সংগঠনটি আদি ব্রাহ্মসমাজ নামে পরিচিতি লাভ করে। মুম্বাই, চেন্নাই ও অন্যান্য স্থানে বক্তৃতা-সফরের মাধ্যমে কেশবচন্দ্র সেন ভারতের বৃহৎ অংশব্যাপী ব্রাহ্ম সমাজের বাণী ছড়িয়ে দেন। প্রধানত তিনি উদ্যোগ গ্রহণ করার ফলে ১৮৭২ সালে সিভিল বিবাহ আইন পাস হয়। এটি ধর্মীয় আচারাদি পালন ব্যতিরেকে অযাজকীয় বিবাহ অনুষ্ঠানের বিধান প্রবর্তন করে। আইনটি একবিবাহকেও বাধ্যতামূলক করে এবং কনে ও বরের বয়সের নিম্নসীমাও যথাক্রমে ১৪ ও ১৮ বছরে নির্ধারিত করে দেয়।

ব্রাহ্মসমাজের বিভাগসমূহ

আদি ব্রাহ্মসমাজ

সাধারন ব্রাহ্মসমাজ

সমাজ সংস্কারে ব্রাহ্মসমাজের কর্মসূচিসমূহ

ব্রাহ্ম সমাজের কর্মসূচির মধ্যে রয়েছে একেশ্বরবাদের উপাসনা, মূর্তি ও দেবদেবীর পূজা বর্জন, জাতিভেদ প্রথা বিলোপ, স্ত্রীশিক্ষা ও নারীমুক্তি আন্দোলন, এবং সামাজিক কুপ্রথা বিলোপের (যেমন - বহুবিবাহ, বাল্যবিবাহ) পক্ষে কাজ করা। এছাড়াও, শীতকালে বস্ত্র বিতরণ, অসুস্থদের জন্য চিকিৎসার ব্যবস্থা, এবং বছরে নির্দিষ্ট কিছু তারিখে উৎসব পালন করা হয়। ব্রাহ্ম সমাজের কর্মসূচির মূল দিকগুলো নিম্নরূপ:-

(০১) ধর্মীয় কর্মসূচি:

একেশ্বরবাদ ও নিরাকার ব্রহ্মের উপাসনা: মূর্তি ও দেবদেবীর পূজা বর্জন করে নিরাকার ব্রহ্মের উপাসনা করা হয়।

সকল ধর্মের সমন্বয়: ব্রাহ্ম সমাজের উপাসনালয়ে বেদের পাশাপাশি কোরআন, ত্রিপিটক, বাইবেল ইত্যাদি ধর্মগ্রন্থ পাঠ করা হয়।

উৎসবে ধর্মগ্রন্থ পাঠ: বিশেষ কিছু দিনে, যেমন মন্দিরের প্রতিষ্ঠাবার্ষিকীতে (১১ মাঘ), বেদের সাথে অন্যান্য ধর্মগ্রন্থও পাঠ করা হয়।

(০২) সামাজিক কর্মসূচি:

জাতিভেদ প্রথা বিলোপ: জাতিভেদ প্রথা সম্পূর্ণভাবে বিলোপ করার পক্ষে মত প্রকাশ করা হয়।

স্ত্রীশিক্ষা ও নারীমুক্তি: নারী শিক্ষা ও নারী মুক্তির জন্য আন্দোলন ও প্রচার কার্যক্রম পরিচালনা করা হয়।

কুপ্রথা বিলোপ: বহুবিবাহ, বাল্যবিবাহ, ও অন্যান্য সামাজিক কুপ্রথা দূরীকরণে সক্রিয় ভূমিকা পালন করা হয়।

সমাজসেবা: শীতকালে দরিদ্রদের মধ্যে বস্ত্র বিতরণ এবং অসুস্থদের জন্য চিকিৎসার ব্যবস্থা করা হয়।

(০৩) শিক্ষামূলক ও অন্যান্য কর্মসূচি:

জ্ঞানার্জন ও পুনর্জাগরণ: শিক্ষামূলক প্রচারণার মাধ্যমে সমাজে জ্ঞানার্জনের চেতনা সৃষ্টি করা হয়।

উৎসব ও আলোচনা: বছরে ৬ থেকে ৭টি উৎসব আয়োজন করা হয়, যেখানে ধর্মীয় ও সামাজিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও কার্যক্রম পরিচালিত হয়।

ফরায়েজি আন্দোলন/(Faraizee Movement)

ফরায়েজি আন্দোলন হলো একটি ধর্মীয় ও রাজনৈতিক আন্দোলন ১৯ শতকের প্রথম দিকে সূচিত হয়েছিল। ফরায়েজি আন্দোলনের মুখপাত্র ছিলেন বিখ্যাত সমাজ সংস্কারক হাজী শরীয়তুল্লাহ । ইসলামে অবশ্য করণীয় কাজকে বলে 'ফরজ'।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

এই 'ফরজ' শব্দ থেকেই 'ফরায়েজি' এসেছে। ফরায়েজী আন্দোলন ধর্মীয় সংস্কারের উদ্দেশ্যে সূচিত হলেও পরবর্তীতে এটি কৃষকদের আন্দোলনে রূপ লাভ করে।হাজী শরীয়তুল্লাহ ফরিদপুর জেলা ও তার আশে পাশের অঞ্চলে সংগঠিত এই আন্দোলনের নেতৃত্ব দেন। ধর্মীয় সংস্কারের পাশপাশি কৃষকদের জমিদার, নীলকরদের অত্যাচার ও শোষণ হতে মুক্ত করা ছিল এই আন্দোলনের লক্ষ্য। হাজী শরিয়তুল্লাহ-র মৃত্যুর পর তার পুত্র দুদু মিয়া এই আন্দোলনের নেতৃত্ব দেন।

হাজী শরীয়তুল্লাহ (১৭৮১-১৮৪০ধর্মীয় সংস্কারক, নীলকর ও সামন্তবাদ বিরোধী নেতা এবং ভারতবর্ষে সংঘটিত ফরায়েজি আন্দোলনের মুখপাত্র। শরীয়তুল্লাহর জন্ম তৎকালীন ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি শাসনাধীন বেঙ্গল প্রেসিডেন্সির ফরিদপুর জেলার চর শামাইল গ্রামের এক দরিদ্র তালুকদার পরিবারে। ছেলেবেলায় তিনি বাড়ি থেকে পালিয়ে চলে আসেন কলকাতায় । তিনি তার গুরু মওলানা বাশারত আলীর সাথে ১৭৯৯ খ্রিষ্টাব্দে মক্কায় হজের উদ্দেশ্যে গমন করেন, এবং ১৮১৮ খ্রিষ্টাব্দে সেখান থেকে দেশে ফিরে আসেন। তিনি আরবি ভাষায় পণ্ডিত ছিলেন।

মক্কা অবস্থান কালে হাজী শরীয়তুল্লাহ ওয়াহাবি আন্দোলন প্রত্যক্ষ করেন। মক্কায় তিনি ওয়াহাবী আন্দোলনের নেতা শাহ ওয়ালিউল্লাহ দেহলভী এবং সৈয়দ আহমদ বেরলভী চিন্তাধারা দ্বারা অনুপ্রাণিত হন। মক্কায় থাকাকালীন সময়ে তিনি সংকল্পবদ্ধ হন যে, দেশে ফিরে তিনি সমাজ সংস্কারে মনোযোগী হবেন তিনি বুঝতে পারেন যে, বাংলার মুসলমানরা প্রকৃত ইসলাম থেকে অনেক দূরে সরে এসে পড়েছে। তাই দেশের ফিরে এসে তিনি মুসলমান সমাজকে কুসংস্কারমুক্ত করার পদক্ষেপ গ্রহণ করেন। এই কারণে তিনি ফরায়েজি আন্দোলন শুরু করেন। তিনি দুই রকম পাপ থেকে মুসলমানদের বিরত থাকার কথা বলেন। প্রথমটি ' শিরক' আর দ্বিতীয়টি হলো 'বেদাত'। এই লক্ষ্যে তিনি **মুসলমানদের দুই দফা** নির্দেশ দেন:-

(১) **আত্মবিশ্বাস জাগ্রতকরণ** : এই আন্দোলনের মূল লক্ষ্য ছিল মুসলমানদের মধ্যে আত্মবিশ্বাস জাগ্রত করা। কারণ সে সময়ের মুসলমান সমাজ প্রবর্তিত পীর পূজা,কবর পূজা, মনসা , শীতলা পূজা ইত্যাদি নানা ধরনের অনৈসলামিক কর্মকাণ্ড দ্বারা গোটা বাংলার মুসলমান সমাজকে আচ্ছন্ন করে রেখেছিল। মুসলমানদের জীবন ব্যবস্থা থেকে ধর্মীয় অনাচার ও কুসংস্কার গুলো বিদূরিত করে কুরআন ও সুন্নাহ মতে জীবন যাপনে উদ্বুদ্ধ করা এবং ইসলামের " ফরজ” কাজ গুলো অবশ্যম্ভাবী পালন করার উদাত্ত আহ্বান জানান। আর এই "ফরজ" কথাটি থেকেই ফরায়েজি শব্দটি এসেছে।

(২)**মুসলমানদের মধ্যে রাজনৈতিক চেতনার বিস্তার ও অর্থনৈতিক দিকনির্দেশনা:** তিনিই প্রথম রাজনৈতিক দূরবীক্ষণ দ্বারা অনুভব করেছিলেন যে, ভারতবর্ষ থেকে ব্রিটিশ শাসনের অবসান ছাড়া ভারতবর্ষের জনগণের মুক্তি অসম্ভব। আর এজন্য তিনি দরিদ্র কৃষক,তাতি শোষক শ্রেণীকে মহাজন,জমিদার নীলকর বণিকদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান এবং আরবের ওয়াহাবী আন্দোলনের আদলে ফরায়েজি আন্দোলন শুরু করেন। নীলকর ও অত্যাচারী জমিদারদের বিরুদ্ধে প্রচার চালাতেন। একারণে রক্ষণশীল ধনী মুসলমানগনেরা তাকে ঢাকা থেকে বিতাড়িত করে। ফরিদপুর ও ঢাকা জেলার অসংখ্য কৃষক তার শিষ্যত্ব গ্রহণ করেছিল। তার ছেলে দুদু মিয়া একজন ঐতিহাসিক যোদ্ধা ও ফরায়েজি আন্দোলন শ্রেষ্ঠ ব্যক্তিত্ব।তিনি নীলকরদের বিরুদ্ধে যুদ্ধ করে ব্রিটিশদের তাড়ানোতে ভূমিকা রেখেছিলেন।

আন্দোলনের লক্ষ্য

ফরায়েজি আন্দোলন ছিল ব্রিটিশ আমলে বাংলার ধর্মীয় আন্দোলন গুলোর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ, যা পরে অর্থনৈতিক ও রাজনৈতিক রূপ পরিগ্রহ করে। বাংলায় ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি" শাসন প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই মুসলমানদের অর্থনৈতিক ও সামাজিক বিপর্যয় ঘটে। শিক্ষা, সংস্কৃতি , চাকরি, জমিদারি প্রভৃতি ক্ষেত্রে ব্যাপক বৈষম্যের শিকার মুসলমানদের আত্মসচেতনতা সৃষ্টি ও ধর্মীয় বিষয়গুলো ঠিকমতো পালন করানোর লক্ষ্যে হাজী শরীয়তুল্লাহ **ফরায়েজি আন্দোলন** শুরু করেন।

সম্মাননা

শরীয়তুল্লাহ'র নামানুসারে বাংলাদেশের শরীয়তপুর জেলার নামকরণ করা হয়েছে।

এছাড়াও তার নামে মাদারীপুরের শিবচরে আড়িয়াল খাঁ নদের উপরে নির্মিত সেতুটির নাম করণ করা হয়েছে **হাজী শরীয়তউল্লাহ সেতু** যা ৪৫০ মিটার দীর্ঘ।

১০ মার্চ ১৯৯৩ সালে তার নামে বাংলাদেশ ডাক বিভাগ ডাকটিকিট বের করে। তার জীবনী একটি চলচ্চিত্র নির্মাণ হয় এতে শরিয়তুল্লাহ চরিত্রে অভিনয় করেন ইলিয়াস কাঞ্চন।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

মৃত্যু

হাজী শরীয়ত উল্লাহ ১৮৪০ সালে বৃহত্তর ফরিদপুর জেলার বর্তমানে মাদারীপুর জেলার শিবচর উপজেলার বাহাদুরপুর গ্রামে মৃত্যুবরণ করেন। তাঁর মৃতদেহ জন্মস্থান চর শামাইলে সমাহিত করা হয়। আড়িয়াল খা নদীর ভাঙ্গনের ফলে হাজী শরীয়ত উল্লাহর কবর নদীর গর্ভে বিলীন হয়ে যায়। তবে বাহদুরপুর মাদ্রাসা-মসজিদ প্রাঙ্গনে পারিবারিক কবরস্থানে পুত্র দুদু মিয়াসহ অন্যান্যদের কবর রয়েছে।

রামকৃষ্ণ মিশন/ Ram Krishna Mission

রামকৃষ্ণ মিশন হল একটি ধর্মীয় সংগঠন। এই সংগঠন **রামকৃষ্ণ আন্দোলন** বা **বেদান্ত আন্দোলন** নামক বিশ্বব্যাপী আধ্যাত্মিক আন্দোলনের প্রধান প্রবক্তা। এটি একটি জনকল্যাণমূলক স্বেচ্ছাসেবী সংগঠন। ১৮৯৭ সালের ১ মে রামকৃষ্ণ পরমহংস প্রধান শিষ্য স্বামী বিবেকানন্দ রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা করেন। মিশন স্বাস্থ্য পরিষেবা, প্রাকৃতিক দুর্যোগে ত্রাণকার্য, গ্রামোন্নয়ন, আদিবাসী কল্যাণ, বুনিয়াদি ও উচ্চশিক্ষা এবং সংস্কৃতির প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণকরেছে। এটি শতাধিক সংঘবদ্ধ সন্ন্যাসী ও সহস্রাধিক গৃহস্থ শিষ্যের একটি যৌথ উদ্যোগ। রামকৃষ্ণ মিশন কর্মযোগের ভিত্তিতে কাজকর্ম চালায়। রামকৃষ্ণ মিশনের প্রধান কার্যালয় ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের রাজধানী কলকাতার নিকটবর্তী হাওড়া জেলায় বেলুড় মঠ অবস্থিত। এই সংগঠন প্রাচীন হিন্দু দর্শন বেদান্তের অনুগামী। এটি সন্ন্যাসী সংগঠন রামকৃষ্ণ মঠ কর্তৃক অনুমোদিত। রামকৃষ্ণ মঠের সদস্যরা রামকৃষ্ণ মিশনেরও সদস্য।

ইতিহাস

বিশ্বধর্ম মহাসভায় শ্রীরামকৃষ্ণকে কেন্দ্র করে, নিষ্কামভাবে ঈশ্বরজ্ঞানে মানবসেবাকেও জপ, ধ্যান প্রভৃতির মতোই ধর্ম-সাধনার একটি অঙ্গরূপে গ্রহণ করে শ্রীরামকৃষ্ণের অভিপ্রেত যে সন্ন্যাসী সজ্ঘ গড়ে উঠেছিল, তাকে সুপ্রতিষ্ঠিত ও সুনিয়ন্ত্রিত করার জন্য স্বামী বিবেকানন্দ ১৮৯৭ খ্রিস্টাব্দের ১লা মে *রামকৃষ্ণ মিশন* নামে প্রথমে এক সাধারণ সমিতি গঠন করেন। এই মিশনের প্রধান উদ্দেশ্য হল- যে বেদান্তধর্ম শ্রীরামকৃষ্ণের জীবন ও শিক্ষার আলোকে উদ্ভাসিত, তদনুযায়ী জীবনগঠন ও তাহার প্রচার করা; বিভিন্ন ধর্মের মধ্যে সৌহার্দ্য স্থাপন করা; জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে দুস্থ মানবের সেবা করা।

ক্রিয়াকলাপ

মিশনের প্রধান কর্মীরা হলেন সন্ন্যাসীরা মিশনের কার্যক্রম নিম্নলিখিত ক্ষেত্রগুলিকে অন্তর্ভুক্ত করে:

শিক্ষা

স্বাস্থ্যসেবা

সাংস্কৃতিক কার্যক্রম

গ্রামীণ উন্নয়ন

উপজাতি কল্যাণ

যুব আন্দোলন, আধ্যাত্মিক শিক্ষা

Mohammedan Literary Society/মোহামেডান লিটারেরি সোসাইটি

মোহামেডান লিটারেরি সোসাইটি একটি সামাজিক সংগঠন। ১৮৬৩ সালে নওয়াব আবদুল লতিফ কর্তৃক কলকাতায় প্রতিষ্ঠিত। সোসাইটির সেক্রেটারি আবদুল লতিফের কলকাতার ১৬ নং তালতলার বাসভবনে সোসাইটির সদর দপ্তর ছিল। মোহামেডান লিটারেরি সোসাইটির ব্যবস্থাপনা কমিটির সভাপতি ছিলেন মহীশূরের প্রিন্স মুহম্মদ রহিমুদ্দীন এবং সহ-সভাপতি ছিলেন অযোধ্যার প্রিন্স মির্জা জাহান কাদের বাহাদুর ও মহীশূরের প্রিন্স মুহম্মদ নাসিরুদ্দীন হায়দার। কমিটির মোট ১২ জন সদস্যের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন অযোধ্যার প্রিন্স মির্জা আসমান জাহ বাহাদুর ও প্রিন্স মুহম্মদ জাহ আলী বাহাদুর এবং মহীশূরের প্রিন্স মুহম্মদ হরমুজ শাহ ও প্রিন্স মুহম্মদ বখতিয়ার শাহ। বাংলার ছোটলাটকে সোসাইটির পৃষ্ঠপোষক করা হয়েছিল। সমগ্র ভারতবর্ষের পাঁচ শতেরও বেশি মুসলমান সোসাইটির সাধারণ সদস্যভুক্ত ছিল। সোসাইটির মাসিক সভার কার্যক্রম উর্দু, ফারসি, আরবি ও ইংরেজি ভাষায় পরিচালিত হতো।

নওয়াব আবদুল লতিফ এর ভাষায় 'মুসলমানদের ইংরেজি ভাষার মাধ্যমে আধুনিক পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত করা এবং সামাজিক আচরণ ও আদান-প্রদানে শিক্ষিত হিন্দু ও ইংরেজদের সমকক্ষ করে তোলাই ছিল সোসাইটি প্রতিষ্ঠার

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লজ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

উদ্দেশ্য। এ উদ্দেশ্যে তিনি বিজ্ঞান, কলা ও চলমান সমস্যা সংক্রান্ত এবং মুসলমানদের মধ্যে শিক্ষার প্রসারের উপায় উদ্ভাবনের জন্য আলোচনা সভার আয়োজন করেন।

মোহামেডান লিটারেরি সোসাইটির প্রথম সভা কলকাতার ১৬নং তালতলায় অনুষ্ঠিত হয়। মৌলভী মুহম্মদ ওয়াজির এ সভায় সভাপতিত্ব করেন। বিভিন্ন বিষয় ও সমস্যা সম্পর্কে মতবিনিময়ই ছিল এ ধরনের নিয়মিত সভার প্রধান বৈশিষ্ট্য। বছরে একবার কলকাতা টাউন হলে সোসাইটির সদস্যদের পান্ডিত্যপূর্ণ সান্ধ্য আলোচনাসভা অনুষ্ঠিত হতো। কলকাতা শহরের দেশী-বিদেশী প্রখ্যাত বৈজ্ঞানিক ও জ্ঞানী-গুণীরা এই অনুষ্ঠানে আকর্ষণীয় বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা প্রদর্শন করতেন।

১৮৬৫ সালে কলকাতা টাউন হলে সোসাইটির এক জনাকীর্ণ সমাবেশ অনুষ্ঠিত হয়। বাংলার ছোটলাট এই সভায় প্রধান অতিথি ছিলেন। মুসলমান, হিন্দু, খ্রিস্টান ও ইহুদীদের মধ্য থেকে প্রায় দুই হাজার প্রতিনিধি এই সমাবেশে অংশ গ্রহণ করেন। মোহামেডান লিটারেরি সোসাইটি এভাবে প্রখ্যাত পন্ডিত ও জ্ঞানী-গুণীদের মিলন কেন্দ্রে পরিণত হয়।

নওয়াব আবদুল লতিফ এই সোসাইটির মাধ্যমে মুসলমানদের মৌলিক সমস্যাবলির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতেন। মুসলমানদের মধ্যে উচ্চ শিক্ষার প্রসার এবং মোহসীন ফান্ড এর টাকা কেবলমাত্র মুসলমানদের শিক্ষার কাজে ব্যয় করার সরকারি সিদ্ধান্ত মোহামেডান লিটারারি সোসাইটির উল্লেখযোগ্য সাফল্য।

নওয়াব আবদুল লতিফ নিরলস প্রচেষ্টার দ্বারা মোহামেডান লিটারেরি সোসাইটিকে মুসলমানদের সামাজিক, সাংস্কৃতিক ও বুদ্ধিবৃত্তিক অগ্রগতি অর্জনের ফোরাম হিসেবে গড়ে তোলেন। 'মুসলিম ইনস্টিটিউট অব ক্যালকাটা' নামে মোহামেডান লিটারেরি সোসাইটি মুসলমানদের সর্বাধিক গুরুত্বপূর্ণ স্নায়ুকেন্দ্র হিসেবে ১৯৩০ সাল পর্যন্ত টিকে ছিল। [বাংলাপিডিয়া]

মূল কর্মসূচী:

আধুনিক শিক্ষা: মুসলিম যুবকদের ইংরেজি ভাষায় আধুনিক শিক্ষা ও জ্ঞান-বিজ্ঞানে শিক্ষিত করে তোলা।

প্রতিযোগিতামূলক দক্ষতা:

মুসলিমদের তাদের হিন্দু ও ইংরেজ সহপাঠীদের সাথে শিক্ষাগত ও সামাজিক ক্ষেত্রে প্রতিযোগিতা করার যোগ্য করে তোলা।

পারস্পরিক কল্যাণ: শিক্ষিত মুসলমান, হিন্দু ও ইংরেজদের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তুলে পারস্পরিক কল্যাণ নিশ্চিত করা।

জনমত গঠন: আধুনিক জ্ঞান-বিজ্ঞানের পক্ষে জনমত গড়ে তোলা এবং সমাজে এর প্রসার ঘটানো।

সভা ও আলোচনা: সোসাইটির মাসিক সভাগুলিতে উর্দু, ফারসি, আরবি ও ইংরেজি ভাষায় আলোচনা পরিচালনা করা হতো।

Aligarh Movement/আলীগড় আন্দোলন

আলীগড় আন্দোলন ছিল ব্রিটিশ ভারতে মুসলিমদের মধ্যে আধুনিক শিক্ষা ও সাংস্কৃতিক পুনরুজ্জীবনের একটি প্রয়াস, যা ১৯ শতকের শেষ দিকে স্যার সৈয়দ আহমেদ খান (Sir Syed Ahmed Khan) দ্বারা পরিচালিত হয়েছিল। এই আন্দোলনের কেন্দ্র ছিল আলিগড়ে প্রতিষ্ঠিত মোহামেডান অ্যাংলো-ওরিয়েন্টাল কলেজ যা পরবর্তীতে আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় পরিণত হয়। এই আন্দোলনের মূল লক্ষ্য ছিল মুসলিম সম্প্রদায়কে আধুনিক ধাঁচের শিক্ষা প্রদান করে তাদের সামাজিক ও বুদ্ধিবৃত্তিক উন্নতি সাধন করা।

আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় হল ভারতের উত্তর প্রদেশের আলিগড়ে অবস্থিত একটি কলেজিয়েট কেন্দ্রীয় এবং গবেষণা বিশ্ববিদ্যালয় ,যা স্যার সৈয়দ আহমদ খান ১৮৭৫ সালে মুহাম্মাডান অ্যাংলো-ওরিয়েন্টাল কলেজ হিসেবে প্রতিষ্ঠা করেছিলেন। স্যার সৈয়দ আহমদ খান" সালে 'মুহাম্মাডান অ্যাংলো-ওরিয়েন্টাল কলেজ' আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় আইন ১৯২০ অনুযায়ী "আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ে" পরিণত হয় । এই বিশ্ববিদ্যালয়টি ঐতিহ্যবাহী এবং আধুনিক শিক্ষার শাখায় ৩০০ টিরও বেশি কোর্স অফার করে। এটি "জাতীয় গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান যা ভারতীয় সংবিধানের সপ্তম তফসিলের অধীনে তালিকাভুক্ত ।

উত্তর ভারতের আলিগড় শহর। তিনি ১৮৭৫ সালে এই শহরে মোহামেডান অ্যাংলো-ওরিয়েন্টাল কলেজ স্থাপন করেন।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

আন্দোলনের লক্ষ্য ও উদ্দেশ্য

আধুনিক শিক্ষা প্রদান:মুসলিমদের জন্য পশ্চিমা ধাঁচের একটি আধুনিক শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা করা, যা তাদের পশ্চাদপদ অবস্থা থেকে উত্তরণে সাহায্য করবে।

সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন: মুসলিম সমাজের বুদ্ধিবৃত্তিক, সামাজিক ও সাংস্কৃতিক পুনর্জন্ম ঘটানো এবং আধুনিক মূল্যবোধের সঙ্গে তাদের পরিচিত করা।

ব্রিটিশদের সাথে সম্পর্ক স্থাপন: ব্রিটিশ সরকারের সমর্থন ও সহযোগিতা পেয়ে মুসলিমদের রাজনৈতিক ও সামাজিক অবস্থান শক্তিশালী করা।

আন্দোলনের গুরুত্ব

আলীগড় আন্দোলন ভারতীয় ইতিহাসে মুসলিমদের আধুনিকায়ন এবং তাদের শিক্ষা ও সামাজিক উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

এই আন্দোলনের মাধ্যমে মুসলিম সমাজে একটি নতুন বুদ্ধিবৃত্তিক জাগরণ আসে এবং আধুনিক শিক্ষার প্রসারে এটি একটি মাইলফলক হিসেবে কাজ করে।

প্রতিষ্ঠিত কলেজটি পরবর্তীতে আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ে উন্নীত হয়, যা মুসলিম শিক্ষার প্রসারে আজও গুরুত্বপূর্ণ।

Philosophical values of social work, contributions of major religions to the development of modern social work-Islam, Hinduism, Buddhism, and Christianity.

Famous Booklist and their writers

Social Work Ethics(1967)//The Value Base of Social Work------- Charles S. Levy
Introduction to Social Welfare and Social Work/ /Social Work Process----B. Compton
The Nature of Prejudice/ The Individual and His Religion----Gordon Willard Allport
A theory of Organization and Change----Milton Rockich
Social Work:- A Profession of Many Faces--- Armando Morales and Bradford W. Sheafor

Philosophical values of social work/ **সমাজকর্মের দার্শনিক মূল্যবোধ**

সমাজকর্মের মূল্যবোধ বলতে সমাজকর্মীদের কাজের ভিত্তি হিসেবে বিবেচিত আদর্শ, বিশ্বাস, নীতি এবং নৈতিক নিয়মাবলীকে বোঝায়। এটি সমাজকর্ম পেশার মৌলিক কাঠামো তৈরি করে এবং সমাজকর্মীদের কর্মপন্থা ও সিদ্ধান্ত গ্রহণে পথ দেখায়। এই মূল্যবোধগুলো মানুষের কল্যাণ এবং সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য অপরিহার্য।

আরও বিশদভাবে, সমাজকর্মের মূল্যবোধগুলো হলো:-

সামাজিক ন্যায়বিচার (Social Justice): সমাজে বৈষম্য হ্রাস করা এবং সকলের জন্য সুযোগের সমতা নিশ্চিত করা।

ব্যক্তির মর্যাদা ও মূল্য (Dignity and worth of the person): প্রত্যেক ব্যক্তির অধিকার, মর্যাদা এবং মূল্যকে সম্মান করা।

আত্মনিয়ন্ত্রনের অধিকার (Right to self -determination): ব্যক্তি তার পছন্দ , চাহিদা, সামর্থ্য অনুযায়ী সিদ্ধান্ত গ্রহনের সুযোগ

সকলের সমান সুযোগ(Equal opportunity for all)

সম্পদের সদ্বহার(Proper Utilization of Resources)

স্বনির্ভরতা অর্জন (Achieving Self- Reliance)

গনতান্ত্রিক অধিকার (Democratic rights)

শ্রমের মর্যাদা (Dignity of Labor)

ব্যক্তি স্বাধীনতা (Individual Freedom)

সামাজিক দায়িত্ববোধ(Social Responsibility)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

পারস্পরিক সহনশীলতা ও শ্রদ্ধাবোধ(Mutual Tolerance and Respect)
গোপনীয়তা রক্ষা করা: (Maintaining Confidentiality)
ক্লায়েন্টদের ব্যক্তিগত তথ্য ও গোপনীয়তা রক্ষা করা সমাজকর্মীদের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব
নিরপেক্ষতা ও আন্তরিকতা: (Neutrality and Sincerity)
সমাজকর্মীদের নিরপেক্ষ ও সহানুভূতিশীল হওয়া প্রয়োজন যাতে তারা ক্লায়েন্টদের সমস্যা বুঝতে ও সমাধান করতে পারে
পেশাগত জ্ঞান ও দক্ষতার সঠিক ব্যবহার: (Proper Utilization of Professional knowledge and Skill)
সমাজকর্মীরা তাদের অর্জিত জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতাকে ব্যবহার করে মানুষকে সাহায্য করে

Philosophical values of Islam / **ইসলাম ধর্মের দার্শনিক মূল্যবোধ**

সামাজিক ন্যায়বিচার (Social Justice): সমাজে বৈষম্য হ্রাস করা এবং সকলের জন্য সুযোগের সমতা নিশ্চিত করা।
ব্যক্তির মর্যাদা ও মূল্য (Dignity and worth of the person): প্রত্যেক ব্যক্তির অধিকার, মর্যাদা এবং মূল্যকে সম্মান করা। ইসলাম ধর্মমতে,"মানুষ আশরাফুল মাখলুকাত। মানুষের এমন কিছু স্বতন্ত্র বৈশিষ্ট্য রয়েছে, যা অন্য সব মাখলুকে কখনোই পাওয়া সম্ভব নয়।"
আত্মনিয়ন্ত্রনের অধিকার (Right to self -determination): ব্যক্তি তার পছন্দ , চাহিদা, সামর্থ্য অনুযায়ী সিদ্বান্ত গ্রহনের সুযোগ
সকলের সমান সুযোগ(Equal opportunity for all) "কোনো আরবের উপর কোনো অনারবের শ্রেষ্ঠত্ব নাই" – এই কথাটি একটি গুরুত্বপূর্ণ ইসলামিক শিক্ষাকে নির্দেশ করে, যা মহানবী হযরত মুহাম্মদ (সা.) তাঁর বিদায় হজের ভাষণে উল্লেখ করেছিলেন।
সম্পদের সদ্ববহার(Proper Utilization of Resources)
স্বনির্ভরতা অর্জন (Achieving Self- Reliance)
গনতান্ত্রিক অধিকার (Democratic rights)
শ্রমের মর্যাদা (Dignity of Labor)
ব্যক্তি স্বাধীনতা (Individual Freedom)
সামাজিক দায়িত্ববোধ(Social Responsibility)
পারস্পরিক সহনশীলতা ও শ্রদ্ধাবোধ(Mutual Tolerance and Respect)
গোপনীয়তা রক্ষা করা: (Maintaining Confidentiality)
নিরপেক্ষতা ও আন্তরিকতা: (Neutrality and Sincerity)

Philosophical values of Hinduism/ **হিন্দু ধর্মের দার্শনিক মূল্যবোধ**

সামাজিক ন্যায়বিচার (Social Justice): “”ভগবান বা নারায়ণের নামে দরিদ্রদের সেবা করো" এই উক্তিটি আসলে স্বামী বিবেকানন্দের ধারণা থেকে এসেছে।
ব্যক্তির মর্যাদা ও মূল্য (Dignity and worth of the person): প্রত্যেক ব্যক্তির অধিকার, মর্যাদা এবং মূল্যকে সম্মান করা।
আত্মনিয়ন্ত্রনের অধিকার (Right to self -determination): ব্যক্তি তার পছন্দ , চাহিদা, সামর্থ্য অনুযায়ী সিদ্বান্ত গ্রহনের সুযোগ
সকলের সমান সুযোগ(Equal opportunity for all)
সম্পদের সদ্ববহার(Proper Utilization of Resources)
স্বনির্ভরতা অর্জন (Achieving Self- Reliance)
গনতান্ত্রিক অধিকার (Democratic rights)
শ্রমের মর্যাদা (Dignity of Labor)
ব্যক্তি স্বাধীনতা (Individual Freedom)

ব্ল্যাক **ডেথ** ছিল একটি বুবোনিক প্লেগ অতিমারী যা ১৩৪৬ থেকে ১৩৫৩ সাল পর্যন্ত ইউরোপ ও এশিয়ায় সংগঠিত হয়। মানবসভ্যতার ভয়াবহ মহামারীর তালিকার মধ্যে এটি একটি ; যার ফলে প্রায় ৫ কোটি মানুষ মারা গিয়েছিল, যা সম্ভবত ১৪ শতকের ইউরোপের জনসংখ্যার ৫০%। এটি *"Yersinia pestis " নামক* ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট এবং মাছি এবং বাতাসের মাধ্যমে ছড়িয়ে পড়ে। এই প্লেগ ধর্মীয়, সামাজিক এবং অর্থনৈতিক উত্থান-পতনের সৃষ্টি করেছিল, যার ইউরোপীয় ইতিহাসের গতিপথে গভীর প্রভাব পড়েছিল।

ইংল্যান্ডের দারিদ্র আইন

মূলত দারিদ্র্য দূরীকরণ ও ভিক্ষাবৃত্তি মোকাবিলায় চতুর্দশ শতাব্দী থেকে বিংশ শতাব্দী পর্যন্ত ইংল্যান্ড ও মার্কিন যুক্তরাষ্ট্রে সরকার কর্তৃক যে সব আইন প্রণয়ন ও বাস্তবায়ন করা হয় সেগুলোকেই দরিদ্র আইন বলা হয়। দরিদ্র আইন একটি সামগ্রিক ও সাধারণ পরিভাষা। দরিদ্র আইনের ভিত্তিভূমি হিসেবে ইংল্যান্ডকে বিবেচনা করা হয়ে থাকে।

রকমারি তথ্যাবলি

রাজা তৃতীয় এডওয়ার্ড দারিদ্র্য দূরীকরনে ১৩৪৯ সালে প্রথম আইন প্রনয়ন করেন।
তারপর ১৩৪৯-১৫৯৭ সালের মধ্যে মধ্যে প্রায় ৪২টি দারিদ্র আইন প্রনয়ন করে সরকার, যেগুলোর মূল লক্ষ্য ছিল দারিদ্র দূরীকরন। উল্লেখ্য, ১৬০১ সালের এলিজাবেথীয় দারিদ্র আইন ছিল ৪৩ তম অথচ একটি সফল প্রয়াস।
১৫৩১, ১৫৩৬ সালের দরিদ্র আইন, আর্টিফিসাস আইন- ১৫৬২, ১৫৭৬ সালের সংশোধনাগার আইন ইত্যাদি আইনগুলো ১৩৪৯-১৫৯৭ সালের মধ্যে বিখ্যাত ছিল।
বসতি আইন-১৬৬২, ১৬০১ সালের এলিজাবেথীয় দারিদ্র আইন, ১৮৩৪ সালের দারিদ্র সংস্কার আইন, ১৮৩৩ ফ্যাক্টরি আইন, ১৯০৫ সালের দারিদ্র আইন কমিশন হলো ইংল্যান্ডের আরও প্রসিদ্ব কতগুলো আইন।
উল্লেখ্য, ১৫৩১ সালের দারিদ্র আইনটি পাস করার ক্ষেত্রে ভূমিকা রাখেন ইংল্যান্ডের ৮ম রাজা হেনরি

১৬০১ সালের এলিজাবেথীয় দারিদ্র আইন সম্পর্কে ডব্লিউ. এ. ফ্রিডল্যান্ডার বলেন, The Poor law of 1601 was a codification of the preceeding poor relief Legislation.

১৬০১ সালের এলিজাবেথীয় দরিদ্র আইন

১৬০১ সালের এলিজাবেথীয় দরিদ্র আইন ১৮৩৪ সালে সংস্কার করা হয়। এই সংস্কারের ফলে দরিদ্র সংস্কার আইন প্রণীত হয়, যা ইংল্যান্ড ও ওয়েলসের দরিদ্রদের কল্যাণের জন্য তৈরি করা হয়েছিল।

সংস্কারের কারণ:

১৬০১ সালের আইনটি দরিদ্রদের সরকারি সাহায্যের উপর নির্ভরশীল করে তুলেছিল, যা অনেক সময় বিশৃঙ্খল পরিস্থিতি তৈরি করত।

এই সমস্যাগুলো কার্যকরভাবে মোকাবেলার জন্য ১৮৩৪ সালে এই নতুন আইনটি প্রণয়ন করা হয়।

১৬০১ সালের এলিজাবেথীয় দরিদ্র আইনের গুরুত্বপূর্ণ কিছু বৈশিষ্ট্য

১৬০১ সালের দরিদ্র আইন ১৩৪৯ থেকে ১৫৯৭ সাল পর্যন্ত প্রণীত আইনের একটি সমন্বিত রূপ।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লজ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

এ আইনের মাধ্যমে সক্ষম দরিদ্রদের সংশোধনাগার ও দরিদ্রাগারে কাজ করতে বাধ্য করা হয়।

এ আইনের মাধ্যমে সচ্ছল আত্মীয়স্বজনসম্পন্ন দরিদ্রদের সাহায্যপ্রাপ্তির ক্ষেত্রে অযোগ্য ঘোষণা করা হয়।

পারিবারিক দায়িত্ব পালনে সক্ষম ব্যক্তিদেরকে বাধ্য করা হয়। পরিবারের নির্ভরশীল সদস্য, দুস্থ ব্যক্তি, পিতামাতা এবং দাদা-দাদির প্রতি সক্ষম সদস্যদেরকে দায়িত্ব পালনে বাধ্য করা হয়।

অক্ষম ও অসচ্ছল পরিবারের সদস্যদের দায়িত্ব স্থানীয় প্যারিস কিংবা স্থানীয় এলাকার লোকজনের উপর অর্পণ করা হয়।

এ আইনে যেসব দরিদ্রদের থাকার ব্যবস্থা আছে তাদের জন্য বহিঃসাহায্যের ব্যবস্থা করা হয়।

এ আইনে যারা সাহায্য পেতে ইচ্ছুক তাদের কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়।

আইন বাস্তবায়নের জন্য বিচারক বা ম্যাজিস্ট্রেট কর্তৃক ওভারসিয়ার নিয়োগের ব্যবস্থা করা হয়।

সাহায্যার্থীর যোগ্যতা হিসেবে প্যারিসের স্থায়ী বাসিন্দা হওয়া কিংবা কমপক্ষে প্যারিসে ৩ বছর বসবাস করার শর্ত আরোপ করা হয়।

এ আইনে দরিদ্রদেরকে (০১) সক্ষম দরিদ্র(কর্মক্ষম ভিক্ষুক) ,(০২) অক্ষম দরিদ্র(রুগ্ন, বৃদ্ধ , বধির, সন্তানাদিসহ বিধবা, পঙ্গু বা প্রতিবন্দিত্ব, অন্ধ ইত্যাদি) ও (০৩) নির্ভরশীল বালক বালিকা (ছেলে ২৪ বছর ও মেয়ে ২১ বছর বা বিয়ের আগমুহূর্ত পর্যন্ত এ তিন ভাগে বিভক্ত করা হয়।

এ আইনের অধীনে দরিদ্রদের পরিচালনার ব্যয়ভার বহনের জন্য বিভিন্ন ধরনের করারোপের ব্যবস্থা করা হয়।

এ আইনের অধীনে যেসব নাগরিক নির্ভরশীল ছেলেমেয়ের দায়িত্ব নিত তাদের কাছে ছেলে হলে ২৪ বছর ও মেয়ে হলে ২১ বছর বয়সপূর্তি পর্যন্ত গৃহভৃত্য বা গৃহপরিচারিকা হিসেবে কাজ করতে বাধ্য থাকত।

এ আইনে আইনভঙ্গের ক্ষেত্রে জরিমানার ব্যবস্থা ছিল।

১৮৩৪ সালের দারিদ্র সংস্কার আইন

ইংল্যান্ডের অসহায় দরিদ্রদের বাস্তবিক কল্যাণের উদ্দেশ্যে ১৮৩৪ সালে দরিদ্র সংস্কার আইন প্রণয়ন করা হয়। ১৬০১ সালে প্রণীত এলিজাবেথীয় দরিদ্র আইন ইংল্যান্ডের সমাজজীবনে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে। যেমন- দরিদ্রদের সরকারি সাহায্যের ওপর নির্ভরশীলতা বৃদ্ধি, ত্রাণ কার্যক্রমে বিশৃঙ্খলা, শ্রমাগারে অস্বাস্থ্যকর পরিবেশ প্রভৃতি। এসব সমস্যা কার্যকরভাবে মোকাবিলার লক্ষ্যে ১৮৩৪ সালে দরিদ্র সংস্কার আইন প্রণয়ন করা হয়। এটি ১৮৩২ সালের রাজকীয় কমিশনের অপারেশন অব দ্য পুওর এর ফলে উদ্ভূত হয়েছিল , যার মধ্যে এডউইন চ্যাডউইক, জর্জ বার্ড সামনার, জেমস ব্লমফিল্ড এবং নাসাউ উইলিয়ামও অন্তর্ভুক্ত ছিলেন । চ্যাডউইক তার প্রতিবেদন থেকে প্রাপ্ত আইনের প্রতি অসন্তুষ্ট ছিলেন। ইতিহাসবিদরা যুক্তি দিয়েছেন যে এটি PLAA পাস হওয়ার একটি প্রধান কারণ ছিল।

১৮৩৪ সালের দারিদ্র সংস্কার আইনের গুরুত্বপূর্ণ কিছু বৈশিষ্ট্য

দারিদ্র আইন সংস্থা গঠন

স্থায়ী রাজকীয় দরিদ্র আইন কমিশন গঠন(৩ সদস্যবিশিষ্ট একটি স্থায়ী কমিটি গঠন)

রাজকীয় দরিদ্র আইন কমিশন ৬টি সুপারিশ করেন

১৮৩৪ সালের ১৪ আগস্ট এই আইন কার্যকর হয়

১৯০৫ সালের দারিদ্র আইন কমিশন

ইংল্যান্ডের বিভিন্ন আর্থ-সামাজিক অবস্থায় সৃষ্ট দারিদ্র্য সমস্যার পাশাপাশি বেকারত্ব সমস্যা বিভিন্ন সময়ে ত্রাণসাহায্য কার্যক্রমকে বিশেষভাবে প্রভাবিত করে। এ সময় ইউরোপ ও আমেরিকার বিভিন্ন দেশের উন্নত প্রযুক্তি,যোগাযোগ ব্যবস্থা ও ইংল্যান্ডের অধিকাংশ জনপ্রিয় কয়লার খনিগুলো বন্ধ হয়ে যায়। ফলে বিশাল সংখ্যক শ্রমিক বেকারত্বের শিকার হয়ে পরিবার পরিজনসহ সাহায্যের জন্য আবেদন জানায়।

এমতাবস্থায় শ্রমাগার ও বেসরকারি দান সংগঠনগুলোতে অনির্দিষ্টকালীন আশ্রয় ও সাহায্যদানের অপর্যাপ্ততা পরিলক্ষিত হয়। উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় জাতীয় জরুরি তহবিল গঠন অপরিহার্য হয়ে পড়ে। বেকারত্বের এমন জটিল পরিস্থিতিতে তখনকার ক্ষমতাসীন লিবারেল পার্টি তাদের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী দরিদ্র আইন সংস্কার ও বেকারদের সহায়তাদানে দৃঢ় প্রতিজ্ঞ হন। ফলে ১৯০৫ সালে লর্ড জর্জ হ্যামিল্টনকে সভাপতি করে ১৮ সদস্য বিশিষ্ট Royal Commission on

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

the Poor Laws and Relief of Distress গঠন করেন। তাদের মধ্যে স্যার চার্লস লক, অক্টাভিয়া হিল, টমাস হ্যানকক নান অন্যতম।কমিশন নিচের সুপারিশমালা সরকারের নিকট পেশ করেন। :-

১. **কাউন্টি পরিষদ গঠন** :- দরিদ্র আইন ইউনিয়ন ও অভিভাবক বোর্ডের কাউন্টি পরিষদ গঠন এবং স্থানীয় ত্রাণ সাহায্য প্রশাসনের সংখ্যা কমিয়ে তিনটি অঞ্চলে ভাগ করা।

২. প্রচলিত শাস্তিমূলক **দরিদ্র সাহায্য কর্মসূচির বিলোপ সাধন** করে মানবীয় সরকারি সাহায্য কর্মসূচির প্রবর্তন করা।

৩. **মিশ্র দরিদ্রাগারের বিলোপ সাধন** করে মানসিক প্রতিবন্ধী ও মানসিক অসুস্থদের হাসপাতালে চিকিৎসা করা এবং শিশুদের দত্তক পরিবার অথবা আবাসিক স্কুলে রাখার ব্যবস্থা করা।

৪. **সামাজিক বীমা কর্মসূচি** :- প্রবীণদের জন্য জাতীয়ভিত্তিক প্রশাসন ব্যবস্থা, দরিদ্রদের জন্য বিনামূল্যে হাসপাতাল সুবিধা, বেকার ও অক্ষমদের জন্য সামাজিক বীমা কর্মসূচি ও বিনামূল্যে সরকারি কর্মসংস্থান সেবা সুবিধা প্রবর্তন করা। ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশনের উপর্যুক্ত বাস্তবমুখী সুপারিশমালা ইংল্যান্ডের সমাজসেবার ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তন আনে। দরিদ্রদের সাহায্যদানের চেয়ে নিরাপত্তার প্রতি বিশেষ গুরুত্ব দেয়া হয়।

১৯০৫ সালের দরিদ্র আইন কমিশনের সুপারিশমালার পরিপ্রেক্ষিতে ইংল্যান্ডে ১৯০৫ সালের খাদ্য আইন, ১৯০৭ সালের শিক্ষা আইন, ১৯০৮ সালের বৃদ্ধকালীন পেনশন আইন, ১৯০৯ সালের শ্রমিক বিনিময় আইন, ১৯১১ সালের জাতীয় বীমা আইন, ১৯২৫ সালের বিধবা, এতিম ও বৃদ্ধ পেনশন আইন ও ১৯৩১ সালের জাতীয় অর্থনীতি আইনসমূহ গৃহীত হয় যা দরিদ্রদের আর্থ-সামাজিক নিরাপত্তার ক্ষেত্রে এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপনে সক্ষম হয়।

দান সংগঠন সমিতি(Charity Organization Societies - COS)

ইংল্যান্ডের দান সংগঠন সমিতি (Charity Organization Societies - COS) ১৮৬৯ সালে গঠিত হয়। এটি একটি অলাভজনক সংগঠন, যা ইংল্যান্ডের শিল্প বিপ্লব পরবর্তী সময়ে সমাজের দুঃস্থ, দরিদ্র ও অসহায় ব্যক্তিদের সাহায্য করতে এবং তাদের সেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য ১৮৬৯ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। ইংল্যান্ডের অনুকরণে আমেরিকাতেও ১৮৭৭ সালে দান সংগঠন সমিতি গড়ে উঠে।

১৮৯৩ সালে এ্যানা এল. ডয়েস শিকাগো শহরে অনুষ্ঠিত আন্তর্জাতিক সম্মেলনে সমাজকর্মে প্রশিক্ষণ দানের প্রস্তাব উত্থাপন করেন। ১৮৯৮ সালে নিউইয়র্ক শহরে সমাজকর্মের উপর প্রথম প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। এর মাধ্যমেই পেশাগত সমাজকর্মের যাত্রা শুরু হয়। পরবর্তীতে এটি নিউইয়র্ক স্কুল অব সোশ্যাল ওয়ার্ক এ উন্নীত হয়।

আর্থ-সামাজিক সমস্যা সম্পর্কে গভীরভাবে অনুসন্ধানের জন্য দান সংগঠন সমিতির স্বেচ্ছাসেবকগণকে বিশেষ প্রশিক্ষণ দানের প্রয়োজনীয়তা থেকেই পরবর্তীতে এ্যানা এল. ডয়েস সমাজকর্মে প্রশিক্ষণদানের প্রস্তাব উপস্থাপন করেন। এভাবেই সমাজকর্ম পেশার বিকাশে দান সংগঠন সমিতি প্রত্যক্ষ ভূমিকা পালন করে।

চার্চভিত্তিক সংগঠন এবং মানবহিতৈষী সমিতিগুলোর মধ্যে মতভেদ ও বিবাদ দূরীকরণ এবং সরকারি বেসরকারি সংস্থার কার্যাবলীর মধ্যে সমন্বয় সাধনের লক্ষ্যে ১৮৬৮ সালে রেভারেন্ড হেনরি সলি একটি বোর্ড গঠনের সুপারিশ করেন। এরই ফলে ১৮৬৯ সালে লন্ডনে “ভিক্ষাবৃত্তি উচ্ছেদ ও ত্রান সংগঠন সমিতি” গঠিত হয়। উক্ত সমিতিকে পরবর্তীতে দান সংগঠন সমিতি নামে পুনঃনামকরণ করা হয়।

যেসব মনীষীদের ঐকান্তিক প্রচেষ্টায় এই সংগঠন প্রতিষ্ঠিত হয় তাঁদের মধ্যে স্যার স্টুয়ার্ট লুই, রিচার্ড গ্রীন, ওকটাভিয়া হিল, এডওয়ার্ড ডেনিসন, স্যামুয়েল বানেট উল্লেখযোগ্য। দান সংগঠন সমিতির মূল লক্ষ্য ছিল বিভিন্ন ত্রাণ সংগঠনগুলোর মধ্যে সমন্বয় সাধন করা। এছাড়াও এই সমিতির উদ্দেশ্য হলো :

- পুনরাবৃত্তি রোধের জন্য লন্ডনের বিভিন্ন দান সংগঠন সমিতির কার্যাবলির সমন্বয় সাধন;
- প্রত্যেক সংস্থাকে সংস্কার কাজের সাথে পরিচিত করা;
- সকল সাহায্যদানের বিষয়ে একটি রেজিষ্ট্রি ব্যুরো স্থাপন করা;
- বস্তুগত সাহায্যদানের পরিবর্তে দরিদ্রদের আত্মনির্ভরশীলতা অর্জনে ব্যক্তিগত সেবা প্রদান; এবং
- দারিদ্র্য প্রতিরোধের ব্যবস্থা গ্রহণে উৎসাহিত হওয়া।

যুক্তরাষ্ট্রে সমাজকর্ম পেশার বিবর্তন

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

(০১) আমেরিকার দান সংগঠন সমিতি :-

আমেরিকার দান সংগঠন সমিতি ১৮৬১ সালে আমেরিকায় সৃষ্ট গৃহযুদ্ধ মানুষের সামগ্রিক জীবনে ব্যাপক নেতিবাচক প্রভাব বিস্তার করে। ফলে ১৮৭৩ সালে অর্থনৈতিক মন্দার সৃষ্টি হয়। গৃহযুদ্ধের পর ১৮৬৯ সালে মন্দাবস্থা অনেক ব্যক্তিগত, পারিবারিক এবং সমষ্টিগত সমস্যা ও বিশৃঙ্খলা ডেকে আনে। অবস্থার প্রয়োজনে ইংল্যান্ডে ১৮৬৯ সালে প্রতিষ্ঠিত দান সংগঠন সমিতির অনুকরণে আমেরিকাতেও দান সংগঠন আন্দোলন শুরু হয়। ১৮৭৭ সালে আর. এইচ. গার্টিন নিউইয়র্কের বাফেলো শহরে সর্বপ্রথম Charity Organization Societies - COS প্রতিষ্ঠা করেন। প্রধান তিনটি নীতিমালা অনুসরণ করে এই সমিতির কার্যক্রম পরিচালিত হতো:-

(০১)স্থানীয় দান সংগঠনগুলোর সমন্বয়ে বোর্ড গঠন করে এগুলোর মধ্যে সহযোগিতা স্থাপন করা;

(০২) কেন্দ্রীয়ভাবে দরিদ্রদের গোপনীয় তালিকা প্রস্তুত করা এবং

(০৩)বন্ধুভাবাপন্ন পরিদর্শকের মাধ্যমে সকল সাহায্যার্থীর সামাজিক অবস্থা তদন্ত সাপেক্ষে সাহায্যের ধরন নিরূপণ করা।

সারসংক্ষেপ

Charity Organization Societies - COS এর সবচেয়ে গুরুত্বপূর্ণ ও বড় অবদান হলো ইংল্যান্ডে ও আমেরিকাতে আধুনিক পেশাদার সমাজকর্মের ভিত্তি স্থাপন ও বিকাশ সাধন। COS এর নীতিমালার আওতায় দরিদ্রদের প্রকৃত অবস্থা তদন্তের স্বার্থে সমাজকর্মের প্রশিক্ষণের উপর জোর দেয়া হয়। এ্যানা এল. ডয়েস সর্বপ্রথম সমাজকর্মে সেবাদানের জন্য COS কর্মীদের প্রশিক্ষণ দানের প্রস্তাব উপস্থাপন করেন। সুতরাং বলা যায় Charity Organization Societies - COS হলো পেশাগত সমাজকর্মের বিকাশের প্রস্তাবক, ধারক ও বাহক।

(০২)পেশাগত শিক্ষার বিকাশ:-

পেশাগত কর্মীদের প্রশিক্ষণের সুপারিশ করেন ম্যারি রিচমন্ড এবং তিনি "Training School for Applied philanthrophy " প্রতিষ্ঠা করেন। নিউইয়র্কে প্রথম ৬ মাসের কোর্স এবং পরে তা বাড়িয়ে ১৯০১ সালে ৮ মাসের কোর্সে রূপান্তর করেন।

" Newyork School of Social Work " ১৯৪০ সালে কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি লাভ করে। ১৯৬৩ সালে এটির নাম পরিবর্তন করে " Columbia School of Social Work " রাখা হয়।

(০৩) পত্রিকা প্রকাশ:-

Charity Organization Societies – COS কর্তৃক " Charities Review " নামক সমাজকর্ম সম্পর্কিত প্রকাশিত হয়।

এছাড়া অন্যান্য কয়েকটি পত্রিকা যেমন; Charities Review, Charities একসাথে "The Survey" নামে প্রকাশিত হয়।

(০৪)পেশাগত সংগঠন:-

আমেরিকা যুক্তরাষ্ট্রে ১৯১৮ সালে "চিকিৎসা সমাজকর্মী সমিতি" নামক পেশাগত সংগঠন তৈরি হয়।

১৯২১ সালে "American Association of Social Workers (NASW " নামে এবং পরবর্তীতে ১৯২৬ সালে এর নাম "মনস্তাত্বিক সমাজকর্মী সমিতি" তে রূপান্তরিত হয়। "মনস্তাত্বিক সমাজকর্মী সমিতি" ১৯৫৫ সালে চূড়ান্তভাবে "National Association of Social Workers (NASW)" নাম ধারন করে এবং বর্তমানেও এ নামে পরিচিত।

(০৫)প্রকাশনা:-

The Social Work(ত্রৈমাসিক পত্রিকা) , ""Social Work Year Book", Encyclopaedia of Social Work, সমাজকর্ম অভিধান(রবার্ট এল. বার্কার)ইত্যাদি এর প্রধান প্রকাশনা। ম্যারি রিচমন্ড ১৯১৭ সালে তার বিখ্যাত গ্রন্থ " Social Diagnosis " প্রকাশ করেন।

(০৬)পেশাগত নীতিমালা:-

আমেরিকায় ১৯৫১ সালে সর্বপ্রথম সমাজকর্ম পেশার পেশাগত নীতিমালা তৈরী করা হয়। পরবর্তীকালে তা পরিমার্জিতভাবে ১৯৬০ ' National Association of Social Workers (NASW) " প্রকাশ করে।

(০৭)পেশাগত স্বীকৃতি:-

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

আমেরিকায় সর্বপ্রথম ১৯৩৩ সালে সমাজকর্মকে পেশা হিসেবে স্বীকৃতি দেওয়া হয় এবং পেশাদার ও প্রশিক্ষণপ্রাপ্ত সমাজকর্মীদের লাইসেন্স দেওয়া হয়।

লেকচার - ১০ এর সকল টপিকসমূহ

লেকচার - ১০	Use of Social Group Work as a problem-solving process in the context of Bangladesh. Scope and importance of Community development in Bangladesh Definition and role of Social Administration in promoting social welfare in Bangladesh. Social Action as method of social change

লেকচার - ১০ এর মূল নোট

(02) দল সমাজকর্ম (Social Group Work)

দল সমাজকর্ম হলো এমন এক পদ্ধতি, যা দলীয় সদস্যদের এমনভাবে সাহায্য করে, যাতে তারা সুনির্দিষ্ট ক্রিয়া প্রতিক্রিয়া এবং দলীয় অভিজ্ঞতার আলোকে প্রয়োজনীয় চাহিদা ও সমস্যা মিটানোর মাধ্যমে দলীয় লক্ষ্য অর্জন সক্ষম হয়। দল সমাজকর্মীরা তাদের নিজেদের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে সকলের সমস্যার সমাধান করতে সক্ষম হয়।

দল সমাজকর্মের উপাদানসমূহ

যেসব অপরিহার্য উপাদান বা উপকরণ সমন্বয়ে দল সমাজকর্ম পরিচালিত হয় সেগুলোই দল সমাজকর্মের উপাদান। দল সমাজকর্মের মৌলিক উপাদান ৪টি। নিম্নে এ ৪টি মৌলিক উপাদান সম্পর্কে আলোচনা করা হলো:

১. সামাজিক দল: দল সমাজকর্মের প্রথম উপাদান হলো সামাজিক দল। দল সমাজকর্মে যে দল নিয়ে কাজ করা হয় তাকে সামাজিক দল বলে। সামাজিক দল হলো এমন একটি গোষ্ঠী যেখানে দুজন বা ততোধিক ব্যক্তি পারস্পরিক সম্পর্ক ও নির্ভরশীলতায় আবদ্ধ থাকে। সামাজিক দলের প্রধান বৈশিষ্ট্যগুলো হলো:

দুজন বা ততোধিক ব্যক্তির মধ্যে পারস্পরিক সম্পর্ক ও নির্ভরশীলতা থাকে।

দলের সদস্যদের মধ্যে একটি সাধারণ লক্ষ্য থাকে।

দলের সদস্যরা একে অপরের সাথে নিয়মিত যোগাযোগ ও আদান-প্রদান করে।

২. দল সমাজকর্ম প্রতিষ্ঠান: যেসব Agency বা প্রতিষ্ঠান দল সমাজকর্ম পদ্ধতি অনুশীলনের মাধ্যমে বিভিন্ন দলকে সমস্যা সমাধানের ব্যাপারে সক্ষম করে তুলতে সাহায্য করে সেসব প্রতিষ্ঠানকে দল সমাজকর্ম প্রতিষ্ঠান বলে। আয়ের উৎস বিবেচনায় দল সমাজকর্ম প্রতিষ্ঠানকে **দু'ভাগে** ভাগ করা যেতে পারে। যথা:

সরকারি প্রতিষ্ঠান ও

বেসরকারি প্রতিষ্ঠান।

অন্যদিকে, পেশাদারি কর্তৃত্বের ভিত্তিতে দল সমাজকর্ম প্রতিষ্ঠানকে আবার **দু'ভাগে ভাগ** করা যায়। যেমন-

মুখ্য প্রতিষ্ঠান ও

গৌণ প্রতিষ্ঠান।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

যেসব প্রতিষ্ঠান অন্য কোন প্রতিষ্ঠানের উপর নির্ভরশীল নয় এবং নিজে নিজেই সর্বময় ক্ষমতা ও দায়িত্বের অধিকারী সেসব প্রতিষ্ঠান হলো মুখ্য প্রতিষ্ঠান। অন্যদিকে, যেসব প্রতিষ্ঠান অন্য কোন প্রতিষ্ঠানের অংশ হিসেবে কাজ করে সেসব প্রতিষ্ঠান হলো গৌণ প্রতিষ্ঠান।

৩. দল সমাজকর্মী: দল সমাজকর্মীও দল সমাজকর্মের একটি প্রধান উপাদান। দল সমাজকর্মী হচ্ছে এমন একজন পেশাদার ব্যক্তি যিনি পেশাদার সমাজকর্ম বিষয়ে অভিজ্ঞতা, দক্ষতা ও নৈপুণ্যতাসম্পন্ন এবং যিনি দলীয় অভিজ্ঞতার আলোকে দলীয় সদস্যদেরকে এমনভাবে সাহায্য করেন যাতে দলীয় সদস্যরা নিজেরাই নিজেদের প্রচেষ্টায় সমস্যা সমাধানে সক্ষম হয়।

৪. দল সমাজকর্ম প্রক্রিয়া: দল সমাজকর্মের অত্যাবশ্যকীয় উপাদান হলো দল সমাজকর্ম প্রক্রিয়া। দল সমাজকর্ম প্রক্রিয়া হলো দলের সাথে কাজ করার এমন একটি ধারাবাহিক ও পরিকল্পিত প্রক্রিয়া যেখানে সমাজকর্মী দলীয় সদস্যদের ক্রিয়া-প্রতিক্রিয়া নিয়ন্ত্রণ করে গঠনমূলক দলীয় অভিজ্ঞতার মাধ্যমে তাদের সামাজিক ভূমিকা পালনের উন্নয়ন এবং দলীয় লক্ষ্যার্জনে বিশেষভাবে সহায়তা করে। দল সমাজকর্ম প্রক্রিয়াকে সাধারণত চারটি স্তরে ভাগ করা যায়:

প্রস্তুতিসম্পন্ন পর্যায়: প্রস্তুতিসম্পন্ন পর্যায়ে দলের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ, দলের সদস্য নির্বাচন, দলের সূচনা ও পরিচয় প্রদান, ইত্যাদি কাজ করা হয়।

বিকাশ পর্যায়: বিকাশ পর্যায়ে দলের সদস্যদের মধ্যে পারস্পরিক সম্পর্ক গড়ে তোলা, দলের লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পনা গ্রহণ, দলের কার্যক্রম পরিচালনা, ইত্যাদি কাজ করা হয়।

স্থিতিশীলতা পর্যায়: স্থিতিশীলতা পর্যায়ে দলের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, দলের সদস্যদের সামাজিক ভূমিকা পালনের উন্নয়ন, দলের লক্ষ্য অর্জন, ইত্যাদি কাজ করা হয়।

বিলুপ্তি পর্যায়: বিলুপ্তি পর্যায়ে দলের কার্যক্রম বন্ধ করা, দলের সদস্যদের মধ্যে স্থায়ী সম্পর্ক গড়ে তোলা, ইত্যাদি কাজ করা হয়।

৫. দলের চাহিদা ও প্রয়োজন: দল সমাজকর্মের অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান হলো দলের চাহিদা ও প্রয়োজন। দল সমাজকর্ম প্রক্রিয়া পরিচালনার জন্য দলের চাহিদা ও প্রয়োজন সম্পর্কে সঠিক ধারণা থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। দলের চাহিদা ও প্রয়োজনগুলোকে সাধারণত দুটি ভাগে ভাগ করা যায়:

ব্যক্তিগত চাহিদা ও প্রয়োজন: ব্যক্তিগত চাহিদা ও প্রয়োজন হলো দলের সদস্যদের ব্যক্তিগতভাবে যেসব চাহিদা ও প্রয়োজন থাকে। যেমন: সামাজিকীকরণ, সামাজিক সমর্থন, সমস্যা সমাধান, ইত্যাদি।

দলীয় চাহিদা ও প্রয়োজন: দলীয় চাহিদা ও প্রয়োজন হলো দলের সদস্যদের মধ্যে পারস্পরিকভাবে যেসব চাহিদা ও প্রয়োজন থাকে। যেমন: দলের লক্ষ্য অর্জন, দলের ঐক্য ও সমন্বয়, ইত্যাদি।

৬. দল সমাজকর্ম মূল্যায়ন: দল সমাজকর্মের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য দলীয় কার্যক্রমের ফলাফল মূল্যায়ন করা প্রয়োজন। দল সমাজকর্ম মূল্যায়ন বিভিন্ন উপায়ে করা যেতে পারে। যেমন:

দলীয় সদস্যদের মতামত গ্রহণ

দলীয় কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের হার নির্ণয়

দলীয় সদস্যদের মধ্যে পরিবর্তন ও উন্নয়নের পরিমাণ নির্ণয়

কিছু গুরুত্বপূর্ণ তথ্যাবলি:-

জেন অ্যাডামসকে সমাজকর্মের জনক এবং অ্যানা এল. ডয়েস-কে সমাজকর্ম শিক্ষার জনক বলা হয়।

জেন অ্যাডামস (৬ সেপ্টেম্বর ১৮৬০ - ২১ মে ১৯৩৫) প্রথম মার্কিন নারী যিনি নোবেল পুরস্কার অর্জন করেছিলেন। তার পুরো নাম **লরা জেন অ্যাডামস**। ১৯৩১ খ্রিষ্টাব্দে তাকে নিকোলাস মারি বাটলারের সঙ্গে যৌথভাবে নোবেল শান্তি পুরস্কারে ভূষিত করা হয়। তিনি একজন সমাজ সংগঠক, অধ্যাপক, বুদ্ধিজীবী ও লেখক। জনকল্যাণ, নারীবাদী প্রচারণা এবং বৈশ্বিকতার জন্য তিনি বিংশ শতাব্দীর তৃতীয় দশকে আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেছিলেন।আধুনিক মার্কিন যুক্তরাষ্ট্রে জনকল্যাণমূলক কর্মকাণ্ডের তিনি পথিকৃৎ। সমাজকল্যাণে নিরলস প্রচেষ্টা এবং প্রথম মহাযুদ্ধোত্তর কালে শান্তি প্রতিষ্ঠায় অনবদ্য অবদানের জন্য তাকে নোবেল শান্তি পুরস্কার প্রদান করা হয়।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

অ্যানা লরেন্স ডস (মে ১৪, ১৮৫১ - সেপ্টেম্বর ২৫, ১৯৩৮) একজন মার্কিন লেখিকা এবং ভোটাধিকার বিরোধী ছিলেন। তিনি ছিলেন হেনরি লরেন্স ডাওয়েসের কন্যা (৩০ অক্টোবর, ১৮১৬ - ফেব্রুয়ারি ৫, ১৯০৩), একজন রিপাবলিকান মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেটর এবং ম্যাসাচুসেটসের প্রতিনিধি। তার উল্লেখযোগ্য কাজের মধ্যে রয়েছে *হাউ উই আর গভর্নড* (১৮৮৫), *দ্য মডার্ন ইহুদি: হিজ প্রেজেন্ট অ্যান্ড হিজ ফিউচার* (১৮৮৬), *একটি ইউনাইটেড স্টেট প্রিজন* (১৮৮৬), *একটি অজানা জাতি* (১৮৮৮), *চার্লস সামনার* (১৮৯২), এবং *দ্য ইন্ডিয়ান অ্যাজ সিটিজেন।* (১৯১৭)

জি কনপকা(১৯১০-২০০৩) একজন জার্মান গবেষক। দল সমাজকর্মের ধারনাকে বিশ্বব্যাপী ছড়িয়ে দিতে তিনি উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

দল সমাজকর্ম প্রক্রিয়াকে সচেতন, সুচিন্তিত সমাজকর্ম প্রক্রিয়া বলে

সামাজিক দলের শ্রেণীবিভাগ

সমাজবিজ্ঞানী **সি এইচ. কুলি** সামাজিক দলকে ২ ভাগে ভাগ করেন: (০১) প্রাথমিক বা মুখ্য দল ,(০২) গৌণ বা মাধ্যমিক দল

মনস্থাত্বিক ও অবস্থানের উপর ভিত্তি করে **ডব্লিউ. জি. সামনার** সামাজিক দলকে ২ ভাগে ভাগ করেন:- (০১) অন্ত:দল (০২)বহি:দল

সার্বিক আলোচনার উপর ভিত্তি করে **আলাউদ্দিন ও হুসাইন** সামাজিক দলকে ৩ ভাগে ভাগ করেন:-

(০১) অন্ত:দল(প্রতিবেশী, ক্লাব) ও বহি:দল(রাজনৈতিক দল,শিক্ষক সমিতি)

(০২) প্রাথমিক বা মুখ্য দল(প্রতিবেশী, ক্লাব) ও গৌণ বা মাধ্যমিক দল(রাজনৈতিক দল,শিক্ষক সমিতি)

(০৩) আনুষ্ঠানিক দল(রাজনৈতিক দল,শিক্ষক সমিতি)
ও অনানুষ্ঠানিক দল (ক্ষুদ্র ব্যবসায়ীদের সমিতি)

দল সমাজকর্মের নীতিমালাসমূহ

- পরিকল্পিত দল গঠনের নীতি
- নির্দিষ্ট উদ্দেশ্য নীতি
- কর্মী-দলের মাঝে উদ্দেশ্যপূর্ণ সম্পর্কের নীতি
- নমনীয় কর্মকাঠামো নীতি
- দলের আত্মনিয়ন্ত্রণ অধিকার
- সম্পদের সদ্ববহার নীতি
- মূল্যায়ন নীতি

দল সমাজকর্ম এবং এর সমস্যা সমাধান প্রক্রিয়ার ধাপসমূহ/ (Social Group Work as a problem-solving process)

১.মনো-সামাজিক অনুধ্যান(Psycho- Social Study)

২.অন্তর্বর্তীকালীন ব্যবস্থা (Prognosis)

৩.সমস্যা নির্ণয়/ Diagnosis(তিন সময়; প্রথমে, মাঝে,ও শেষে)

৪.**চিকিৎসা বা সমাধান/** Treatment:-৩ ধরনের:(১.প্রত্যক্ষ সমর্থনমূলক পদ্ধতি, ২. পরোক্ষ বা সংশোধনমূলক পদ্ধতি, ৩. বৈষয়িক সাহায্যদান পদ্ধতি

মূল্যায়ন(Evaluation):- (তিন সময়; প্রথমে, মাঝে,ও শেষে)

সমাপ্তি(Termination)

অনুসরন(Follow-up)

প্রেরণ (Referral)

বিশেষ তথ্যাবলি

দল সমাজকর্মে সমস্যা সমাধান স্তর সম্পর্কে ভিন্ন মতামত আছে।যেমন: ওয়াল্টার আর্থার **ফ্রিডল্যান্ডার ৩টি ধাপের** কথা উল্লেখ করেছেন।(তথ্য অনুসন্ধান, সমস্যা নির্ণয়, ও সেবাদান)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লজ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

রবার্ট ডি. ভিন্টার ১৯৬৭ সালে ৫টি ধাপের কথা উল্লেখ করেন।

- গ্রহণ স্তর
- সমস্যা নির্ণয় ও সেবা পরিকল্পনা
- দল গঠন বিন্যাস
- দল বিকাশ ও সেবা প্রদান
- মূল্যায়ন ও সমাপনী স্তর

সার্বিকভাবে ৪টি স্তর

- অনুসন্ধান/
- সমস্যা নির্ণয়
- সমাধান বা ট্রিটমেন্ট
- মূল্যায়ন

বাংলাদেশে দল সমাজকর্ম প্রক্রিয়ার ব্যবহার (Use of Social Group Work as a problem-solving process in Bangladesh)

- অপরাধী পূনর্বাসন কেন্দ্র
- বৃদ্ধদের সেবাকেন্দ্র
- প্রতিবন্ধীদের পূনর্বাসন কেন্দ্র
- কিশোর উন্নয়ন কেন্দ্র
- মাদকাসক্ত পূনর্বাসন কেন্দ্র
- শিল্প প্রতিষ্ঠনে মালিক-শ্রমিক সমস্যার সমাধান
- অটিস্টিক শিশু সেবা কেন্দ্র

বাংলাদেশে সমষ্টি সমাজকর্ম প্রক্রিয়ার ব্যবহার (Scope of Community development in Bangladesh)

- সম্প্রদায়গত সংঘর্ষের সমাধান
- সমবায় মালিকানার যথোপযুক্ত ব্যবহার
- জাতীয় ঐক্য প্রতিষ্ঠা
- অপরাধী পূনর্বাসন কেন্দ্র
- বৃদ্ধদের সেবাকেন্দ্র
- প্রতিবন্ধীদের পূনর্বাসন কেন্দ্র
- কিশোর উন্নয়ন কেন্দ্র
- মাদকাসক্ত পূনর্বাসন কেন্দ্র
- শিল্প প্রতিষ্ঠনে মালিক-শ্রমিক সমস্যার সমাধান
- অটিস্টিক শিশু সেবা কেন্দ্র

Definition of Social Administration (**সামাজিক প্রশাসনের সংজ্ঞা)**

সামাজিক প্রশাসন বলতে বোঝায় এমন একটি সুপরিকল্পিত প্রক্রিয়া যা সামাজিক নীতি বা আদর্শকে বাস্তব সমাজসেবায় রূপান্তর করে। এটি সামাজিক প্রতিষ্ঠানগুলোর লক্ষ্য ও উদ্দেশ্য পূরণ, কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন এবং প্রয়োজনীয় মূল্যায়ন ও সংশোধনমূলক কার্যক্রম পরিচালনা করে। মূলত, এটি সামাজিক নীতির কার্যকারিতা নিশ্চিত করার জন্য একটি গতিশীল কর্মপ্রবাহ, যা নীতি নির্ধারণ থেকে শুরু করে কর্মসূচি বাস্তবায়ন পর্যন্ত বিস্তৃত।

Administration শব্দটি ল্যাটিন শব্দ 'ad' এবং 'ministiare' থেকে নেওয়া হয়েছে , যার অর্থ হলো serve 'Public' = people or citizens বা জনসেবা। এভাবে **Administration** বলতে বুঝায় to execute the policy of government to serve public।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

সমাজকল্যাণ প্রশাসনের প্রধান কাজ হলো সরকারের বা কোনো সংস্থার সামাজিক নীতি ও উদ্দেশ্যগুলোকে সমাজসেবামূলক কার্যক্রমে পরিণত করা

সামাজিক কার্যক্রম (Social Action as method of social change)

সামাজিক কার্যক্রম হলো একটি সুসংগঠিত এবং সুশৃঙ্খল প্রচেষ্টা যার মাধ্যমে সমাজের বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করে বাঞ্ছিত পরিবর্তন আনা হয় এবং জনগণকে সচেতন করে সমাজের উন্নয়ন করা হয়। এটি এমন একটি প্রক্রিয়া যেখানে বিভিন্ন প্রতিষ্ঠান, ব্যক্তি এবং গোষ্ঠী সমন্বিতভাবে কাজ করে এবং একে অপরের সাথে সম্পর্ক স্থাপন করে সামাজিক কল্যাণ বৃদ্ধি করে।

সামাজিক কার্যক্রমের মূল উদ্দেশ্য:

বাঞ্ছিত সামাজিক পরিবর্তন:

জনসচেতনতা বৃদ্ধি:

সম্পদ ও দক্ষতা বৃদ্ধি:

সমস্যা সমাধান:

উন্নয়নমূলক ধারা

সামাজিক কার্যক্রম যেসব আন্দোলনে পরিবর্তনের প্রভাবক ছিল:-

- সতীদাহ প্রথা নিরোধ আইন-১৮২৯
- হিন্দু বিধবা বিবাহ আইন—১৮৫৬
- মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ-১৯৬১
- শ্রমিক ক্ষতিপূরণ আইন -১৯২৩
- যৌতুক নিরোধ আইন- ১৯৮০

সামাজিক কার্যক্রমের উপাদান

- সামাজিক কার্যক্রমের উপাদান চিহ্নিত করতে গিয়ে "Social Work Year Book"" ৫টি উপাদান উল্লেখ করেছেন।
- গবেষণা(Research)
- সমাধান পরিকল্পনা(Planning of Solution)
- জনসমর্থন আদায় ও তালিকাভুক্তিকরন(Enlisting Public Support)
- সুনির্দিষ্ট প্রস্তাবনার উপস্থাপন(Presentation of a specific Proposal)
- কার্যকরীকরন(Enforcement)

সামাজিক কার্যক্রম প্রক্রিয়া

- সমস্যা চিহ্নিতকরন
- গবেষণা
- সচেতনতার উন্নয়ন
- সমাধান পরিকল্পনা
- সংশ্লিষ্ট দল ও গোষ্ঠীর সমর্থন লাভ
- যথাযথ কর্তৃপক্ষের কাছে সমস্যা প্রতিবেদন উপস্থাপন
- কার্যকরীকরন
- মূল্যায়ন

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

গুরুত্বপূর্ণ ২০০+ MCQ প্রশ্ন ও উত্তর

1) Who wrote the book " Introduction to Social Welfare? " (Introduction to Social Welfare গ্রন্থটি কে রচনা করেন?)

ক) Morals and sheafor
খ) Anni M. Minaham
গ) Robert L. Barker
ঘ) Walter A. Friedlander

উত্তর:-ঘ

ব্যাখ্যা:-

জার্মান আইনজ্ঞ ও সমাজকর্মের শিক্ষক ওয়াল্টার এ. ফ্রিডল্যান্ডার ১৮৯১ সালে জার্মানির বার্লিনে জন্মগ্রহণ করেন। তার বিখ্যাত গ্রন্থ Introduction to Social Welfare, যা ১০ টি বিদেশি ভাষায় অনূদিত হয়।

(সোর্স :- উচ্চ মাধ্যমিক সমাজকর্ম- মোহাম্মদ হুমায়ূন কবীর)

২)Which of the following is the goal of social work? (নীচের কোনটি সমাজকর্মের লক্ষ্য?)

ক) To impose social policy (সামাজিক নীতি চাপিয়ে দেওয়া)
খ) To obstruct social policy (সামাজিক নীতিকে বাধাগ্রস্ত করা)
গ) To improve social policy (সামাজিক নীতিকে ত্বরান্বিত করা)
ঘ) To make law (আইন তৈরি করা)

উত্তর:-ঘ

ব্যাখ্যা:-সমাজকর্মীরা কখনো আইন বা পলিসি তৈরি করেন না। তবে তারা পলিসিগুলো সঠিকভাবে করার ক্ষেত্রে সহযোগিতা প্রদান করে ও বাস্তবায়নে সহায়তা করে। NASW সমাজকর্মের ৪টি লক্ষ্যের কথা উল্লেখ করে। তন্মধ্যে অন্যতম একটি **To improve social policy.**

Source:- উচ্চ মাধ্যমিক সমাজকর্ম - মোহাম্মদ হুমায়ূন কবীর।

3) Which of the following goal of Social Work is not identified by Morals and sheafor as the goal of social work?(মোরালস ও শেফার-এর মতে সমাজকর্মের কোনটি লক্ষ্য নয়?)

ক) Caring
খ) Managing
গ) Curing
ঘ) Changing

উত্তর:-খ

ব্যাখ্যা:- Morals and Sheafor রচিত সমাজকর্মের বিখ্যাত গ্রন্থ " Social work ; A profession of Many Faces"। এই গ্রন্থে তিনি সমাজকর্মের তিনটি উদ্দেশ্যের কথা উল্লেখ করেন। ১) Caring(সেবামূলক) 2)Curing(নিরাময়মূলক), 3)Changing (পরিবর্তনমূলক)

4) The full form of "NASW " is--?(কোনটি "NASW "এর পূর্ণরূপ?)

ক) National Association of Social Work
খ) National Administration of Social Work
গ) National Association of social workers
ঘ) National Association of Social Welfare

উত্তর:-গ

ব্যাখ্যা:-NASW(National Association of social workers) আমেরিকার সমাজকর্মীদের সর্ববৃহৎ সংগঠন হিসেবে পরিচিত। সংগঠনটি ১৯৫৫ সালে প্রতিষ্ঠিত হয়।

5) "All human beings are born free and equal in dignity and rights " This indicates which type of right?("সকল মানুষ জন্মগতভাবে স্বাধীন ও মর্যাদার দিক থেকে সমান" এটা কোন ধরনের অধিকার?)

ক) Social rights(সামাজিক অধিকার)
খ) Political rights (রাজনৈতিক অধিকার)
গ) Constitutional Rights (সাংবিধানিক অধিকার)
ঘ) Human rights (মানবাধিকার)

উত্তর:-ঘ

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা:-মানবাধিকার হচ্ছে কতগুলো সংবিধিবদ্ধ অধিকারের সমষ্টি, যা পৃথিবীর যেকোনো প্রান্তের একজন মানুষ জন্মগতভাবে পেয়ে থাকে। জাতিসংঘের ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর গৃহীত UDHR (Universal Declaration of Human rights) মানবাধিকারের সর্বোচ্চ দলিল। UDHR এর প্রথম অনুচ্ছেদে লিখা আছে "All human beings are born free and equal in dignity and rights "

6) Which of the following is a Correctional service?(

ক) Day care centre(ডে কেয়ার সেন্টার) খ) Child Development centre (শিশু উন্নয়ন কেন্দ্র)
গ) Women care service (নারী সেবা কেন্দ্র) ঘ) Baby home(বেবি হোম)

উত্তর:-খ

ব্যাখ্যা:- কিশার - কিশোরী অপরাধীদের আচরণ সংশোধিত জন্য কল্যাণমূলক সেবা কর্মসূচি হলো কিশোর সংশোধনী কেন্দ্র। বর্তমানে যা কিশোর উন্নয়ন কেন্দ্র নামে পরিচিত। গাজীপুরের কোনাবাড়িতে একটা কিশোর উন্নয়ন কেন্দ্র সহ সারা বাংলাদেশে মোট তিনটি সংশোধনী কেন্দ্র রয়েছে।

সোর্স :- মূলভাব উচ্চ মাধ্যমিক সমাজকর্ম, মোহাম্মদ হুমায়ূন কবির

7) Name of the current President of IFSW?(IFSW এর বর্তমান সভাপতি কে?)

ক) Joachim Mumba খ) Dr. Rony truell
গ) Joseph Carter ঘ) Torty Chad Mumba

উত্তর:-ক

ব্যাখ্যা:- International Federation of Social workers (IFSW) এর বর্তমান প্রেসিডেন্ট জাম্বিয়ার সমাজকর্মী Joachim Mumba। তিনি একইসাথে জাম্বিয়ার Social workers Association of Zambia এর সমাজকর্মী।https://www.ifsw.org/new-ifsw-global-president-elected/

8) From which country, Social work profession was started? (সমাজকর্ম পেশার সুচনা হয় কোন দেশ থেকে?)

ক) USA খ) Canada গ) UK ঘ) Germany

উত্তর:-গ

ব্যাখ্যা:-সমাজকর্মের সূচনা ঘটেছে যুক্তরাজ্যে। সমাজকর্ম পেশার বিবর্তনে প্রভাব বিস্তারকারী প্রথম প্রতিষ্ঠান হলো Charity Organization Society (COS)। এটি যুক্তরাজ্যে ১৮৬৯ সালে প্রতিষ্ঠা লাভ করে। পরবর্তীতে ১৮৭৭ সালে USA তে এই সংগঠন প্রতিষ্ঠা লাভ করে। প্রথমে ইংল্যান্ডে এর সূচনা হয় বলে, ইংল্যান্ডকে সমাজকর্মের আদি নিবাস বলা হয়। সোর্স :- উচ্চ মাধ্যমিক সমাজকর্ম- মোঃ শহীদুল্লাহ্

9) In which year, UNECOSOC said about three characteristics of social work?(UNECOSOC কতসালে সমাজকর্মের তিনটি বৈশিষ্টের কথা উল্লেখ করেন?)

ক) 1952 খ) 1950 গ) 1960 ঘ) 1955

উত্তর:-খ

ব্যাখ্যা:- UNECOSOC(United Nations economic and social Commission) ১৯৫০ সালে জাতিসংঘের একটি জরিপ পরিচালনার মাধ্যমে সমাজকর্মের তিনটি বৈশিষ্ট্য নির্ধারণ করেন।(১) It's a helping activity ..... 02) it's a social activity established....
... 03) it's a liaison activity....
..... Source :- Higher Secondary social work : Md. Humayun Kabir.

10) Which of the unique feature makes social work different from other branches of Social science ?(কোন স্বতন্ত্র বৈশিষ্ট্যের জন্য সমাজকর্ম সামাজিক বিজ্ঞানের অন্যান্য শাখা থেকে আলাদা?)

ক) Theoretical knowledge (তত্বীয় জ্ঞান) খ) Practical field (প্রয়োগ ক্ষেত্র)
গ) Thematic issues(মূল বক্তব্য) ঘ) Emphatic issues (প্রায়েঅগিক বিষয়)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

উত্তর:-খ

ব্যাখ্যা:-সমাজকর্ম একটি সাহায্যকারী পেশা। সামাজিক বিজ্ঞানের শাখাসমূহের মধ্যে সমাজকর্ম শুধু বাস্তবক্ষেত্রে জ্ঞান প্রয়োগ করতে পারে। সমাজকর্মীরা সমস্যাগ্রস্ত ব্যক্তি, দল, ও সমষ্টির উদ্ভূত সমস্যার যুগোপযোগী ও স্থায়ী সমাধান দেয়।

11) In which year, NASW said about the goals of social work?(**কতসালে NASW সমাজকর্মের লক্ষ্যের ব্যাপারে কথা বলেন?)**

ক) 1981 খ) 1985 গ) 1982 ঘ) 1983

উত্তর:-ক

ব্যাখ্যা:-National Association of social workers (NASW) ১৯৮১ সালে সমাজকর্মের ৪টি উদ্দেশ্যের কথা বলেন। যেমন :- (০১)To enhance problem solving, (02) To link people with resources, (03) To promote effective human service system, (04) To develop and improve social policy (সোর্সঃ- উচ্চ মাধ্যমিক সমাজকর্ম)

12) How many roles social work play to render its service? **(সমাজকর্ম সেবাদানের ক্ষেত্রে কয় ধরনের ভূমিকা পালন করে?)**

ক) Two খ) Four গ) Single ঘ) Three

উত্তর:-ঘ

ব্যাখ্যা:-সমাজকর্মীরা সমাজকর্মের পেশাগত সেবা প্রদান করার ক্ষেত্রে তিন ধরনের ভূমিকা পালন করে। এই তিন ধরনের ভূমিকাগুলো হলো:- প্রতিকার, প্রতিরোধ ও উন্নয়ন। এই পদ্ধতিতে সমাজকর্মীরা সমস্যার স্থায়ী সমাধান দেয়।

13) How many sectors are defined as the scope of social work by Walter A. Friedlander? **ওয়াল্টার এ. ফ্রীডল্যান্ডার সমাজকর্মের কতটি** ক্ষেত্রের কথা বলেন?)

ক) 13 খ) 12 গ) 14 ঘ) 10

উত্তর:-ক

ব্যাখ্যা:- Walter A. Friedlander তার বিখ্যাত গ্রন্থ "Concept and Methods of Social work " এ সমাজকর্মের ১৩ টি ক্ষেত্রের কথা উল্লেখ করেন। এগুলোর মধ্যে সরকারি সাহায্য, সামাজিক বীমা, পরিবার সেবা, শিশু কল্যাণ ইত্যাদি অন্যতম।

14) In modern world, how many programmes are included in social security programs?(**আধুনিককালে সামাজিক নিরাপত্তা কর্মসূচির কয়টি ভাগ আছে?)**

ক) Four types খ) Five types গ) Six types ঘ) Three types

উত্তর:-ঘ

ব্যাখ্যা:-আধুনিককালে সামাজিক নিরাপত্তা কর্মসূচির অধীন তিনটি বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়। যেমন :(১) সামাজিক বীমা, (২) সামাজিক সাহায্য, (৩) সমাজসেবা। তবে কেউ কেউ সমাজসেবাকে এর মধ্যে অন্তর্ভুক্ত করতে একমত নয়। সোর্স : উচ্চ মাধ্যমিক সমাজকর্ম,,(মোঃ হুমায়ুন কবির)

15) which of the following service is considered as social Insurance? **(নীচের কোন সেবাটি সামাজিক বীমা?)**

ক) Old age allowance (বৃদ্ধ ভাতা) খ) Maternity allowance (মাতৃত্বকালীন ভাতা)
গ) Pension (পেনশন) ঘ) Allowance for disabled (প্রতিবন্ধীদের ভাতা)

উত্তর:-গ

ব্যাখ্যা:-সামাজিক বীমা হলো কোনো দুর্ঘটনা বা বিরূপ পরিস্থিতির সম্মুখীন হওয়া ব্যক্তিকে অর্থনৈতিক ও সামাজিক সুরক্ষায় আনার প্রক্রিয়া। এর মধ্যে অন্তর্ভুক্ত হলো পেনশন, ভবিষ্য তহবিল, কল্যাণ তহবিল, যৌথ বীমা ও শ্রমিক ক্ষতিপূরণ ইত্যাদি।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

16) Who first initiated the mass level Social Insurance program? (কে সর্বপ্রথম গনহারে সামাজিক বীমা কর্মসূচী হাতে নেন?)

ক) Franklin Roosevelt
খ) Otto Von Bismarck
গ) Jurith Butlar
ঘ) Widdrow Wilson

উত্তর:-খ

ব্যাখ্যা:- সামাজিক বীমা কর্মসূচিই মূলত প্রথম সামাজিক নিরাপত্তার ধারণাকে ত্বরান্বিত করে। সামাজিক বীমা কর্মসূচির মতো এই মহান উদ্যোগ প্রথম গ্রহণ করেছিলেন জার্মানির চ্যান্সেলর অটোভন বিসমার্ক। তিনি১৮৩৩-৩৪ সালে সর্বপ্রথম কতগুলো শর্ত সাপেক্ষে ব্যাপক বীমা কর্মসূচি গ্রহণ করেন। (উচ্চ মাধ্যমিক সমাজকর্ম: মোঃ হুমায়ুন কবির)

17) By Social Change, Morris Ginsburg tried to mean.....? (মরিস জিনসবার্গ সামাজিক পরিবর্তনের মাধ্যমে কী বুঝাতে চেয়েছেন?)

ক) Change of social custom(সামাজিক প্রথার পরিবর্তন)
খ) Change of social values (সামাজিক মূল্যবোধেরর পরিবর্তন)
গ) Change of social structure (সামাজিক কাঠামোর পরিবর্তন)
ঘ) Change in political structure (রাজনৈতিক কাঠামোর পরিবর্তন)

উত্তর:-গ

ব্যাখ্যা:-সময়ের সাপেক্ষে সমাজের নিয়ত রূপান্তরকে সামাজিক পরিবর্তন বলে। মরিস জিনসবার্গ(Morris Ginsburg) সামাজিক পরিবর্তন বলতে সমাজ কাঠামোর পরিবর্তনকে বুঝিয়েছেন।(উচ্চ মাধ্যমিক সমাজকর্ম, শহীদুল্লাহ্)

18) Positive change of society is popularly known as.....?(সমাজের ইতিবাচক পরিবর্তন কী নামে পরিচিত..?)

ক) Social reform
খ) Social Alteration
গ) Social obstruct
ঘ) Social Development

উত্তর:-গ

ব্যাখ্যা:-মরিস জিনসবার্গ সামাজিক পরিবর্তনকে মূলত দুইভাগে ভাগ করেন।ইতিবাচক পরিবর্তনকে তিনি সামাজিক উন্নয়ন বলেছেন এবং নেতিবাচক পরিবর্তনকে সামাজিক সমস্যা হিসেবে অভিহিত করেছেন। (সোর্স : উচ্চ মাধ্যমিক সমাজকর্ম: শহীদুল্লাহ্)

19) Which of the following book is not written by William Beveridge?(নীচের কোন গ্রন্থটি উইলিয়াম বিভারিজের লেখা?)

ক) Unemployment : A great distress
খ) Pillars of security
গ) Unemployment : A problem of Industry
ঘ) Full Unemployment in a free society

উত্তর:-গ

ব্যাখ্যা:- উইলিয়াম হেনরি বিভারিজ ছিলেন বিখ্যাত ব্রিটিশ অর্থনীতিবিদ ও সমাজ সংস্কারক। ১৯৪২ সালে "বিভারিজ রিপোর্ট" প্রদান করে তিনি বিখ্যাত হন। তিনি অনেকগুলো গ্রন্থের রচয়িতা। তন্মধ্যে বিখ্যাত কয়েকটি হলো:- Unemployment : A problem of Industry, Pillars of security, Full employment in a free society.

২0) According to Harry M. Cassidy, Which is called as Social service?(হ্যারি এম. ক্যাসিডির মতে কোনটি সমাজসেবা?)

ক) Doing public welfare(জনকল্যাণ করা)
খ) Improvement of human resources (মানবসম্পদ উন্নয়ন করা)
গ) Enhancing women rights(নারী অধিকার ত্বরান্বিত করা)
ঘ) Rural Welfare (গ্রামীন কল্যাণ)

উত্তর:-খ

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা:- সমাজসেবার সবচেয়ে বিখ্যাত ও অর্থবহুল সংজ্ঞাটি প্রদান করেছেন হ্যারি এম. ক্যাসিডি। তার মতে, সমাজসেবা হলো সেসব কর্মসূচি যা প্রত্যক্ষভাবে মানবসম্পদ সংরক্ষণ, প্রতিপালন ও উন্নয়নে নিয়োজিত। (উচ্চ মাধ্যমিক সমাজকর্ম; হুমায়ূন কবির)

২১) Who gave 5 giants theory?(কে পঞ্চদৈত্য তত্ত্বের প্রবক্তা?)

ক) William Beveridge খ) William Robinson

গ) Woodrow Willson ঘ) William Frederic

উত্তর:-ক

ব্যাখ্যা:-উইলিয়াম হেনরি বিভারিজ ছিলেন বিখ্যাত ব্রিটিশ অর্থনীতিবিদ ও সমাজসংস্কারক। দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী ক্ষতিগ্রস্ত ব্রিটিশ সাম্রাজ্যের আর্থ-সামাজিক সমস্যার মূল কারণগুলো চিহ্নিত করেন এবং ব্রিটিশ সরকারকে ৫টি সুপারিশ প্রদান করেন। তিনি ৫টি সামাজিক সমস্যাকে "5 giants " বলে আখ্যায়িত করেন। এটিই 5 giants theory নামে পরিচিত।

22) When was Beveridge report published by William Beveridge?(কতসালে উইলিয়াম বিভারিজ তার বিভারিজ রিপোর্ট প্রকাশ করেন?)

ক) 1952 খ) 1942 গ) 1941 ঘ) 1943

উত্তর:-ক

ব্যাখ্যা:-ব্রিটিশ অর্থনীতিবিদ স্যার উইলিয়াম বিভারিজ তৎকালীন ব্রিটিশ ভারতের রংপুর জেলায় ১৮৭৯ সালে জন্মগ্রহন করেন। বিশ্বে কল্যাণরাষ্ট্রের ধারণার সূত্রপাত হিসেবে বিভারিজ রিপোর্ট ১৯৪২ সালে তুমুল খ্যাতি অর্জন করে। রিপোর্টটি উইলিয়াম বিভারিজকে অনন্য উচ্চতায় আসীন করে।

২৪) Which of the following indicator does not indicate the development of a country?(নীচের কোন নির্দেশকটি দেশের উন্নয়ন নির্দেশ করে না?)

ক) Poverty rate (দরিদ্রের হার) খ) Social stigma rate (সামাজিক কালিমার হার)

গ) Child mortality rate (শিশু মৃত্যুর হার) ঘ) Literacy rate (সাক্ষরতার হার)

উত্তর:-খ

ব্যাখ্যা:-সমাজের বিদ্যমান পরিস্থিতি থেকে অপেক্ষাকৃত ভালো অবস্থায় উত্তরণকেই সামাজিক উন্নয়ন বলে। সামাজিক উন্নয়নের কতগুলো সূচক রয়েছে, যেগুলো একটি দেশের উন্নয়নের মাত্রা নির্দেশ করে। তাদের মধ্যে কয়েকটি হলো জন্মহার,। শিক্ষার হার, দারিদ্র্যের হার, মানবসম্পদ উন্নয়ন ইত্যাদি।।

২৫) At present, Which State is bound to ensure social security for her citizens?(বর্তমানে কোন দেশ তার নাগরিকদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে বাধ্য?)

ক) Welfare state(কল্যাণ রাষ্ট্র) খ) Socialist state (সমাজতান্ত্রিক রাষ্ট্র)

গ) Democratic state(গনতান্ত্রিক রাষ্ট্র) ঘ) Communist state (পুজিবাদী রাষ্ট্র)

উত্তর:-ক

ব্যাখ্যা:-বিশ্বে সকল রাষ্ট্রসমূহই কল্যাণ রাষ্ট্র হওয়ার প্রয়াস করলেও শুধু কল্যাণ রাষ্ট্রেই রাষ্ট্র নাগরিকদের সামাজিক নিরাপত্তা প্রদানে বাধ্য থাকে। রাষ্ট্রে গনতন্ত্র কায়েম থাকলেও কল্যাণরাষ্ট্র হতে যথেষ্ট কাঠখড় পোহাতে হয়। এজন্য গনতান্ত্রিক রাষ্ট্র মানেই কল্যাণ রাষ্ট্র নয়। (উচ্চ মাধ্যমিক সমাজকর্ম, শহীদুল্লাহ)

২৬) In Beveridge report, how many recommendations were included by William beveridge?(বিভারিজ রিপোর্টে উইলিয়াম বিভারিজ কয়টি সুপারিশের কথা তুলে ধরেন?)

ক) 6 খ) 7 গ) 5 ঘ) 4

উত্তর:-গ

ব্যাখ্যা:-প্রখ্যাত বৃটিশ অর্থনীতিবিদ উইলিয়াম হেনরি বিভারিজ ১৯৪২ সালে তার বিভারিজ রিপোর্ট প্রদান করেন।উক্ত রিপোর্টে তিনি ৫টি সমস্যা, ৫টি সুপারিশ ও ৬ টি বাস্তবায়ন মৌলিক নীতি অন্তর্ভুক্ত করেন। (উচ্চ মাধ্যমিক সমাজকর্ম:- হুমায়ূন কবির)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

27) Which of the following problem is not included in the list of 5 giants?(নীচের কোনটি পঞ্চদৈত্যের ধারনার সাথে জড়িত নয়?)

ক) Want(অভাব) খ) Disability(প্রতিবন্দীত্ব)
গ) Disease (রোগ) ঘ) Indolence (অলসতা)

উত্তর:-খ

ব্যাখ্যা:-প্রখ্যাত বৃটিশ অর্থনীতিবিদ উইলিয়াম হেনরি বিভারিজ ১৯৪২ সালে তার বিভারিজ রিপোর্ট প্রদান করেন।উক্ত রিপোর্টে তিনি ৫টি সমস্যা, ৫টি সুপারিশ ও ৬ টি বাস্তবায়ন মৌল নীতি অন্তর্ভুক্ত করেন। (উচ্চ মাধ্যমিক সমাজকর্ম:- হুমায়ূন কবির) পাঁচটি সমস্যাকে (Want, Squalor, disease, Idleness, ignorance) 5 giants বলে আখ্যায়িত করেন।

২৪) Head quarters of IFSW(International Federation of social workers) is...?(IFSW এর সদর দফতর কোথায়?)

ক) England খ) USA গ) Canada ঘ) Switzerland

উত্তর:-ঘ

ব্যাখ্যা:-IFSW(International Federation of social workers) ১২ টি পেশাগত সংগঠন ও তিন লাখের উপর সমাজকর্মী সমন্বয়ে গঠিত একটি সংগঠন। এর সদর দফতর সুইজারল্যান্ডের রেইনফেলডেন শহরে অবস্থিত। https://www.ifsw.)

29) In which year, Social work Education was initiated in China? (সমাজকর্ম শিক্ষা কতসাল থেকে চীনে চালু হয়?)

ক) 2009 খ) 2008 গ) 2007 ঘ) 2010

উত্তর:-ক

ব্যাখ্যা:-বিংশ শতাব্দীর প্রথমার্ধ থেকে অদ্যবদি ইউরোপ, আমেরিকা, অস্ট্রেলিয়া, এশিয়া ও এমনকি আফ্রিকা মহাদেশেও সমাজকর্মকে উচ্চ শিক্ষার সাবজেক্ট হিসেবে পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। চীনে ২০০৯ সালে ১০ টি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছিলো। বর্তমানে ৩০০ এর অধিক বিশ্ববিদ্যালয়ে সমাজকর্ম পাঠদান চলছে। (উচ্চ মাধ্যমিক সমাজকর্ম, হুমায়ূন কবির)

30) In which year, the recommendations and policies of Beveridge report were accepted by British Govt.?(কতসালে বিভারিজ রিপোর্টের সুপারিশ গৃহিত হয়)

ক) 1945 খ) 1946 গ) 1944 ঘ) 1943

উত্তর:-ক

ব্যাখ্যা:-প্রখ্যাত বৃটিশ অর্থনীতিবিদ উইলিয়াম হেনরি বিভারিজ ১৯৪২ সালে তার বিভারিজ রিপোর্ট প্রদান করেন।উক্ত রিপোর্টে তিনি ৫টি সমস্যা, ৫টি সুপারিশ ও ৬ টি বাস্তবায়ন মৌল নীতি অন্তর্ভুক্ত করেন। (উচ্চ মাধ্যমিক সমাজকর্ম:- হুমায়ূন কবির) পাঁচটি সমস্যাকে (Want, Squalor, disease, Idleness, ignorance) 5 giants বলে আখ্যায়িত করেন। এই রিপোর্টটি ব্রিটিশ সরকার কর্তৃক ১৯৪৫ সালে গৃহীত হয়।

31) By whom "Common Human Needs" was written? ("Common Human Needs" কে লিখেছেন?)

ক) Robert L. Barker (রবার্ট এল. বার্কার) খ) Gordon Marshal (গর্ডন মার্শাল)
গ) Abraham Maslow (আব্রাহাম মাসলো) ঘ) Charlotte Towle (শার্লট টাউল)

উত্তর:-ক

ব্যাখ্যা:- শালর্ট টোলে (charlotte Towle) একজন মার্কিন সমাজকর্মী। তাঁর বিখ্যাত গ্রন্থ "common Human Needs "-এ ছয়টি মৌল মানবিক চাহিদার কথা উল্লেখ করেন। এগুলো হলো: ১)খাদ্য ২)বস্ত্র ৩)বাসস্থান ৪)শিক্ষা ৫)সাস্থ্য ও ৬)চিত্তবিনোদন (সোর্স: উচ্চ -মাধ্যমিক সমাজকর্ম :হুমায়ুন কবির)

32) Which of the following is not basic needs? (নিম্নলিখিত কোনটি মৌলিক চাহিদা নয়?)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ক) Food খ) Sleep গ) Sex ঘ) Education

উত্তর:-ঘ

ব্যাখ্যা:-

মৌলিক চাহিদা:যেসকল চাহিদাসমূহ মানুষসহ সকল প্রানীর অস্তিত্বের জন্য অত্যাবশ্যক সেগুলোই মৌলিক চাহিদা বলে।যেমন : **খাদ্য, ঘুম, যৌন চাহিদা**

অপরদিকে কতগুলো বিশেষ চাহিদা মানুষের সভ্য সামাজিক বিকাশের জন্য জরুরি, সেগুলোই মানবিক চাহিদা। যেমন : বস্ত্র, বাসস্থান, **শিক্ষা** ইত্যাদি।

33) "A Theory of Human Motivation " was published in which year? "A Theory of Human Motivation " was published in which year? ("A Theory of Human Motivation "কখন প্রকাশিত হয়?)

ক) 1943 খ) 1942 গ) 1941 ঘ) 1945

উত্তর:-ক

ব্যাখ্যা:- Abraham Maslow মানব চাহিদার গতিশীলতার উপর তার একটি চমৎকার তত্ত্ব দেন। তিনি ১৯৪৩ সালে তার A theory of Human Motivation গ্রন্থে বিস্তারিত বর্ণনা প্রদান করেন। একটি পিরামিডের মধ্যে পাঁচ স্তর বিশিষ্ট চাহিদার সমন্বয় ঘটিয়েছেন। যার মধ্যে প্রথম স্তরের চাহিদা বা জৈবিক চাহিদাগুলো প্রথমে পূরণীয় বলে উল্লেখ করেন।

34) Which of the following basic need is used to protect our body from the unfavourable condition of nature? (নিম্নলিখিত কোন মৌলিক চাহিদা প্রকৃতির প্রতিকূল অবস্থার থেকে আমাদের শরীরকে রক্ষা করে?)

ক) Food খ) Housing গ) Clothing ঘ) Medical care

উত্তর:-গ

ব্যাখ্যা:-মৌল মানবিক চাহিদাগুলোর মধ্যে মানব সভ্যতার ধারক ও বাহক হিসেবে ভাবা হয় বস্ত্রকে। প্রাকৃতিক বিভিন্ন প্রতিকূল পরিস্থিতি থেকে নিজের দেহকে সুরক্ষিত রাখতে বস্ত্র পরিধান অত্যাবশ্যকীয়।

- খাদ্যের পাশাপাশি সামাজিকতা রক্ষার তাগিদ মানবজীবনে চিরন্তন।

35) Which of the following basic need constantly enhances permanent human society? (নিম্নলিখিত কোন মৌলিক চাহিদা স্থায়ী মানব সমাজকে নিয়মিত উন্নত করে?)

ক) Housing (বাসস্থান) খ) Clothing (পোশাক)
গ) Education (শিক্ষা) ঘ) Security (নিরাপত্তা)

উত্তর:-ক

ব্যাখ্যা:-মানবজাতির স্থায়িত্ব বজায় রেখেছে বাসস্থান।সামাজিক জীব হিসেবে মানুষ নির্দিষ্ট বাসস্থান ছাড়া সমাজ গড়ে তুলতে পারে না। এজন্য বাসস্থানকে সমাজের বুনিয়াদ বলা যায়। স্থায়ী বাসস্থান সামাজিক সংহতি ও সামাজিক নিয়ন্ত্রণের ধারক ও বাহক।

36) Which of the article of the constitution directly says about recreation? (সংবিধানের কোন অনুচ্ছেদ সরাসরি বিনোদনের কথা বলে?)

ক) Article 16(c) খ) Article 15(c)
গ) Article 16(b) ঘ) Article 15(b)

উত্তর:-খ

ব্যাখ্যা:-বাংলাদেশের সংবিধানের ১৫ অনুচ্ছেদে মৌল মানবিক চাহিদা সন্নিবেশিত রয়েছে।তন্মধ্যে সংবিধানের ১৫(গ) অনুচ্ছেদে যুক্তিসংগত বিশ্রাম, বিনোদন ও অবকাশের কথা বলা হয়েছে। চিত্তবিনোদন মানসিক স্বাস্থ্যের মূল খোরাক।(সোর্স: সংবিধান)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

37) "Health is not just free from disease " which organisation opined this? ("স্বাস্থ্য বলতে শুধু রোগমুক্ত নয়" কোন প্রতিষ্ঠান এ মত দেয়?)

ক) UNFPA
খ) WHO
গ) world Health Foundation
ঘ) UNDP

উত্তর:-খ

ব্যাখ্যা:-বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)১৯৪৮ সালে স্বাস্থ্যের সংজ্ঞায় বলে, "Health is the complete physical, mental and social well-being, not merely free from disease."- এই সংজ্ঞাটি স্বাস্থ্যের ধারণার পরিবর্তন ঘটায়।

38) How many types of food on the basis of elements? (উপাদানের ভিত্তিতে খাদ্য কত প্রকার?)

ক) 4
খ) 5
গ) 6
ঘ)7

উত্তর:-গ

ব্যাখ্যা:- বিভিন্ন পুষ্টিবিদগন উপাদান অনুযায়ী খাদ্যকে ৬ টি শ্রেণিতে ভাগ করেছেন। এগুলো হলো: প্রোটিন শর্করা, স্নেহ, ভিটামিন, খনিজ লবণ ও পানি। (উৎস: উচ্চ মাধ্যমিক সমাজকর্ম)

39) In order to optimise human resources, which basic human need should be emphasised? (মানব সম্পদ সর্বাধিক করার জন্য কোন মৌলিক মানবিক চাহিদাকে গুরুত্ব দেওয়া উচিত?)

ক) Food (খাদ্য)
খ) Medical service (চিকিৎসা সেবা)
গ) Recreation (বিনোদন)
ঘ) Education (শিক্ষা)

উত্তর:-ক

ব্যাখ্যা:-শিক্ষা হলো মানবসম্পদ উন্নয়নের মূল হাতিয়ার। সুশিক্ষা জাতির মেরুদণ্ড। শিক্ষাই মানুষের মেধা ও যোগ্যতার বিকাশ ঘটিয়ে তাকে মানবসম্পদে পরিণত করে।

40) "Community recreation" is written by which famous writer? ("Community recreation" কোন বিখ্যাত লেখক লিখেছেন?)

ক) H.B. Mayer (এইচ. বি. মেয়ার)
খ) H. W. Bright Bill (এইচ. ডব্লিউ. ব্রাইট বিল)
গ) K. C. Wheat (কে. সি. হুইট)
ঘ) W.B. Yeats (ডব্লিউ. বি. ইয়েটস)

উত্তর:-ক

ব্যাখ্যা:- Community Recreation বইটির লেখক Harold B.Mayer এবং Charles K. Bright Bill নামক দুইজন সমাজবিজ্ঞানী। উল্লেখ্য H. W. Bright Bill বলে কোনো লেখক নেই।

41) In which National policy, "Brotochari" education or vow education has been declared as a part of education? (কোন জাতীয় নীতিতে "ব্রতচারী" শিক্ষা বা শপথ শিক্ষা শিক্ষার অংশ হিসাবে ঘোষণা করা হয়েছে?)

ক) National youth policy - 2017 (জাতীয় যুবনীতি - ২০১৭)
খ) National Education policy -2010 (জাতীয় শিক্ষা নীতি - ২০১০)
গ) National Education policy -2011 (জাতীয় শিক্ষা নীতি - ২০১১)
ঘ) National women policy - 2009 (জাতীয় মহিলা নীতি - ২০০৯)

উত্তর:-গ

ব্যাখ্যা:-নির্মল চিত্তবিনোদনের মাধ্যমে সুষ্ঠু সামাজিকীকরণ, পরিবর্তিত পরিস্থিতি বা পরিবেশের সাথে সামঞ্জস্য বিধান করে নেতৃত্ব ও যোগ্যতার বিকাশ ত্বরান্বিত হয়। এজন্য জাতীয় শিক্ষানীতি ২০১০ এ ব্রতচারী শিক্ষা বা আনন্দম শিক্ষাকে স্বীকৃতি প্রদান করেছে সরকার। (উৎস: উচ্চ মাধ্যমিক সমাজকর্ম)

42) "Health is the complete physical, mental, and social well being." quoted by WHO in which year? ("Health is the complete physical, mental, and social well being." এই উক্তি কোন বছরে WHO উল্লেখ করেছে?)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ক) 1984 খ) 1942 গ) 1948 ঘ) 1982

উত্তর:-গ

ব্যাখ্যা:-বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)১৯৪৮ সালে স্বাস্থ্যের সংজ্ঞায় বলে, "Health is the complete physical, mental and social well-being, not merely free from disease." এই সংজ্ঞাটি স্বাস্থ্যের ধারণার পরিবর্তনঘটায়।

43) Which of the following event (ঘটনা) helped to think about professional social work (পেশাগত সমাজকর্ম) ?

ক) Technical transformation (যান্ত্রিক পরিবর্তন) খ) Economic revolution (অর্থনৈতিক বিপ্লব)
গ) Social revolution (সামাজিক বিপ্লব) ঘ) Industrial Revolution (শিল্প বিপ্লব)

উত্তর:-ঘ

ব্যাখ্যা:- সমাজকর্ম পেশার বিকাশে শিল্প বিপ্লব ছিল একটি যুগান্তকারী ঘটনা। এটি ১৭৫০-১৮৫০ সালের মধ্যে ঘটেছিল। এজন্য সমাজে সমস্যাগুলো ভিন্ন রুপ ধারণ করে। ফলে, পেশাগত সমাজকর্মের উদ্ভব ঘটে। (উচ্চ মাধ্যমিক সমাজকর্ম: শহীদুল্লাহ্।)

44) By which of the following activiti did the onset (সূচনা) of social work happen?

ক) Waqf (ওয়াকফ) খ) Charity (দানশীলতা)
গ) Zakat (যাকাত) ঘ) Debottor (দেবোত্তর)

উত্তর:-খ

ব্যাখ্যা:- প্রাচীনকাল থেকে সকল ধর্মের মানুষই ধর্মীয় অনুপ্রেরণায় দানকর্ম সম্পাদন করে আসছিলো।সকল যুগেই মানুষ অসহায়, ক্ষুধার্ত ও দুর্দশাগ্রস্তদের সাহায্যে দান করতো।এজন্য Charity বা দানশীলতাকে সমাজকর্মের সূচনাকারী অনুঘটক বলা হয়। (সমাজকর্মের ইতিহাস ও দর্শন : আতিকুর রহমান)

ব্যাখ্যা:- ব্যক্তি সমাজকর্মের সমস্যা সমাধান প্রক্রিয়া বেশ কয়েকটি ধাপে সম্পাদন হয়।এগুলো হলো:- ১)মনো-সামাজিক অনুধ্যান(Psycho- Social Study) ২)অন্তর্বর্তীকালীন ব্যবস্থা (Prognosis) ৩)সমস্যা নির্ণয় /Diagnosis(তিন সময়; প্রথমে, মাঝে,ও শেষে) ৪)চিকিৎসা বা সমাধান/ Treatment:-৩ ধরনের: (১.প্রত্যক্ষ সমর্থনমূলক পদ্ধতি, ২. পরোক্ষ বা সংশোধনমূলক পদ্ধতি, ৩. বৈষয়িক সাহায্যদান পদ্ধতি ৫)মূল্যায়ন (Evaluation):-(তিন সময়; প্রথমে, মাঝে,ও শেষে)6)সমাপ্তি(Termination) 7)অনুসরন(Follow-up) 8)প্রেরণ(Referral)

168) The goal of social Administration is- (সামাজিক প্রশাসনের লক্ষ্য কী?)

ক) To comment social policy (সামাজিক নীতির উক্তি)

খ) To execute social policy (সামাজিক নীতির বাস্তবায়ন)

গ) To create awareness (সচেতনতা তৈরি)

ঘ) To reform society (সমাজ সংস্কার)

উত্তর:-খ

ব্যাখ্যা:- সামাজিক প্রশাসনের মূল লক্ষ্য হলো সমাজের দুর্বল অংশকে সাহায্য করা, সামাজিক নীতি ও আইন কার্যকর করা, এবং ব্যক্তি ও সম্প্রদায়ের কল্যাণের জন্য প্রয়োজনীয় সম্পদ ও পরিষেবা সরবরাহ করা, যার ফলে সামাজিক ন্যায়বিচার ও মানুষের জীবনের উন্নতি সাধন হয়। এর মাধ্যমে সমাজে সুষ্ঠু সামাজিক সম্পর্ক ও কার্যকারিতা নিশ্চিত করা এবং মানুষের চাহিদা পূরণ করে তাদের ক্ষমতায়ন করা হয়।সামাজিক প্রশাসনের প্রধান লক্ষ্যসমূহ:(০১)সামাজিক নীতির বাস্তবায়ন: (০২)সুবিধাবঞ্চিতদের কল্যাণ:

169) Which is the goal of social Research? (সামাজিক গবেষণার উদ্দেশ্য কী?)

ক) To educate (শিক্ষিত করা) খ) To invest (বিনিয়োগ করা)

গ) To investigate(অনুসন্ধান করা) ঘ) To repeat (পুনরাবৃত্তি করা)

উত্তর:- গ

ব্যাখ্যা:- সামাজিক গবেষণার প্রধান উদ্দেশ্য হলো সমাজ, সামাজিক সম্পর্ক, এবং মানুষের আচরণ সম্পর্কে নতুন জ্ঞান অর্জন করা, বিদ্যমান সামাজিক ঘটনাগুলো ব্যাখ্যা করা, এবং সামাজিক সমস্যাগুলো চিহ্নিত ও সমাধান করা। এটি সমাজবিজ্ঞানকে সমৃদ্ধ করে, নতুন তত্ত্ব ও ধারণার বিকাশে সহায়তা করে এবং সমাজের গঠন, কার্যকারিতা ও পরিবর্তন বুঝতে সাহায্য করে।সামাজিক গবেষণার মূল উদ্দেশ্যগুলো হলো:(০১)সমাজের বিভিন্ন দিক, মানুষের আচরণ এবং সামাজিক কার্যকলাপ সম্পর্কে পদ্ধতিগত ও বৈজ্ঞানিক জ্ঞান অর্জন করা।(০২) সামাজিক ঘটনা ও সম্পর্কের কার্যকারণ সম্পর্কগুলো ব্যাখ্যা করা এবং বিদ্যমান সামাজিক তত্ত্বগুলোকে পরীক্ষা ও মূল্যায়ন করা।

170) The goal of social action is- (সামাজিক কার্যক্রমের লক্ষ্য কোনটি?)

ক) Social reform (সামাজিক সংস্কার) খ) Research (গবেষণা)

গ) Social dignity (সামাজিক মর্যাদা) ঘ) Social Insurance (সামাজিক বীমা)

উত্তর:- ক

ব্যাখ্যা:- সামাজিক কার্যক্রম বলতে বাঞ্ছিত সামাজিক পরিবর্তন সাধন ও সমর্থন আদায়ের জন্য পরিচালিত একটি সুসংবদ্ধ ও সুশৃঙ্খল প্রচেষ্টা। এটি একটি সম্মিলিত প্রচেষ্টা যার মাধ্যমে সমাজের অনাকাঙ্ক্ষিত বিষয়গুলোকে সংশোধন বা পরিবর্তনের মাধ্যমে উন্নয়ন সাধন করা হয়। জনগণের মধ্যে সচেতনতা তৈরি করে এবং তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে ব্যক্তি, পরিবার ও সমষ্টির সার্বিক কল্যাণ বৃদ্ধি করাই এর প্রধান লক্ষ্য।

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

171) Who is called the father of social group work? (দল সমাজকর্মের জনক বলা হয় কাকে?)

ক) John Addams খ) Jane Addams গ) Jene Addams ঘ) Jon Addams

উত্তর:-খ

ব্যাখ্যা:- সমাজকর্মী জন অ্যাডামস আসলে জেন অ্যাডামস (Jane Addams), যিনি একজন আমেরিকান সমাজকর্মী, সমাজবিজ্ঞানী, নারীবাদী এবং আন্তর্জাতিকতাবাদী ছিলেন। তিনি ১৯ শতকের শেষের দিকে এবং ২০ শতকের শুরুর দিকে সমাজ সংস্কারের কাজে নেতৃত্ব দেন, বিশেষ করে 'হাল হাউজ' (Hull House) প্রতিষ্ঠার মাধ্যমে তিনি বসতি স্থাপন আন্দোলনের (settlement movement) একজন অগ্রণী ব্যক্তিত্ব হিসেবে পরিচিতি লাভ করেন। ১৯৩১ সালে তিনি নোবেল শান্তি পুরস্কার লাভ করেন, যা তাকে এই পুরস্কারপ্রাপ্ত প্রথম আমেরিকান মহিলা হিসেবে পরিচিতি দেয়।জেন অ্যাডামস উনিশ শতকের শেষের দিকে শিকাগোতে 'হাল হাউজ' প্রতিষ্ঠা করেন, যা ছিল একটি কমিউনিটি সেন্টার। এটি ইমিগ্র্যান্টদের জীবনযাত্রার মান উন্নত করতে সহায়তা করত এবং সামাজিক সেবার জন্য একটি মডেল হিসেবে কাজ করত, এটি শিক্ষক বাতায়ন দ্বারা উল্লেখ করা হয়েছে। তিনি সমাজকর্ম এবং নারী ভোটাধিকার (woman suffrage) এর ক্ষেত্রে একজন প্রভাবশালী নেতা ছিলেন।যুদ্ধ ও শান্তির বিষয়ে তিনি বিশ্বব্যাপী কাজ করেন এবং ১৯৩১ সালে নোবেল শান্তি পুরস্কার জয় করেন।

172) “Social Case Work: A Problem Solving Process”of H. H. Perlman was published in which year? (এইচ. এইচ. পার্লম্যানের “Social Case Work: A Problem Solving Process”কতসালে প্রকাশিত হয়?)

ক) ১৯৬৭ খ) ১৯৫৭ গ) ১৯৫৬ ঘ) ১৯৬৬

উত্তর:-খ

ব্যাখ্যা:- হেলেন হ্যারিস পার্লম্যান ব্যাক্তি সমাজকর্মের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তার রচিত “Social Case Work: A Problem Solving Process””(1957) নামক গ্রন্থের জন্য তিনি অনেক বেশি পরিচিত। এখন পর্যন্ত এ বইটি ১০টিরও বেশি ভাষায় অনূদিত হয়েছে।পার্লম্যানের সংজ্ঞায় উল্লিখিত ৫টি উপাদানকে 5p বলা হয়।

173) Which of the following is a basic method of social work? (নীচের কোনটি সমাজকর্মের মৌলিক পদ্ধতি?)

ক) Social case group (ব্যক্তি সামাজিক দল) খ) Social Action (সামাজিক কার্যক্রম)
গ) Social welfare Administration (সমাজকল্যাণ প্রশাসন) ঘ) Community Organisation (সমষ্টি সংগঠন)

উত্তর:- ক

ব্যাখ্যা:- সমাজকর্মের দুটি প্রধান পদ্ধতি রয়েছে: মৌলিক (প্রাথমিক) পদ্ধতি এবং সহায়ক (মাধ্যমিক) পদ্ধতি। ব্যক্তি সমাজকর্ম, দল সমাজকর্ম এবং সমষ্টি সমাজকর্ম হলো মৌলিক পদ্ধতি, যা সরাসরি ব্যক্তির সমস্যা সমাধানে ব্যবহৃত হয়। অন্যদিকে, সামাজিক গবেষণা, সামাজিক প্রশাসন এবং সামাজিক কার্যক্রম হলো সহায়ক পদ্ধতি, যা মৌলিক পদ্ধতিগুলোকে সমর্থন **করে। ১. মৌলিক পদ্ধতি:এই** পদ্ধতিগুলো সরাসরি ব্যক্তির বা দলের সমস্যা সমাধানের সাথে জড়িত এবং এগুলোই সমাজকর্মের প্রধান কাজের প্রক্রিয়া।

(i) ব্যক্তি সমাজকর্ম:কোনো ব্যক্তি বা তার পরিবারের সমস্যা সমাধানে সরাসরি কাজ করা।

(ii) দল সমাজকর্ম:গঠনমূলক দলীয় অভিজ্ঞতার মাধ্যমে দলীয় সদস্যদের সমস্যা মোকাবিলায় সাহায্য করা।

(iii)সমষ্টি সমাজকর্ম:ব্যক্তি, দল বা সমষ্টির সমস্যা সমাধানে সমষ্টিকে একটি একক হিসেবে বিবেচনা করে কাজ **করা।২.সহায়ক পদ্ধতি:**এই পদ্ধতিগুলো মৌলিক পদ্ধতির কার্যকারিতা বাড়াতে এবং সমাজকর্মের কাজকে আরও সহজ করতে সহায়তা করে। (i)সামাজিক গবেষণা:সমাজের সমস্যা ও তার কারণগুলো জানার জন্য গবেষণা করা।(ii)সামাজিক প্রশাসন:সমাজকর্ম কার্যক্রম পরিচালনার জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা।

(iii)সামাজিক কার্যক্রম:সমাজকর্মের নীতিমালাগুলো বাস্তবে প্রয়োগ ও তার বিস্তার ঘটানো।

174) In the problem solving process of social Case work, What does the word " Referral " mean? (ব্যক্তি সমাজকর্মের সমস্যা সমাধান প্রক্রিয়ায় " Referral " কী বুঝায়?)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

ক) Counselling (উপদেশ) খ) Suggestion (পরামর্শ)
গ) Supervision (তত্ত্বাবধান) ঘ) Station change (প্রতিষ্ঠান পরিবর্তন)

উত্তর:- ঘ)

ব্যাখ্যা:- ব্যক্তি সমাজকর্মের সমস্যা সমাধান প্রক্রিয়া বেশ কয়েকটি ধাপে সম্পাদন হয়।এগুলো হলো:- ১)মনো-সামাজিকঅনুধ্যান(Psycho-SocialStudy)
২)অন্তর্বর্তীকালীন ব্যবস্থা (Prognosis) ৩)সমস্যা নির্ণয়/ Diagnosis(তিন সময়; প্রথমে, মাঝে,ও শেষে) ৪) চিকিৎসা বা সমাধান/ Treatment:-৩ ধরনের:(১.প্রত্যক্ষ সমর্থনমূলক পদ্ধতি, ২. পরোক্ষ বা সংশোধনমূলক পদ্ধতি, ৩. বৈষয়িক সাহায্যদান পদ্ধতি ৫)মূল্যায়ন(Evaluation):- (তিন সময়; প্রথমে, মাঝে,ও শেষে)
৫) সমাপ্তি(Termination) ৬)অনুসরন(Follow-up) ৭)প্রেরণ (Referral):-এখানে প্রেরণ বলতে বিশেষ পরিস্থিতিতে অন্য কোনো বিশেষজ্ঞের কাছে ক্লায়েন্টকে পাঠানো।

175) Which principle of social Case work means unique style of solving problem? (ব্যক্তি সমাজকর্মের কোন নীতিমালাটি সমস্যা সমাধানের প্রতিটি ক্ষেত্রে স্বতন্ত্র?)

ক) Differential principle (প্রভেদক নীতিমালা)
খ) General principle (সাধারণ নীতিমালা)
গ) Principle of self awareness(আত্মসচেতনতার নীতি)
ঘ) Principle of confidentiality(গোপনীয়তার নীতি)

উত্তর:- ক

ব্যাখ্যা:- ব্যক্তি সমাজকর্মের নীতিমালাকে নির্দিষ্টভাবে সংখ্যায় ভাগ না করা হলেও, ব্যক্তি সমাজকর্মের নীতিমালাসমূহকে দুইভাগে ভাগ করা যায়।(০১)ভিন্নধর্মী বা প্রভেদক নীতি:(Special methods followed by social workers based on the situation , nature of problem, need of person)
(০২)সাধারন নীতি: গ্রহন নীতি, যোগাযোগ নীতি, ব্যক্তি স্বাতন্ত্রীকরন নীতি, অংশগ্রহন নীতি, আত্মনিয়ন্ত্রণ নীতি, গোপনীয়তার নীতি, সমাজকর্মীর আত্মসচেতনতার নীতি

176) Who wrote the book" A Changing Psychology in social Case work?" ("A Changing Psychology in social Case work" গ্রন্থটি কে রচনা করেন?)

ক) F. I. Gloud(এফ. আই. গ্লাউড) খ) V.P. Robinson (ভি. পি. রবিনসন)
গ) R. P. Robinson (আর. পি. রবিনসন) ঘ) M. K. Robinson (এম. কে. রবিনসন)

উত্তর:-খ

ব্যাখ্যা:- ব্যক্তি সমাজকর্মে রেপো (Rapport) শব্দটি প্রথম ব্যবহার করেন ভার্জিনিয়া পি. রবিনসন। এর অর্থ পেশাগত সম্পর্ক বা সহানুভূতিশীল সম্পর্ক। তিনি ১৯৩০ সালে রচিত বিখ্যাত গ্রন্থ (A Changing Psychology in Social Case Work) এ র‍্যাপো শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন। ভার্জিনিয়া পি. রবিনসন ছিলেন সামাজিক কাজের ক্ষেত্রে একজন প্রখ্যাত ব্যক্তি, যিনি পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের সামাজিক কাজের স্কুলের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি আট-কাজের ক্ষেত্রে একজন পণ্ডিত ছিলেন এবং সামাজিক কর্মক্ষেত্রে কাজের মনস্তত্ত্বের উপর গুরুত্বপূর্ণ কাজ করেছিলেন।
তিনি সামাজিক কাজের ক্ষেত্রে বহু গুরুত্বপূর্ণ বই লিখেছেন এবং সম্পাদনা করেছেন। তাঁর উল্লেখযোগ্য বইগুলোর মধ্যে রয়েছে "Supervision in Social Case Work" এবং "A Changing Psychology in Social Case Work"।

177) Which is not the feature of profession? (নীচের কোনটি পেশার বৈশিষ্ট্য নয়?)

ক) Special skill (বিশেষ দক্ষতা) খ) Professional organisation (পেশাগত সংগঠন)
গ) Code of ethics (নীতিমালা) ঘ) Social unacceptance (সামাজিক অনীহা)

উত্তর:- ঘ

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা:- পেশার মূল বৈশিষ্ট্যগুলো হলো বিশেষায়িত জ্ঞান ও প্রশিক্ষণ, পেশাগত সংগঠন, নৈতিক মানদণ্ড, সমাজের স্বীকৃতি ও সেবা, এবং অর্থ উপার্জন। এখানে পেশার প্রধান বৈশিষ্ট্যগুলো হলো:(০১)বিশেষায়িত জ্ঞান ও প্রশিক্ষণ (Specialized Knowledge and Training): (০২)পেশাগত সংগঠন (Professional Organization): (০৩)নৈতিক মানদণ্ড (Professional Ethics):(০৪)সমাজের স্বীকৃতি ও সেবা (Social Recognition and Service)

178) Whenever an official fears for his task during official duty, it indicates? (যখন একজন কর্মকর্তা নিজ অফিসিয়াল দায়িত্ব পালন করার ক্ষেত্রে ভয় করে, এটা তার কী নির্দেশ করে??

ক) Code of ethics (নীতিমালা) খ) Professional accountability (পেশাগত দায়বদ্ধতা)
গ) Professional organisation (পেশাগত সংগঠন) ঘ) Transference (স্বচ্ছতা)

উত্তর:-খ

ব্যাখ্যা:- পেশাগত দায়বদ্ধতা বলতে একটি নির্দিষ্ট পেশায় নিযুক্ত থাকার কারণে ব্যক্তির উপর অর্পিত নৈতিক ও আইনি দায়িত্ব বোঝায়, যেখানে পেশাদার জ্ঞান ও দক্ষতা ব্যবহার করে সঠিক ও নৈতিক সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। এর মধ্যে রয়েছে কাজের যথাযথতা, সময়ানুবর্তিতা, সততা, সহকর্মীদের প্রতি শ্রদ্ধা, এবং প্রতিষ্ঠান ও গ্রাহকের প্রতি দায়বদ্ধতা বজায় রাখা।

পেশাগত দায়বদ্ধতার মূল দিকগুলো:(০১)পেশাগত নৈতিকতা মেনে চলা এবং জনগণের প্রতি দায়বদ্ধ থাকা (০২)পেশাগত ক্ষেত্রে নিজের জ্ঞান ও দক্ষতা ক্রমাগত বৃদ্ধি করা এবং তা সঠিকভাবে প্রয়োগ করা। (০৩) অর্পিত দায়িত্বগুলো সময়মতো ও নির্ভুলভাবে সম্পন্ন করা (০৪)কাজের ক্ষেত্রে সততা, নিষ্ঠা এবং বিশ্বস্ততা বজায় রাখা। (০৫)সহকর্মীদের প্রতি শ্রদ্ধাশীল থাকা:(০৬)গোপনীয়তা রক্ষা:

এজন্য উত্তর হবে অপশন "খ"

179) Elizabethan poor law was passed in which year? (এলিজাবেথীয় দরিদ্র আইন কতসালে পাস হয়?)

ক) ১৬০১ খ) ১৬০২ গ) ১৬০৩ ঘ) ১৭০১

উত্তর:- ক

ব্যাখ্যা:- এলিজাবেথীয় দরিদ্র আইন (Elizabethan Poor Law) পাস হয়েছিল ১৬০১ সালে. এটিকে 'পুরাতন দরিদ্র আইন' বা '43তম এলিজাবেথ' (43rd Elizabeth) নামেও পরিচিত এবং এটি ইংল্যান্ড ও ওয়েলসের জন্য একটি দুর্বল আইন ব্যবস্থা তৈরি করেছিল। এই আইনটি ছিল ইংল্যান্ডের দরিদ্র আইনের ইতিহাসে একটি নতুন সংযোজন।

180) First poor law was initiated in which year in England? (ইংল্যান্ডে প্রথম দরিদ্র আইন কতসালে পাস হয়?)

ক) ১৩৪৭ খ) ১৩৪৮ গ) ১৩৪৯ ঘ) ১৪৪৯

উত্তর:- গ

ব্যাখ্যা:- ইংল্যান্ডে প্রথম দরিদ্র আইন ১৩৪৯ সালের Statute of Labourers আইন রাজা তৃতীয় এডওয়ার্ড কর্তৃক পাস হয়েছিল, যা শ্রমিকদের কাজ করতে বাধ্য করা এবং ভিক্ষাবৃত্তি বন্ধ করার লক্ষ্যে প্রণীত হয়েছিল। বিস্তারিত তথ্য:আইনের নাম: Statute of Labourers। প্রণেতা: রাজা তৃতীয় এডওয়ার্ড।উদ্দেশ্য:সক্ষম শ্রমিকদের নিজ নিজ এলাকায় কাজ করতে বাধ্য করা।ভবঘুরেমি ও ভিক্ষাবৃত্তি বন্ধ করা।জনগণকে সক্ষম দরিদ্রদের ভিক্ষা দিতে নিরুৎসাহিত করা।এই আইনটি ইংল্যান্ডের ইতিহাসে প্রথম দরিদ্র আইন হিসেবে পরিচিত।

181) Which is not the characteristic of professional social work? (নীচের কোনটি পেশাদার সমাজকল্যাণের বৈশিষ্ট্য নয়?)

ক) Permanent solution of problem (সমস্যার স্থায়ী সমাধান)
খ) Palliative (উপশমমূলক)
গ) Making people independent (মানুষকে আত্মনির্ভরশীল করে)
ঘ) Modern way of social service (সমাজসেবার আধুনিক পদ্ধতি)

উত্তর:-খ

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

ব্যাখ্যা:- পেশাদার সমাজকল্যাণের বৈশিষ্ট্যগুলোর মধ্যে আছে সুশৃঙ্খল তাত্ত্বিক জ্ঞান, পেশাগত কর্তৃত্ব, পেশাগত নৈতিক মানদণ্ড, পেশাগত সংগঠন, এবং সমাজের স্বীকৃতি। এছাড়াও, পেশাদার সমাজকর্মীরা সেবা প্রদানের জন্য একটি নির্দিষ্ট পদ্ধতি, কৌশল, মূল্যবোধ ও নীতিমালা অনুসরণ করেন এবং এটি একটি উচ্চশিক্ষায়তনিক ও চর্চাভিত্তিক পেশা।পেশাদার সমাজকর্মের অন্যান্য বৈশিষ্ট্যগুলো হলো এটি সমাজসেবার আধুনিক পদ্ধতি, এটি মানুষকে আত্মনির্ভরশীল করে গড়ে তুলে, এটি সমস্যার স্থায়ী সমাধান দেয়। উদাহরণ : পেশাদার সমাজকর্ম অন্যদিকে, ঐতিহ্যবাহী সমাজকর্মের বৈশিষ্ট্য হলো, এটি অস্থায়ী, সমস্যাগ্রস্ত ব্যক্তিকে নির্ভরশীল করে তুলে, এটি উপশমমূলক।যেমন: দানশীলতা, ওয়াকফ ইত্যাদি।

182) In which century, Black death spread? (কোন শতাব্দীতে Black death এর বিস্তার ঘটেছিলো?)

ক) ত্রয়োদশ শতাব্দীতে খ) চতুর্দশ শতাব্দীতে
গ) পঞ্চদশ শতাব্দীতে ঘ) কোনোটিই নয়

উত্তর:-খ

ব্যাখ্যা:- ব্ল্যাক ডেথ ছিল একটি বুবোনিক প্লেগ অতিমারী যা ১৩৪৬ থেকে ১৩৫৩ সাল পর্যন্ত ইউরোপ ও এশিয়ায় সংগঠিত হয়। কেউ কেউ বলে থাকে, এটি আফ্রিকা মহাদেশেও ছড়িয়ে পড়েছিল। মানবসভ্যতার ভয়াবহ মহামারীর তালিকার মধ্যে এটি একটি ; যার ফলে প্রায় ৫ কোটি মানুষ মারা গিয়েছিল, যা সম্ভবত ১৪ শতকের ইউরোপের জনসংখ্যার ৫০%। এটি "Yersinia pestis " নামক ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট এবং মাছি এবং বাতাসের মাধ্যমে ছড়িয়ে পড়ে। এই প্লেগ ধর্মীয়, সামাজিক এবং অর্থনৈতিক উত্থান-পতনের সৃষ্টি করেছিল, যার ইউরোপীয় ইতিহাসের গতিপথে গভীর প্রভাব পড়েছিল।

183) When wasCharity organisation society(COS)established in USA? (আমেরিকায় দান সংগঠন সমিতি কতসালে গঠিত হয়?)

ক) ১৮৬৯ খ) ১৮৬৮ গ) ১৮৬৭ ঘ) ১৮৭৭

উত্তর:- ঘ

ব্যাখ্যা:- ইংল্যান্ডের দান সংগঠন সমিতি (Charity Organisation Society – COS) ১৮৬৯ সালে গঠিত হয়। এই সমিতি পেশাগত সমাজকর্মের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।এই সংগঠনটির পূর্ণ নাম হলো Charity Organisation Society (COS), যা পেশাগত সমাজকর্মের বিকাশে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ ছিল।
এর প্রধান উদ্দেশ্য ছিল Charity বা দান কার্যক্রমকে সুসংগঠিত ও কার্যকর করা এবং সমাজের দারিদ্র্য দূরীকরণে সহায়তা করা। আমেরিকায় এটি ১৮৭৭ সালে প্রতিষ্ঠা লাভ করে।

184) " Paris" indicates in Elizabethan poor law, 1601?(এলিজাবেথান আইন ১৬০১ সালে " প্যারিস" বলতে কী বুঝায়?)

ক) Capital (রাজধানী) খ) Local area (স্থানীয় এলাকা)
গ) Local people (স্থানীয় জনগন) ঘ) Local path (স্থানীয় রাস্তা)

উত্তর:-খ

ব্যাখ্যা:- এলিজাবেথীয় দরিদ্র আইন (Elizabethan Poor Law) পাস হয়েছিল ১৬০১ সালে. এটিকে 'পুরাতন দরিদ্র আইন' বা '43তম এলিজাবেথ' (43rd Elizabeth) নামেও পরিচিত এবং এটি ইংল্যান্ড ও ওয়েলসের জন্য একটি দুর্বল আইন ব্যবস্থা তৈরি করেছিল। এই আইনটি ছিল ইংল্যান্ডের দরিদ্র আইনের ইতিহাসে একটি নতুন সংযোজন। (০১)স্থানীয়ভাবে সেবা প্রদান: **আইনে প্যারিস (এলাকা)** ভিত্তিক দরিদ্রদের সেবা প্রদানের ব্যাপারে গুরুত্বারোপ করা হয়। এর মাধ্যমে স্থানীয় কর্তৃপক্ষ (প্যারিস) এলাকার জনগণের সহায়তায় দরিদ্রদের সাহায্য প্রদানের নীতি গ্রহণ করে। এ প্রসঙ্গে বলা হয়েছে, “It is established the principle that local community had to organize and finance poor relief.”

185) The poor law of 1349 in England was popularly known in which name? (১৩৪৯ সালের ইংল্যান্ডের দরিদ্র আইন কী নামে পরিচিত?)

ক) Statute of Labourers খ) Statute of Poor

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

গ) Statute of underprivileged ঘ) Statute of Disadvantaged

উত্তর:- ক

ব্যাখ্যা:- ইংল্যান্ডে প্রথম দরিদ্র আইন ১৩৪৯ সালের Statute of Labourers বা Ordinance of labourers আইন রাজা তৃতীয় এডওয়ার্ড কর্তৃক পাস হয়েছিল, যা শ্রমিকদের কাজ করতে বাধ্য করা এবং ভিক্ষাবৃত্তি বন্ধ করার লক্ষ্যে প্রণীত হয়েছিল।আইনের নাম: Statute of Labourers। প্রণেতা: রাজা তৃতীয় এডওয়ার্ড।উদ্দেশ্য:সক্ষম শ্রমিকদের নিজ নিজ এলাকায় কাজ করতে বাধ্য করা, ভবঘুরেমি ও ভিক্ষাবৃত্তি বন্ধ করা।জনগণকে সক্ষম দরিদ্রদের ভিক্ষা দিতে নিরুৎসাহিত করা।এই আইনটি ইংল্যান্ডের ইতিহাসে প্রথম দরিদ্র আইন হিসেবে পরিচিত। ১৩৪৯ সালের আইনটি মূলত শ্রমিকদের নিয়ন্ত্রণ করার উপর বেশি গুরুত্ব দিয়েছিল, যেখানে পরবর্তীকালে প্রণীত আইনগুলি দরিদ্রদের বিভিন্ন শ্রেণীতে ভাগ করে তাদের সাহায্য করার উপর মনোযোগ দিয়েছিল।

186) Who is the writer of the book "Dictionary of Management"? ("Dictionary of Management" গ্রন্থটি কে রচনা করেন?)

ক) E. Genn খ) Erina Genn গ) F. Genn ঘ) E. Gerin

উত্তর:- ক

ব্যাখ্যা:- "Dictionary of Management" গ্রন্থটির রচয়িতা বিখ্যাত গবেষক E. Genn। E Genn তাঁর ‘Dictionary of Management’ গ্রন্থে পেশার সংজ্ঞা দিতে গিয়ে বলেন, “Profession is a calling in which one professes to have acquired specialized knowledge which is used either in structing, guiding or advising others.” (অর্থাৎ, পেশা হচ্ছে এমন একটি সেবা যার জন্য একজন পেশাজীবিকে অন্যকে শিক্ষাদান, নির্দেশনা বা উপদেশ প্রদানের জন্য বিশেষায়িত জ্ঞান অর্জন করতে হয়।)

187) Which area was not affected by Black death? (ব্লাক ডেথ কোন অঞ্চলকে প্রভাবিত করতে পারে নি?)

ক) ইউরোপ খ) আমেরিকা গ) এশিয়া ঘ) আফ্রিকা

উত্তর:-খ

ব্যাখ্যা:- ব্লাক ডেথ ছিল একটি বুবোনিক প্লেগ অতিমারী যা ১৩৪৬ থেকে ১৩৫৩ সাল পর্যন্ত ইউরোপ ও এশিয়ায় সংগঠিত হয়। কেউ কেউ বলে থাকে, এটি আফ্রিকা মহাদেশেও ছড়িয়ে পড়েছিল। মানবসভ্যতার ভয়াবহ মহামারীর তালিকার মধ্যে এটি একটি ; যার ফলে প্রায় ৫ কোটি মানুষ মারা গিয়েছিল, যা সম্ভবত ১৪ শতকের ইউরোপের জনসংখ্যার ৫০%। এটি "Yersinia pestis ” নামক ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট এবং মাছি এবং বাতাসের মাধ্যমে ছড়িয়ে পড়ে। এই প্লেগ ধর্মীয়, সামাজিক এবং অর্থনৈতিক উত্থান-পতনের সৃষ্টি করেছিল, যার ইউরোপীয় ইতিহাসের গতিপথে গভীর প্রভাব পড়েছিল। উল্লেখ্য, এটি **আমেরিকায় ছড়ায়** নি।

188) Which article of Bangladesh constitution discusses about the freedom of profession? (বাংলাদেশ সংবিধানের কততম অনুচ্ছেদে পেশার স্বাধীনতার কথা বলা হয়েছে?)

ক) অনুচ্ছেদ -৩৮ খ) অনুচ্ছেদ -৪০ গ) অনুচ্ছেদ -৩৯ ঘ) অনুচ্ছেদ -৪১

উত্তর:-খ

ব্যাখ্যা:- বাংলাদেশের সংবিধানের ৪০ নং অনুচ্ছেদে পেশা বা বৃত্তির স্বাধীনতার কথা বলা হয়েছে। এই অনুচ্ছেদ অনুযায়ী, আইনের দ্বারা আরোপিত যুক্তিসঙ্গত বিধিনিষেধ সাপেক্ষে প্রত্যেক নাগরিকের যে কোনো আইনসঙ্গত পেশা, বৃত্তি, কারবার বা ব্যবসায় পরিচালনার অধিকার থাকবে, যদি তার জন্য নির্ধারিত যোগ্যতা থাকে।অনুচ্ছেদ ৪০-এর মূল বক্তব্য: আইন দ্বারা নির্ধারিত যোগ্যতা থাকলে যে কোনো নাগরিকের আইনসম্মত পেশা বা ব্যবসা করার অধিকার থাকবে। সুতরাং, ৪০ নং অনুচ্ছেদ একজন নাগরিককে তার পছন্দ অনুযায়ী পেশা নির্বাচন ও পরিচালনার স্বাধীনতা দেয়, তবে তা অবশ্যই আইনসম্মত ও যুক্তিসঙ্গত বিধিনিষেধের অধীন হতে হবে।

189) Which event helped to establish Charity organisation society(COS) in USA? (আমেরিকাতে দান সংগঠন সমিতি গড়ে উঠার পিছনে কোন ঘটনা সাহায্য করেছিলো?)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

ক) Economic recession (অর্থনৈতিক মন্দাভাব)
খ) World war(বিশ্ব যুদ্ধ)
গ) American national war(আমেরিকার জাতীয় যুদ্ধ)
ঘ) War with other countries (অন্যান্য দেশের সাথে যুদ্ধ)

উত্তর:- ক

ব্যাখ্যা:-১৮৬১ সালে আমেরিকায় সৃষ্ট গৃহযুদ্ধ মানুষের সামগ্রিক জীবনে ব্যাপক নেতিবাচক প্রভাব বিস্তার করে। ফলে ১৮৭৩ সালে অর্থনৈতিক মন্দার সৃষ্টি হয়। গৃহযুদ্ধের পর ১৮৬৯ সালে মন্দাবস্থা অনেক ব্যক্তিগত, পারিবারিক এবং সমষ্টিগত সমস্যা ও বিশৃঙ্খলা ডেকে আনে। অবস্থার প্রয়োজনে ইংল্যান্ডে ১৮৬৯ সালে প্রতিষ্ঠিত দান সংগঠন সমিতির অনুকরণে আমেরিকাতেও দান সংগঠন আন্দোলন শুরু হয়। ১৮৭৭ সালে আর. এইচ. গার্টিন নিউইয়র্কের বাফেলো শহরে সর্বপ্রথম Charity Organization Societies - COS প্রতিষ্ঠা করেন

190) In Elizabethan poor law, the poor people were classified in how many groups?(**এলিজাবেথীয় দরিদ্র আইনে দরিদ্র জনগনকে কতভাগে ভাগ করা হয়?)**

ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

উত্তর:-খ

ব্যাখ্যা:- এলিজাবেথীয় দরিদ্র আইন (Elizabethan Poor Law) পাস হয়েছিল ১৬০১ সালে. এটিকে 'পুরাতন দরিদ্র আইন' বা '43তম এলিজাবেথ' (43rd Elizabeth) নামেও পরিচিত এবং এটি ইংল্যান্ড ও ওয়েলসের জন্য একটি দুর্বল আইন ব্যবস্থা তৈরি করেছিল। এই আইনটি ছিল ইংল্যান্ডের দরিদ্র আইনের ইতিহাসে একটি নতুন সংযোজন। এ আইনে দরিদ্রদেরকে সক্ষম দরিদ্র, অক্ষম দরিদ্র ও নির্ভরশীল বালক বালিকা **এ তিন** ভাগে বিভক্ত করা হয়।

191) When did NASW formulate the code of ethics of social work profession? (NASW **কতসালে সমাজকর্ম পেশার পেশাগত নীতিমালা প্রণয়ন করে?)**

ক) ১৯৬০ খ) ১৯৫৫ গ) ১৯৬১ ঘ) ১৯৬৩

উত্তর:-খ

ব্যাখ্যা:- NASW বা ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ সোশ্যাল ওয়ার্কার্স(National Association of social workers) প্রতিষ্ঠিত হয় ১৯৫৫ সালের ১ অক্টোবর। সমাজ সেবায় পেশাগত মান উন্নয়ন এবং সমাজ কর্মীদের একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ার লক্ষ্যে এটি প্রতিষ্ঠিত হয়েছিল। এটি প্রতিষ্ঠার মধ্য দিয়ে যুক্তরাষ্ট্রে সমাজসেবাকে আরো পেশাগত এবং সম্মানজনক ভাবে প্রতিষ্ঠিত করার চেষ্টা করা হয়।এই সংগঠনটি সারা পৃথিবীর সমাজকর্ম পেশার পেশাগত সংগঠনের মডেল। এর অন্যতম অর্জন হলো ১৯৬০ সালে সমাজকর্ম পেশার নীতিমালা প্রণয়ন করা।

192) Social group work deals the problem of...? (**দল সমাজকর্ম কার সমস্যা সমাধান করে..?)**

ক) Individual (ব্যক্তি) খ) Group (দল)
গ) Community (সমষ্টি) ঘ) All(সবার)

উত্তর:-খ

ব্যাখ্যা:- দল সমাজকর্ম মূলত এমন সব দল ও গোষ্ঠীর সমস্যা সমাধান করে, যারা নিজেদের সামাজিক ভূমিকা পালনে বা স্বাভাবিক জীবনযাপনে বিভিন্ন প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। এই পদ্ধতি ব্যক্তি, দল ও সমষ্টির সামগ্রিক উন্নয়নে বিশ্বাসী, তাই এটি দলীয় সদস্যদের সামাজিক সমস্যা মোকাবেলা করতে এবং তাদের নিজেদের সমস্যার সমাধানে সক্ষম করে তুলতে সাহায্য করে।

193) Which is not the feature of group? (**কোনটি দলের বৈশিষ্ট্য নয়?)**

ক) work with a goal(একটি লক্ষ্য নিয়ে কাজ করে)
খ) More than one person (একের অধিক লোক)
গ) Integration of work (কাজের সমন্বয়)
ঘ) Single Task (একক কাজ)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

উত্তর:- "ঘ"

ব্যাখ্যা:- সাধারণ অর্থে দল বলতে বোঝায় যখন কিছু মানুষ নির্দিষ্ট কোনো উদ্দেশ্যে একত্রিত হয় এবং তাদের মধ্যে একটি সম্পর্কে তৈরি হয়। দল গঠনের মূলে সুনির্দিষ্ট উদ্দেশ্য থাকে। উদ্দেশ্যবিহীন কোনো জনগোষ্ঠীকে দল বলাযায় না। দলের সদস্যদের মধ্যে থাকবে পারস্পরিক নির্ভরতা ও উদ্দেশ্যের অভিন্নতা সম্পর্কে সচেতনতা। সংগঠিত জীবনযাপন করতে হলে প্রয়োজন দলগত জীবন বা গোষ্ঠী জীবন। পারস্পরিক ভাবের আদান প্রদান, আবেগ ও সংবেদনশীলতা রয়েছে এমন কতিপয় ব্যক্তির সমষ্টিকে গোষ্ঠী বলা হয়। দল হচ্ছে একাধিক ব্যক্তির সমষ্টি যারা একটি স্বীকৃত প্রতিষ্ঠানের মাধ্যমে কর্ম সম্পাদন করে। যথা - পরিবার, রাষ্ট্র, রাজনৈতিক দল ইত্যাদি।দলের কাজ কখনো একক নয়, এটি দলীয়। সেক্ষেত্রে উত্তর অপশন "ঘ"

194) Who wrote the book "What is Social case work "?("What is Social case work "গ্রন্থটি কে রচনা করেন?)

ক) Gisbert　　খ) W. A. Friedlander

গ) Mary richmond　　ঘ) Robert L. Barker

উত্তর:- গ)

ব্যাখ্যা:- "What is Social Case Work" বা "সামাজিক কেস ওয়ার্ক কী" গ্রন্থটি "What is Social Case Work: An Introductory Description" বইটির সংক্ষিপ্ত রুপ। এটি মেরি এলেন রিচমন্ডের লেখা এবং এটি ১৯২২ সালে প্রকাশিত হয়। এই বইটি সামাজিক কেসওয়ার্কের একটি বিস্তৃত সারসংক্ষেপ প্রদান করে, যার মধ্যে ব্যক্তি ও পরিবারের সামাজিক, মানসিক ও অর্থনৈতিক চাহিদা পূরণের জন্য কাজ করা হয়।

মেরি এলেন রিচমন্ড (Mary Ellen Richmond) এর অবদান: মেরি এলেন রিচমন্ডকে সাধারণত আমেরিকায় সামাজিক কেসওয়ার্কের প্রতিষ্ঠাতা হিসেবে বিবেচনা করা হয়।তাঁর রচিত "What is Social Case Work: An Introductory Description" (১৯২২) বইটি সামাজিক কেসওয়ার্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এই গ্রন্থে তিনি ব্যক্তিগত সামাজিক সমস্যা সমাধানের একটি পদ্ধতিগত প্রক্রিয়া তুলে ধরেছেন, যা সমাজকর্মের একটি মৌলিক ভিত্তি।

195) On the basis of income source, which is the classification of social group work agency? (আয়ের ভিত্তিতে নীচের কোনটি দল সমাজকর্ম প্রতিষ্ঠানের শ্রেণিবিভাগ?)

ক) Primary Agency (মুখ্য প্রতিষ্ঠান)　　খ) Secondary Agency(গৌন প্রতিষ্ঠান)

গ) International Agency (আন্তর্জাতিক প্রতিষ্ঠান)　　ঘ) Public Agency (সরকারি প্রতিষ্ঠান)

উত্তর:- ঘ

ব্যাখ্যা:- যেসব Agency বা প্রতিষ্ঠান দল সমাজকর্ম পদ্ধতি অনুশীলনের মাধ্যমে বিভিন্ন দলকে সমস্যা সমাধানের ব্যাপারে সক্ষম করে তুলতে সাহায্য করে সেসব প্রতিষ্ঠানকে দল সমাজকর্ম প্রতিষ্ঠান বলে। আয়ের উৎস বিবেচনায় দল সমাজকর্ম প্রতিষ্ঠানকে দু'ভাগে ভাগ করা যেতে পারে। যথা:

(০১)সরকারি প্রতিষ্ঠান ও (০২)বেসরকারি প্রতিষ্ঠান।

অন্যদিকে, পেশাদারি কর্তৃত্বের ভিত্তিতে দল সমাজকর্ম প্রতিষ্ঠানকে আবার দু'ভাগে ভাগ করা যায়। যেমন- (০১)মুখ্য প্রতিষ্ঠান ও (০২)গৌণ প্রতিষ্ঠান।

সেদিক থেকে উত্তর হবে অপশন "ঘ"

উল্লেখ্য, আন্তর্জাতিক প্রতিষ্ঠান বলে দল সমাজকর্মের কোনো প্রতিষ্ঠান নাই।

196) Who defined social group as the collection of individuals who are assigned to do mutual reciprocity? (কে সামাজিক দলকে ব্যক্তিবর্গের সমষ্টি বলে অভিহিত করেছেন, যারা পারস্পরিক ক্রিয়া -প্রতিক্রিয়ায় নিয়োজিত থাকে?)

ক) এডওয়ার্ড ইউব্যাংক　　খ) জিসবার্ট　　গ) ডব্লিউ স্মল　　ঘ) এইচ. বি. ট্রেকার

উত্তর:-খ

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা:- সামাজিক দলের সংজ্ঞা দিতে গিয়ে সমাজবিজ্ঞানী জিসবার্ট বলেন: "সামাজিক দল হলো কিছুসংখ্যক ব্যক্তির সমষ্টি, যাদের মধ্যে অভিন্ন মূল্যবোধ, রীতিনীতি থাকে এবং তারা একটি নির্দিষ্ট কাঠামোর অধীনে একে অপরের সাথে মিথস্ক্রিয়া বা ক্রিয়া-প্রতিক্রিয়া করে। "

197) Which group can be called as universal group?(কোন দলটিকে সার্বজনীন দল বলে অভিহিত করা যায়?)

ক) Neighbour (প্রতিবেশী) খ) Labour union(শ্রমিক সংঘ)
গ) Political party(রাজনৈতিক দল) ঘ) Teachers Association (শিক্ষক সমিতি)

উত্তর:- ক

ব্যাখ্যা:- প্রাথমিক দলকে সার্বজনীন দল বলে অভিহিত করা হয়। একে অনেকে মুখ্য দল বা প্রত্যক্ষ দলও বলে। সাধারণত যে দলের সম্পর্ক ব্যক্তি থেকে ব্যক্তিতে সরাসরি হয়, তাই সার্বজনীন দল। উদাহরণ : প্রতিবশী, পরিবার, স্কুলবন্ধু ইত্যাদি।

198) When was "Social Group Work: Principle and Practice" published? (কতসালে "Social Group Work: Principle and Practice" প্রকাশিত হয়?)

ক) ১৯১৩ খ) ১৯২৩ গ) ১৯৪৯ ঘ) ১৯৪৭

উত্তর:- গ)

ব্যাখ্যা:- "Social Group Work: Principle and Practice" গ্রন্থটি রচনা করেন উইলসন, জি. (Wilson, G.) এবং রাইল্যান্ড, জি. (Ryland, G.)। এটি একটি গুরুত্বপূর্ণ গ্রন্থ যা সামাজিক গোষ্ঠীগত কাজের নীতি ও অনুশীলন নিয়ে আলোচনা করে, এবং এটি ১৯৪৯ সালে প্রকাশিত হয়েছিল।

199) Who is not famous in the field of Social group work? (দল সমাজকর্মের ক্ষেত্রে বিখ্যাত নয় কে?)

ক) Marry Richmond (ম্যারী রিচমন্ড) খ) Ana L. Does(এনা এল. ডয়েস)
গ) Jane Adams (জেন এডামস) ঘ) G. Konopka(জি. কনপকা)

উত্তর:- ক

ব্যাখ্যা:- দল সমাজকর্ম হলো সমাজকর্মের এমন একটি পদ্ধতি যেখানে একটি দলকে (যেমন — সামাজিক গোষ্ঠী বা সম্প্রদায়) সমস্যা সমাধানের একক হিসেবে ব্যবহার করা হয়। এর মাধ্যমে দলীয় সদস্যদের গঠনমূলক অভিজ্ঞতার মধ্য দিয়ে তাদের সামাজিক ভূমিকা পালন করতে, ব্যক্তি বা দলীয় সমস্যার কার্যকর মোকাবিলা করতে এবং নিজেদের ও সমাজের সামগ্রিক কল্যাণ বৃদ্ধিতে সহায়তা করা হয়।দল সমাজকর্মের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এনা এল ডয়েচ, জেন এডামস, জি কনপকা।

ম্যারী রিচমন্ড হলেন ব্যক্তি সমাজকর্মের জনক।

200) Which is an ingroup?(নীচের কোনটি আন্তঃদল?)

ক) Political party (রাজনৈতিক দল) খ) Family (পরিবার)
গ) Teachers Association (শিক্ষক সমিতি) ঘ) Doctors samitee (ডাক্তার সমিতি)

উত্তর:-খ

ব্যাখ্যা:- সামাজিক দল হলো নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য সংগঠিত কিছু মানুষের সমষ্টি, যারা একে অপরের সাথে পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়ায় জড়িত থাকে। সামাজিক দলের মূল বৈশিষ্ট্য:(০১)দুই বা ততোধিক সদস্য:
(০২)পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া: (০৩)সাধারণ লক্ষ্য: (০৪)পারস্পরিক নির্ভরশীলতা:
উদাহরণ: পরিবার একটি প্রাথমিক সামাজিক দল।

##সমাজবিজ্ঞানী সি এইচ. কুলি সামাজিক দলকে ২ ভাগে ভাগ করেন: (০১) প্রাথমিক বা মুখ্য দল ,(০২) গৌণ বা মাধ্যমিক দল

##মনস্থাত্বিক ও অবস্থানের উপর ভিত্তি করে ডব্লিউ. জি. সামনার সামাজিক দলকে ২ ভাগে ভাগ করেন:- (০১) অন্ত:দল(পরিবার, স্কুল সহপাঠী) (০২)বহি:দল(শিক্ষক সমিতি, রাজনৈতিক দল)

201) Which is not the name of Universal group? (কোনটি সার্বজনীন দলের নাম নয়?)

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লজ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ক) Primary group (প্রাথমিক দল) খ) Indirect group (পরোক্ষ দল)
গ) Direct group (প্রত্যক্ষ দল) ঘ) Main group (মুখ্য দল)

উত্তর:-খ

ব্যাখ্যা:- প্রাথমিক দলকে সার্বজনীন দল বলে অভিহিত করা হয়। একে অনেকে মুখ্য দল বা প্রত্যক্ষ দলও বলে। সাধারণত যে দলের সম্পর্ক ব্যক্তি থেকে ব্যক্তিতে সরাসরি হয়, তাই সার্বজনীন দল। উদাহরণ:-প্রতিবশী, পরিবার, স্কুলবন্ধু ইত্যাদি।

202) When was "What is Social Case Work" published? (কতসালে "What is Social Case Work" প্রকাশিত হয়?)

ক) ১৯২১ খ) ১৯২২ গ) ১৯২৩ ঘ) ১৯২৪

উত্তর:-খ

ব্যাখ্যা:- "What is Social Case Work" বা "সামাজিক কেস ওয়ার্ক কী" গ্রন্থটি "What is Social Case Work: An Introductory Description" বইটির সংক্ষিপ্ত রুপ। এটি মেরি এলেন রিচমন্ডের লেখা এবং এটি ১৯২২ সালে প্রকাশিত হয়। এই বইটি সামাজিক কেসওয়ার্কের একটি বিস্তৃত সারসংক্ষেপ প্রদান করে, যার মধ্যে ব্যক্তি ও পরিবারের সামাজিক, মানসিক ও অর্থনৈতিক চাহিদা পূরণের জন্য কাজ করা হয়।

প্রতিষ্ঠাতা: মেরি এলেন রিচমন্ডকে সাধারণত আমেরিকায় সামাজিক কেসওয়ার্কের প্রতিষ্ঠাতা হিসেবে বিবেচনা করা হয়।তাঁর রচিত "What is Social Case Work: An Introductory Description" (১৯২২) বইটি সামাজিক কেসওয়ার্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এই গ্রন্থে তিনি ব্যক্তিগত সামাজিক সমস্যা সমাধানের একটি পদ্ধতিগত প্রক্রিয়া তুলে ধরেছেন, যা সমাজকর্মের একটি মৌলিক ভিত্তি।

২03) What is safe custody? (নিরাপদ হাজতবাস কী?)

ক) Rehabilitation centre(পুনর্বাসন কেন্দ্র) খ) Correctional service (সংশোধনমূলক সেবা)
গ) Social service (সমাজসেবা) ঘ) None of them.(কোনোটাই নয়)

উত্তর:-খ

ব্যাখ্যা:-সংশোধনমূলক কার্যক্রম হলো কোনো একটি সমস্যা বা অসঙ্গতির মূল কারণ চিহ্নিত করে তা দূর করার জন্য গৃহীত পদক্ষেপ, যাতে ভবিষ্যতে একই সমস্যা আর না ঘটে। এই কার্যক্রমের মূল লক্ষ্য হলো ব্যবসায়িক প্রক্রিয়া বা পদ্ধতির ধারাবাহিক উন্নতি ঘটানো, যেখানে অসঙ্গতি পুনরায় হওয়া রোধ করা হয়।

সংশোধনমূলক কার্যক্রমের মূল উদ্দেশ্য: (01)অসঙ্গতি দূর করা: কোনো সমস্যা বা ত্রুটির মূল কারণ খুঁজে বের করে তা সমাধান করা, (02)পুনরাবৃত্তি রোধ: ভবিষ্যতে যাতে একই ধরনের সমস্যা বা অসঙ্গতি আর না ঘটে, তা নিশ্চিত করা। (03)ধারাবাহিক উন্নতি: প্রতিষ্ঠানের ব্যবসায়িক প্রক্রিয়া বা কার্যপ্রণালীর মান ও কার্যকারিতা বৃদ্ধি করা। উদাহরণ :-(প্রবেশন, প্যারোল, নিরাপদ হাজতবাস,কিশোর আদালত)

২04) When was 1974's Child act firstly enforced in Dhaka as a pilot project?(১৯৭৪ সালের শিশু আইনটি পাইলট প্রকল্প হিসেবে প্রথম ঢাকায় কতসালে কার্যকর করা হয়?)

ক) ১৯৭৫ খ) ১৯৭৬ গ) ১৯৭৭ ঘ) ১৯৭৮

উত্তর:-খ

ব্যাখ্যা:- শিশুদের সুরক্ষা ও সংশোধনের নিমিত্তে ১৯৭৪ সালে প্রথম শিশু আইন প্রণয়ন করা হয়। আইনটি ১৯৭৬ সালের ১১ সেপ্টেম্বর প্রথম ঢাকায় ও পরবর্তীতে ১৯৮০ সালের ১লা জুন থেকে সারা বাংলাদেশে কার্যকর করা হয়। সূত্র :-(উচ্চ মাধ্যমিক সমাজকর্ম: হুমায়ুন কবির)

২05) First child act was initiated in British Bangla in which year? (ব্রিটিশ - বাংলায় প্রথম শিশু আইন কতসালে পাস হয়?)

ক) ১৯২১ খ) ১৯২২ গ) ১৯২৩ ঘ) ১৯২৪

উত্তর:-খ

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা:-বঙ্গীয় শিশু আইন ১৯22 (The Bengal Children Act, 1923) হলো একটি ব্রিটিশ-যুগের আইন যা শিশু অপরাধীদের সংশোধন ও সুরক্ষার উদ্দেশ্যে প্রণীত হয়েছিল, এবং এটি পরবর্তীকালে বাংলাদেশের শিশু অধিকার ও সুরক্ষায় প্রণীত বিভিন্ন আইনের ভিত্তি হিসেবে কাজ করে। এই আইনে শিশুদের অপরাধমূলক কাজে জড়িত হওয়া থেকে নিবৃত্ত করা এবং তাদের পুনর্বাসন ও যত্নের জন্য ব্যবস্থা রাখা হয়েছিল।আইনের উদ্দেশ্য ও কার্যকারিতা:- (01)শিশু অপরাধী সংশোধন: (02)সুরক্ষা ও তত্ত্বাবধান:

২06) In order to get maternal benefit, A worker must work minimum how much time? (মাতৃত্বকালীন সুবিধা পেতে একজন শ্রমিককে সর্বনিম্ন কতদিন ঐ প্রতিষ্ঠানে চাকরি করতে হবে?)

ক) ৬ মাস খ) এক বছর গ) ৪ মাস ঘ) ১৬ মাস

উত্তর:- ক

ব্যাখ্যা:- বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (ধারা ৪৬, ৪৭ এবং বিধি ৩৮) অনুযায়ী, একজন নারী শ্রমিক প্রসবের আগে এবং পরে মোট ১৬ সপ্তাহ (১১২ দিন) মাতৃত্বকালীন সবেতন ছুটি পাওয়ার অধিকারী। এই ছুটির মধ্যে ৮ সপ্তাহ প্রসবের আগে এবং ৮ সপ্তাহ প্রসবের পরে দেওয়া হয়, এবং এই সময়ে শ্রমিক পূর্ণ মজুরি পাওয়ার অধিকার রাখেন। গুরুত্বপূর্ণ বিষয়সমূহ:(১)ছুটির সময়কাল:মোট ১৬ সপ্তাহ বা ১১২ দিন।

(২)ছুটি বণ্টনের নিয়ম:প্রসবের আগে ৮ সপ্তাহ এবং প্রসবের পরে ৮ সপ্তাহ ছুটি দিতে হবে। (৩)বেতন:এই ছুটির সময়কালে শ্রমিক পূর্ণ মজুরি পাওয়ার অধিকারী। (৪)অন্যান্য বিধান:শ্রম আইন ২০০৬ এর ৪৬ ও ৪৭ নম্বর ধারা অনুযায়ী এই ছুটি দেওয়া হয়। (৫) প্রসূতি সুবিধা পাওয়ার জন্য শ্রমিককে প্রতিষ্ঠানে নির্দিষ্ট সময় (সাধারণত ৬ মাস) কাজ করতে হবে।এই ছুটি সর্বোচ্চ দুইবার পাওয়া যায়।এই সময়ে শ্রমিককে কোনো দীর্ঘ বা ভারী কাজ করানো যাবে না।

২07) Which correctional service is not applicable for children? (কোন সংশোধনী সেবাটি শিশুদের সাথে জড়িত নয়?)

ক) Child development centre (শিশু উন্নয়ন কেন্দ্র) খ) Safe custody (নিরাপদ আটকাবাস)

গ) Parole (প্যারোল) ঘ) Juvenile court (কিশোর আদালত)

উত্তর:- গ

ব্যাখ্যা:- প্যারোল (Parole) হলো একটি আইনি ব্যবস্থা, যেখানে একজন কারাবন্দী তার শাস্তির একটি নির্দিষ্ট অংশ ভোগ করার পর কিছু শর্ত মেনে চলার অঙ্গীকার করে সাময়িকভাবে মুক্তি পান। এই শর্তাবলীর মধ্যে নির্দিষ্ট প্যারোল অফিসারের কাছে হাজিরা দেওয়া এবং অন্যান্য আচরণগত নিয়ম পালন করা অন্তর্ভুক্ত থাকে। শর্ত ভঙ্গ করলে বন্দীকে আবার কারাগারে ফেরত পাঠানো হতে পারে।

প্যারোলের মূল বিষয়গুলো: (01)শর্তাধীন মুক্তি: এটি সম্পূর্ণ মুক্তি নয়, বরং নির্দিষ্ট শর্তের অধীনে অস্থায়ী মুক্তি (02)চারিত্রিক সংশোধন: (03)প্যারোল কর্মকর্তা: মুক্তিপ্রাপ্ত ব্যক্তিকে একজন প্যারোল অফিসারের তত্ত্বাবধানে রাখা হয়, যার কাছে তাকে নিয়মিত রিপোর্ট করতে হয়। এখানে স্পষ্ট যে, প্যারোল শুধু প্রাপ্তবয়স্ক অপরাধীদের জন্য সংশোধনী কার্যক্রম।

২08) The main purpose of labour law 2006 is- (২০০৬ সালের শ্রম আইনের মূল লক্ষ্য কী?)

ক) To give punishment for labourer (শ্রমিকদের জন্য শাস্তির ব্যবস্থা করা)

খ) To reform society (সমাজ সংস্কার করা)

গ) To ensure labourers rights (শ্রমিকদের অধিকার নিশ্চিত করা)

ঘ) To educate the labourer(শ্রমিকদের শিক্ষিত করা)

উত্তর:- গ

ব্যাখ্যা:- ২০০৬ সালের বাংলাদেশ শ্রম আইনের মূল লক্ষ্য হলো শ্রমজীবী মানুষের অধিকার ও সুরক্ষার জন্য একটি সামগ্রিক আইন তৈরি করা, যা শ্রমিকের মৌলিক অধিকার নিশ্চিতকরণ, কর্মক্ষেত্রে সুরক্ষা, কাজের পরিস্থিতির উন্নয়ন এবং শিশুশ্রম নিষিদ্ধকরণ। এই আইনের মাধ্যমে মালিক-শ্রমিকের সম্পর্ক, মজুরি, স্বাস্থ্য, নিরাপত্তা, ট্রেড ইউনিয়ন গঠন এবং শিল্প বিরোধ নিষ্পত্তির বিষয়গুলো সুনির্দিষ্ট করা হয়েছে।আইনের প্রধান উদ্দেশ্যগুলো (01শ্রমিকের অধিকার ও সুরক্ষা:

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

(02)শ্রম পরিস্থিতির উন্নয়ন ,03)শিশুশ্রম নিষিদ্ধকরণ: ১৪ বছরের নিচে কোনো শিশুকে কাজে নিয়োগ দেওয়া নিষিদ্ধ করা হয়েছে।

২09) which of the following is a social legislation? (নীচের কোনটি সামাজিক আইন?)

ক) পেনাল কোড, ১৮৬০ খ) ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮

গ) পুলিশ আইন, ১৯৪৩ ঘ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬

উত্তর:- ঘ

ব্যাখ্যা:- সামাজিক আইন হলো সেসব রাষ্ট্রীয় ও সরকারি বিধিবিধান, যা সমাজ থেকে কুপ্রথা ও কুসংস্কার দূর করে, সুবিধাবঞ্চিত ও অবহেলিত মানুষের অধিকার রক্ষা করে এবং সমাজে শৃঙ্খলা ও ভারসাম্য বজায় রেখে জনকল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে প্রণীত হয়। এই আইনগুলো সমাজের স্বাভাবিক গতিধারা বজায় রাখে এবং কাঙ্ক্ষিত উন্নয়নের দিকে সমাজকে পরিচালিত করে। সামাজিক আইনের মূল উদ্দেশ্য ও বৈশিষ্ট্য হলো জনকল্যাণ নিশ্চিত করা, সমাজের সকল মানুষের সুবিধা ও কল্যাণ নিশ্চিত করা সামাজিক আইনের অন্যতম প্রধান লক্ষ্য। উদাহরণ :- বাংলাদেশ শিশু আইন -১৯৭৪

210) which section of Bangladesh Labour law 2006 says about the method of the calculation of wages for labour?

(বাংলাদেশ শ্রম আইন ২০০৬- এর কততম ধারায় শ্রমিকদের মজুরি হিসাবের পদ্ধতি সম্পর্কে বলা হয়েছে?)

ক) ধারা ১৫০ খ) ধারা ১৫১ গ) ধারা ১৫২ ঘ) ধারা ১৫৩

উত্তর:-গ

ব্যাখ্যা:- বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এর ১৫২ ধারায় (অধ্যায় ১৬: ক্ষতিপূরণ) শ্রমিকদের মজুরি হিসাব করার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত বলা হয়েছে।

মজুরি হিসাবের পদ্ধতি (১৫২ ধারার ১-২ উপধারা)

মাসিক মজুরির সংজ্ঞা: মজুরি বলতে এক মাসের কাজের জন্য প্রদেয় পরিমাণ বোঝানো হয়, যা মাসিক ভিত্তিতে, অন্য কোনো সময় ভিত্তিতে বা ঠিকা-হারে হতে পারে।

হিসাবের নিয়ম:ক্ষতিপূরণ প্রদানের জন্য মজুরি হিসাব করার সময়, যে সময়কালে ক্ষতিপূরণ দিতে হবে, তার অব্যবহিত আগের ১২ মাসে শ্রমিক যে মূল মজুরি, মহার্ঘ ভাতা এবং এড-হক মজুরি (যদি থাকে) পেয়েছেন, তার গড় হিসাব করা হবে। এই গড় মজুরিই হবে মাসিক মজুরি।

211) Which of the following is not a juvenile delinquency? (নীচের কোনটি কিশোর অপরাধ নয়?)

ক) Eve teasing (নারী উত্ত্যক্তকরন) খ) Travelling without ticket (টিকেটবিহীন ভ্রমণ)

গ) Picketing (পিকেটিং) ঘ) Social service (সমাজসেবা)

উত্তর:- ঘ

ব্যাখ্যা:-কিশোর অপরাধ বলতে বোঝায় অপরিণত বয়সের (সাধারণত ১৪-১৮ বছর বয়সী) শিশু-কিশোরদের দ্বারা সংঘটিত সমাজের মূল্যবোধ, নিয়মকানুন ও আইনের পরিপন্থী কাজ। দারিদ্র্য, পারিবারিক সমস্যা, অসৎ সঙ্গ, সামাজিক অবক্ষয়, অশিক্ষা এবং বিনোদনের অভাব কিশোর অপরাধের অন্যতম কারণ। চুরি, ছিনতাই, মারামারি, পরীক্ষায় নকল করা, মাদক গ্রহণ ইত্যাদি কিশোর অপরাধের উদাহরণ।

212) Reformatory school act was passed in which year? (রিফরম্যাটরি স্কুল আইন কতসালে পাস হয়?)

ক) ১৮৯৮ খ) ১৮৯৭ গ) ১৮৮৯ ঘ) ১৮৯৬

উত্তর:-খ

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

ব্যাখ্যা:-রিফরম্যাটরি স্কুল আইন ১৮৯৭ সালে পাস হয়। এই আইনের আওতায় ব্রিটিশ শাসনামলে প্রথম স্কুলগামী শিশুদের আচরণ নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হয়। উল্লেখ্য, ১৯৭৪ সালের শিশু আইন হচ্ছে বাংলাদেশের স্বাধীনতা উত্তর সর্বশ্রেষ্ঠ সংযোজন।

213) Which section of Bangladesh Labour law discusses about maternal leave? **(মাতৃত্বকালীন ছুটি নিয়ে বাংলাদেশ শ্রম আইনের কত ধারায় আলোচনা করা হয়েছে?)**

ক) ধারা-৫৪ খ) ধারা-৪১ গ) ধারা-৪৭ ঘ) ধারা-৪৪

উত্তর:-গ

ব্যাখ্যা:-বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (ধারা ৪৬, ৪৭ এবং বিধি ৩৮) অনুযায়ী, একজন নারী শ্রমিক প্রসবের আগে এবং পরে মোট ১৬ সপ্তাহ (১১২ দিন) মাতৃত্বকালীন সবেতন ছুটি পাওয়ার অধিকারী। এই ছুটির মধ্যে ৮ সপ্তাহ প্রসবের আগে এবং ৮ সপ্তাহ প্রসবের পরে দেওয়া হয়, এবং এই সময়ে শ্রমিক পূর্ণ মজুরি পাওয়ার অধিকার রাখেন। গুরুত্বপূর্ণ বিষয়সমূহ:(১)ছুটির সময়কাল:মোট ১৬ সপ্তাহ বা ১১২ দিন। (২)ছুটি বণ্টনের নিয়ম: প্রসবের আগে ৮ সপ্তাহ এবং প্রসবের পরে ৮ সপ্তাহ ছুটি দিতে হবে। (৩)বেতন: এই ছুটির সময়কালে শ্রমিক পূর্ণ মজুরি পাওয়ার অধিকারী। (৪)অন্যান্য বিধান:শ্রম আইন ২০০৬ এর ৪৬ ও ৪৭ নম্বর ধারা অনুযায়ী এই ছুটি দেওয়া হয়। (৫) প্রসূতি সুবিধা পাওয়ার জন্য শ্রমিককে প্রতিষ্ঠানে নির্দিষ্ট সময়(সাধারণত ৬ মাস) কাজ করতে হবে। এই ছুটি সর্বোচ্চ দুইবার পাওয়া যায়।

214) Which day is observed as international workers day?**(কোন দিনটিকে আন্তর্জাতিক শ্রমিক দিবস হিসেবে পালন করা হয়?)**

ক) ১ মে খ) ২ মে গ) ৩ মে ঘ) ৪ মে

উত্তর:- ক

ব্যাখ্যা:- আন্তর্জাতিক শ্রমিক দিবস প্রতি বছর ১ মে তারিখে পালিত হয়, যা মে দিবস বা শ্রমিক দিবস নামেও পরিচিত। এই দিনটি শ্রমিকদের ঐতিহাসিক সংগ্রাম, ত্যাগ এবং অধিকার আদায়ের প্রতীক হিসেবে বিশ্বজুড়ে শ্রমজীবী মানুষেরা উদযাপন করে। শিল্প বিপ্লবের সময়ে শ্রমিকদের কর্মঘণ্টা কমিয়ে এনে আট ঘণ্টা কর্মদিবসের দাবিতে ব্যাপক আন্দোলন শুরু হয়। ১৮৮৬ সালের ১লা মে যুক্তরাষ্ট্রের শিকাগো শহরে শ্রমিকেরা ৮ ঘণ্টা কর্মদিবসের দাবিতে আন্দোলন শুরু করলে পুলিশি বাধায় অনেক শ্রমিক নিহত হন।

আন্তর্জাতিক স্বীকৃতি: (এই ঘটনার পর, ১৮৮৯ সালে প্যারিসে দ্বিতীয় আন্তর্জাতিক শ্রমিক সম্মেলনে ১ মে দিনটিকে আন্তর্জাতিক শ্রমিক দিবস হিসেবে ঘোষণা করা হয়।

215) In 1980's dowry prohibition act, the highest punishment was- **(১৯৮০ সালের যৌতুক নিরোধ আইন অনুযায়ী, যৌতুক দাবির সর্বোচ্চ শাস্তি কতো টাকা ছিলো?)**

ক) ৫০,০০০ টাকা খ) ৫০০০ টাকা গ) ২৫০০০টাকা ঘ) ১০,০০০ টাকা

[উত্তর:-খ] ব্যাখ্যা:-১৯৮০ সালের যৌতুক নিরোধ আইনে (Dowry Prohibition Act, 1980) যৌতুক গ্রহণ ও প্রদানকে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হয়েছিল। এই আইনে যৌতুক চাওয়া বা গ্রহণ করলে এক বছর পর্যন্ত কারাদণ্ড, জরিমানা অথবা উভয় দণ্ডে দণ্ডিত করার বিধান ছিল। তবে বর্তমানে বাংলাদেশ সরকার যৌতুক নিরোধ আইন, ২০১৮ এর মাধ্যমে এই আইনের বিধানগুলো আরও কঠোর করেছে।

আইনের মূল বিষয়বস্তু: (এই আইনের অধীনে যৌতুক গ্রহণ, প্রদান বা যৌতুকের জন্য প্ররোচনা দেওয়া শাস্তিযোগ্য অপরাধ)শাস্তি: (১৯৮০ সালের আইনে যৌতুক গ্রহণ বা প্রদানকারীকে সর্বোচ্চ এক বছর কারাদণ্ড বা সর্বোচ্চ পাঁচ হাজার টাকা জরিমানা অথবা উভয় দণ্ডে দণ্ডিত করার বিধান ছিল)

216) From when, 1974's child act was enforced in whole Bangladesh? **(১৯৭৪ সালের শিশু আইনটি সারা বাংলাদেশে কতসালে কার্যকর করা হয়?)**

ক) ১৯৮০ খ) ১৯৭৮ গ) ১৯৭৯ ঘ) ১৯৮১

উত্তর:- ক

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা:- শিশুদের সুরক্ষা ও সংশোধনের নিমিত্তে ১৯৭৪ সালে প্রথম শিশু আইন প্রণয়ন করা হয়। আইনটি ১৯৭৬ সালের ১১ সেপ্টেম্বর প্রথম ঢাকায় ও পরবর্তীতে ১৯৮০ সালের ১লা জুন থেকে সারা বাংলাদেশে কার্যকর করা হয়। সূত্র :-(উচ্চ মাধ্যমিক সমাজকর্ম: হুমায়ুন কবির)

বিসিএস সমাজকর্মের শেষ মুহূর্তের প্রস্তুতি নির্দেশনা

(০১.) অধ্যায়ভিত্তিক তিন স্টারবিশিষ্ট টপিকগুলো অগ্রাধিকার দিন

প্রতিটি অধ্যায়ে বিশেষ কিছু টপিককে বেশি গুরুত্বপূর্ণ বলা হয়েছে। এগুলো গুরুত্ব দিয়ে পড়ুন।
প্রয়োজনে রেফারেন্স বইয়ের সহযোগিতা নেন।
লাইভ MCQ প্রদত্ত শীটগুলো টেবিলের ফ্রন্টে রাখুন।
সবচেয়ে গুরুত্বপূর্ণ টপিকগুলোর সকল তথ্য বারংবার পড়ে মুখস্থ করে ফেলুন।
এবার শীটের পাশাপাশি সবচেয়ে গুরুত্বপূর্ন টপিকগুলো রেফারেন্স বইয়ের চাপ্টার চোখ বুলিয়ে নেন।
লাইভ MCQ প্রদত্ত সকল পরীক্ষায় আসা প্রশ্নগুলো দয়া করে ব্যাখ্যাসহ বারবার পড়েন।

(০২) পড়াশোনার কৌশল

MCQ অনুশীলন বেশি বেশি করুন।
তথ্যভিত্তিক প্রশ্নগুলো বারবার বিভিন্ন কৌশল প্রয়োগ করে রপ্ত করুন
উত্তরপত্র নিয়ে পরীক্ষার হলে কমন আসা প্রশ্নের কনফিউশন দূর করার সহজ উপায় হলো বারবার রিভাইজ দেওয়া।
প্রতিদিন কমপক্ষে ২ সেট লাইভ MCQ প্রদত্ত পরীক্ষায় আসা প্রশ্নগুলো ব্যাখ্যাসহ পড়েন।
পরীক্ষার পূর্বেই যেন কম্পেন্ডিয়ামসহ বিগত সকল স্টাডি ম্যাটেরিয়ালসগুলো কমপক্ষে ২-৩ বার রিভাইজ দেওয়া হয়, তা নিশ্চিত করেন
সবসময় রেফারেনস্ বইগুলো সাথে রাখুন ও কনফিউশন তৈরি হলেই চোখ বুলিয়ে আসুন বইয়ের অধ্যায়গুলো।

(০৩) গুরুত্বপূর্ণ কিছু বই/রেফারেন্স বই

NCTB অনুমোদিত একাদশ- দ্বাদশের ১ম ও ২য় পত্র মূলবই(অক্ষরপত্র প্রকাশনী: হুমায়ুন কবীর/ গ্রন্থকুটির; শহীদুল্লাহ)। উল্লেখ্য, দুটি একসাথে হলে আরও ভালো।
"সমাজকর্মের ইতিহাস ও দর্শন";- আতিকুর রহমান/ শহীদুল্লাহ

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রদত্ত তথ্য(যেমন: বিআরডিবি, সমাজকল্যাণ মণ্ত্রণালয়, সমাজসেবা অধিদফতর ইত্যাদি।

বাংলাদেশ সংবিধান

বিভিন্ন আন্তর্জাতিক সংগঠনের ওয়েবসাইটে থাকা তথ্যাবলি।

- The End -

Warnning: Live MCQ™ -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ!
Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322